INDEX

10th March, 1965.

11th March, 1965.

12th March, 1965.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

March 10, 1965.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Wednesday, the 10th March, 1965.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair, the Chief Minister, the Development Minister, three Deputy Ministers, the Deputy Speaker and twenty three Members.

Mr. Speaker :—I hope the Hon'ble Members have all got the list of Business for to-day. First item on the list of Business to-day is questions. First I take up the Starred Questions. I would call on Shri Aghore Deb Barma. He is absent. Then I would call on Shri Sunil Kumar Choudhury.

Shri Sunil Kumar Choudhury :—Question No. 5.

Shri Sachindra Lal Singh :—Hon'ble Speaker, Sir,—
(Chief Minister)

Question.		Answer	
a)	Total number of land acquisition cases in which compensation could not be paid yet though possession of land has already been taken for public purposes ;	a)	2
b)	Total number of such cases before 1962 ;	b)	Nil.
c)	Whether there has been delay in making payment of compensation in the above cases ;	c)	Yes.
d)	If so, the reasons therefor.	d)	Due to procedural causes.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে উদ্বাস্তুদের রিহেবিলিটেশনের জন্য যে সমস্ত জমি অ্যাকুইজিশন করা হয়েছিল তার সমস্ত জমির ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—I demand notice of it.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কৈলাসহর, কুমারঘাট রাস্তার জন্য ১৯৫৭ সালে যে সমস্ত জমি নেওয়া হয়েছিল সে সমস্ত জমির কমপেনসেশান এখনও দেওয়া হচ্ছে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—I demand notice of it.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে অনেক ক্ষেত্রেতে এই কম্পেনসেশান সাবডিভিশনাল হেডকোয়ার্টারে পাঠানো হয় না বলে কম্পেনসেশান নিতে খুবই অসুবিধা হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—I demand notice.

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আমাদের যে রুলস্ তার ৪১ ধারাতে 'ম্যানার অব আনসারিং কোয়েশ্চান' উপর একটা প্রভিশান আছে। সেখানে বলা হয়েছে যে—'A question shall be replied on the date on which it is listed. If the information required by the member is not available, the Minister shall state the position accordingly, and the Speaker may allow such further time as he may under the circumstances deem proper and fix a date for the answer.' কাজেই আমাদের যে রুলস্ তাতে বলেছে যে জবাবটা সেদিনই দিতে হবে এবং যদি না দিতে পারেন তাহলে সময় নেবেন এবং সেই সময়টা কবে হবে সেটা স্পীকার ফিক্স আপ করে দেবেন। কাজেই 'আই ডিমাণ্ড নোটিশ' নিয়ে একটা ইনডেফিনিট টাইম নেওয়ার প্রশ্ন আমাদের রুলসে নেই। That is my point of order.

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—কাজেই ১৯৫৭ এর যে কথা বলা হচ্ছে......

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমি একটা কোয়েশ্চান raise করেছি, স্পীকার এটার আন্সার দিবেন। এখানে স্পীকার একটা ডেইট ফিক্স আপ করে দেবেন। 'আই ডিমাণ্ড নোটিশ' বলে একটা ধামা চাপা দেওয়ার কোন স্কোপ নেই।

Mr. Speaker :—Yes, the decision I am giving. Question shall be replied on the dates on which it is listed. That is regarding question. A Minister cannot anticipate number or type of supplementaries that can be brought before the House. So, if he is not in a position to answer he cannot be compelled. Then there is another ruling too. 'A member of Government cannot be compelled to satisfy by his answer any particular member. A member of Government is at liberty to give any answer he considers appropriate.'

Shri Atiqul Islam :—He cannot say 'I demand notice' ; he is to answer.

Mr. Speaker :—He has answered the main question put. You can very easily understand as there may be coming a large number of supplementaries. So the Hon'ble Minister concerned may not be in a position to give ready made answer to all supplementaries.........

Shri Nripendra Chakraborty :—But it is a supplementary question.

Shri Atiqul Islam :—No Sir, এখানে বলা আছে যে 'the Speaker may allow such further time as he may under the circumstances deem proper—'

Mr. Speaker :—As regards answer I would agree with the Hon'ble member to that extent that to every supplementaries notice should not be demanded. Some may be answered and others which cannot be answered—(Interruption), may be replied later on.

Shri Krishnadas Bhattacherjee :—Mr. Speaker, Sir, this question is of general nature whereas the supplementaries are of different nature.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—মাননীয় স্পীকার, স্যার, মাননীয় সদস্য বলেছেন যে এটা রেলিভ্যান্ট কিনা। এখানে আমার question আছে whether there has been delay in making payment এবং আমি সাপ্লিমেণ্টারী করেছি যে সাব-ডিভিশন্যাল হেডকোয়ার্টারে টাকা দেওয়া হয় না বলে compensation

payment এ ডিলে হচ্ছে। এখানে চীফ মিনিষ্টারের একথা বলার কোন প্রয়োজন ছিল না যে 'আই ডিমাণ্ড নোটিশ'। দেওয়া হয় কিনা that much information we can expect from the Chief Minister.

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—দেওয়া হয়।

Shri Nripendra Chakraborty :—That he should have said. That perhaps the Chief Minister should have said, যে দেওয়া হয়।

Shri S. L. Singh (Chief Minister) :—I have given reply. বলাই হয়েছে যে due to procedural causes. I have given answer to question—whether there has been delay in making payment of compensation in the above cases? Yes. Q.—If so, the reasons therefor ?—Due to procedural causes. I have given clear-cut answer.

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমি জান্‌তে পারি কি প্রোসিডিউর‍্যাল ব্যাপারে কি কি ট্রাবলস্ দেখা দেয়, সেটা আমরা জানতে পারি কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—All the procedures should be observed.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সিটিজেনশিপ ডকুমেন্টস প্রোডিউস না করার জন্য অনেক ক্ষেত্রেতে টাকা আটকে রাখা হয় কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—Due to procedural causes, not only for Citizenship certificate.

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ক্ষতিপূরণ পেতে হলে নাগরিকত্ব প্রমাণ করতে হয় কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—মাননীয় স্পীকার মহোদয়, আমি তার উত্তর দিয়েছি যে কেবল মাত্র সিটিজেনসিপ নয় আরো অনেক কিছু চাওয়া হয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় স্পীকার স্যার, আমার একটা স্পেসিফিক জবাবে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন সেটা না। আমার কোয়েশ্চানটা ছিল যে জমির ক্ষতিপুরণ পেতে হলে পরে তাকে নাগরিকত্ব প্রমাণ করতে হয় কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—সর্বক্ষেত্রে সেইটা হয় না। Detailed ইনফরমেশন দিতে হলে I demand notice for it.

শ্রীআতিকুল ইসলাম ঃ—জমির ক্ষতিপূরণ পেতে হলে সিটিজেনসিপ চাওয়া হয় কিনা আমার প্রশ্ন হচ্ছে শুধু এইটুকু।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—It is not known to me.

শ্রীআতিকুল ইসলাম ঃ—কোন্ কোন্ ক্ষেত্রে চাওয়া হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—It is not known to us.

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে নাগরিকত্ব প্রমাণ করতে পারছেনা বলে বহু টাকা আটকে পড়ে আছে, compensation দেওয়া যাচ্ছে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—It is not known to us.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে জোতদার এবং আণ্ডার রায়তদের মধ্যে এই টাকার ভাগাভাগির ব্যাপারে dispute হওয়াতে বহু ক্ষেত্রেতে টাকা— কম্পেনসেশানের টাকা আটকে পড়ে আছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আগেই বলেছি Due to procedural causes, for these reasons of procedural causes. আগেই তা বলা হয়েছে। All the procedures should be observed.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় এই টাকা ভাগাভাগির ব্যাপারে অ্যাকুইজিশন অথরিটি কি প্রসিডিউর অবলম্বন করেন সেটা অবগত আছেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—All the procedures are not known to me.

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কি প্রসিডিউর অবজার্ভ করা হয় এবং সেটা হাউসে তিনি পেশ করবেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—For that reason I demand notice.

শ্রীআতিকুল ইসলাম ঃ— আমার প্রশ্ন হল যে, যে প্রসিডিউর অবজার্ভ করা হয় সেটা হাউসের অধিবেশন চলাকালীন জানাবেন কিনা ?

Shri S. L. Singh :— I demand notice.

শ্রীআতিকুল ইসলাম ঃ— ডিমাণ্ড নোটিশের প্রশ্ন হচ্ছেনা। কি কি প্রসিডিউর অবজার্ভ করা হয় সেটা তাঁরা এই হাউসের অধিবেশন চলাকালীন আমাদের জানাতে পারেন কিনা ?

Mr. Speaker:—It is not perhaps possible for the Minister to know all procedures. But whether he will see that those procedures are placed before the House.

Shri Atiqul Islam :—During this Session.

Shri S. L. Singh :— During this Session it is not possible.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে কম্পেনসেশান দেওয়ার ব্যাপারটা, এবং প্রসিডিউরটার যে সমস্ত অসুবিধা আছে সেগুলি রি-একজামিন করতে রাজী আছেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ- I could not follow that. প্রথমতঃ হল সব প্রসিডিউরস্ আমার জানা নেই। তারপর আমি হাউসের সামনে বলেছি সব প্রসিডিউরগুলি না দেখে আমি কি করে বলব যে আমরা সেগুলি re-examine করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবে বলেছেন যে, কতগুলো ক্ষেত্রেতে বলা হচ্ছে যে সেই ডিলের কতকগুলি প্রসিডিউর‍্যাল কারণ আছে। সেগুলি রি-একজামিন করতে রাজী আছেন কিনা, যে কি কি কারণ এবং কি কি বটলনেক্স আছে, সেটা কি করে remove করা যায়, সেটা রি-একজামিন করতে রাজী আছেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ-- It is always examined. It is always examined.

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় স্পীকার স্যার, পয়েন্ট অব অর্ডার। Is there any limit to supplementary question.

Mr. Speaker :—No, No limit.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় স্পীকার স্যার, আমার একটা question ছিল নাম্বার ১৪৯।

Mr. Speaker :-- This is not your time.

Mr. Speaker—I would now call on Shri Nripendra Chakraborti.

Shri Nripendra Chakraborty:—Question No. 76.

Shri S. L. Singh :—Hon'ble Speaker Sir, Question No. 76.

Question.	Answer.
(a) Total number of Govt. Bazars in Tripura;	(a) 54.
(b) total number of private Bazars;	(b) 141.
(c) total number of private bazars taken up by the Govt. under Tripura Land Revenue & Land Reforms Act, 1960;	(c) Rs. 55,795.00 in the year 1963-64 and Rs. 85, 778.00 in 1964-65.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, যে সমস্ত প্রাইভেট বাজারের রাইটস্‌গুলি ভেষ্টেড হচ্ছে গভর্ণমেন্টের উপরে, সেই বাজারগুলি এখন পর্যন্ত কেন পুরাপুরি লওয়া হচ্ছে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—এখন কেবল মাত্র attestation হয়ে গেছে কিন্তু ল্যাণ্ড রেভিনিউ এবং ল্যাণ্ড রিফরমস্‌ এর যে Act আছে, তার নিয়ম কানুন আছে সেটা পুরাপুরি কার্য্যকরী না হওয়া পর্যন্ত এগুলি নেওয়া যায় না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন যে যেখানে ফাইন্যাল পাব্‌লি-কেশান হয়ে গেছে সেখানে এই বাজারগুলি সব নেওয়া হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—তার উত্তর আগেই দেওয়া হয়ে গেছে। এটেস্‌টেশন হয়ে গেছে এবং ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস Act অনুযায়ী কতটুকু জমি কে রিটেইন্‌ করতে পারবে তা ধার্য্য না হওয়া পর্য্যন্ত এটা বলা যায় না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—আমার প্রশ্নের জবাব হল না, এটেষ্টেশান আর ফাইন্যাল পাব্‌লিকেশান এক কথা নয়। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ফাইন্যাল পাব্‌লিকেশান হওয়ার পরেও বাজারগুলি কেন টেক ওভার করা হচ্ছে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আগেই বলা হয়েছে ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস এক্‌ট অনুসারে যেটা করা দরকার, জমি রিটেনশনের জন্য যা যা করা দরকার, জমি বিলি ব্যবস্থার জন্য যা করা দরকার সেইগুলি শেষ না হওয়া পর্য্যন্ত সেইটা বলা ইম্পসিবল।

শ্রীআতিকুল ইসলাম :— এটাতো প্রশ্ন নয় ; প্রশ্ন হচ্ছে ফাইন্যাল পাব্‌লিকেশান যেসব ডিভি-শানে হয়ে গেছে সে সব জায়গাতে বাজারগুলি নেওয়া হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেইটা হল সার্ভে ফাইনেলিজেশন, নট ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস্‌।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— ফাইন্যাল পাব্‌লিকেশান ইজ নট সার্ভে finalisation. ফাইন্যাল পাব্‌লিকেশনের পরে আর ল্যাণ্ড acts এ ফারদার আর কিছু নেই। দ্যাট ইজ দি ফাইন্যাল ষ্টেজ অব দি সার্ভে সেটেলমেণ্ট অফিস, দ্যাট ইজ দি ফাইন্যাল ষ্টেজ।

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে গভর্ণমেণ্ট বাজারের মধ্যে প্রাইভেট লোককে ভিটা ভাড়া দেওয়া হয় কিনা? মানে সেটেলমেণ্ট দেওয়া হয় কিনা?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আগেই উত্তরের মধ্যে বলা হয়েছে যে যতক্ষণ পর্য্যন্ত না ফাইন্যাল attestation হয়ে গেছে, গেজেটেড হয়ে গেছে, ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্ম্স act অনুসারে সমস্ত জমি চলে এসেছে ততক্ষণ পর্য্যন্ত কে কতটুকু জমি রাখতে পারে সেটা ঠিক করা যায় না। সেইটা যতক্ষণ না হচ্ছে যদি কেহ বেশী রাখতে চায় তাকে সম্যকভাবে বন্দোবস্ত করতে হবে। তবে এখনই হচ্ছে কিনা সেইটা এখন উত্তর দেওয়া আমার পক্ষে সম্পূর্ণ অসম্ভব। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি এই কথা বলবেন যে সমস্ত গভর্ণমেণ্ট মারকেটের মধ্যে প্রাইভেট সেটেলমেণ্ট দেওয়া জমি আছে, সেগুলি গভর্ণমেণ্ট নিয়ে নিবেন? যেমন তেলিয়ামুড়াতে বা কৈলাসহরে এইরকম আছে বা গভর্ণমেণ্টের বাজারের মধ্যে কিছু প্রাইভেট জমি আছে সেগুলি গভর্ণমেণ্ট নিয়ে নেবে এই প্রতিশ্রুতি কি মাননীয় মন্ত্রী মহাশয় দেবেন?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এই হাউসের মধ্যে সব কিছু বলা সম্পূর্ণ অসম্ভব। সে যদি তার সিলিং অনুসারে সেই জমি রেখে থাকে আমরা নিতে পারি না। সিলিং এর বাহিরে যদি জমি থাকে; সে ১০ কানি হউক, ১০ দ্রোনই হউক, জমি যদি থাকে তবে সেই জমি থাকবে কিনা ইট ডিপেণ্ডস অন হিজ কারদার ল্যাণ্ড।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে এই যে তিনি হিসাব দিলেন টাকা ই কাম হয়েছে এই বাজারগুলিতে—গভর্ণমেণ্টের বাজারগুলিতে কত টাকা খরচ হয়েছে ডেভেলাপ-মেণ্টের জন্য?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আই ডিমাণ্ড নোটীশ ফর ইট।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে বাজারের মধ্যে যেখানে যতগুলি বাজার আছে ইমপ্রুভমেণ্টের জন্য সেগুলি অ্যাকোয়ার করার কোন পরিকল্পনা গভর্ণমেণ্টের আছে কিনা?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— তার উত্তর আগেই দেওয়া হয়েছে। যদি সিলিং এর বাহিরে থাকে—এটা আইনানুগ সমস্যা, এখানে আইনানুগ সমস্যা আছে। অতএব সেইটা অনুধাবন না করে হাউসের সামনে বলতে পারব না।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় স্পীকার স্যার, আমার প্রশ্নের সিলিংএর সাথে কোন সম্পর্ক নাই কারণ সিলিং ছাড়াও তো আমরা অ্যাকোয়ার করে থাকি ফর রিহেবিলিটেশন, ফর রোড্ কন্‌ষ্ট্রাকশন, আমরা জমি অ্যাকোয়ার করে থাকি, তার সঙ্গে সিলিংএর কোন সম্পর্ক নাই। আমার কথাটা হল বাজারের মধ্যে অনেক জমি আছে, যেমন বিশালগড়ে আছে সোনামুড়ায় আছে, এবং উদয়পুরে আছে। এখন কথা হল বাজারের মধ্যেই অনেক জায়গা আছে এগুলি ইম্প্রুভমেণ্ট করতে হলে পরে সেটা আমার নেওয়া দরকার। এখন গভর্ণমেণ্ট সেটা নেবেন কিনা তার সঙ্গে সিলিংএর কি সম্পর্ক? এগুলি তো অ্যানসার হয় না স্যার, এগুলি তো অ্যানসার হল না।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সিলিং এর সাথে এর সম্পর্ক আছে এই কথাটা অনেক বার বলা হল।

Mr. Speaker :— You have put the question in your own way and the Hon'ble Minister has given answer in his own way. There is no instrument of compulsion.

শ্রীসুনীল দত্ত ঃ— কমলপুর সাব-ডিভিশানে দুটি বাজার—একটা আমবাসা আর একটা কুলাই বাজার। এই দুইটা বাজার সরকারের গ্রহণ কবার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেইটা আগেই বলা হয়েছে যে সিলিং অনুসারে এবং আইন অনুসারে যদি আমরা পারি তবে আমরা নেবো। কিন্তু আইন অনুসারে যদি কোন অন্তরায় দাঁড়ায় তবে সেটা নেওয়া অসম্ভব হবে।

Mr. Speaker :— I would now call on Shri Promode Ranjan Das Gupta.

Shri P. R. Das Gupta :--- No. 146.

Shri Sachindra Lal Singh :---

Question.	Answer.
(a) Whether it is a fact that the works for the black topping of Agartala Simna Road for 17 miles was distributed during 1961-62 ;	No. A part of the total works only was distributed in 61-62.
(b) Whether it is a fact that due to the callousness of the Department concerned the said works have not yet been completed ;	No.
(c) If so, what step the Govt. have taken against the defaulting contractors and the Officer concerned ;	Does not arise.
(d) Whether the Government are in a position to assure the House that the work will be completed in the current financial year ?	No. The work is scheduled to be completed during the next financial year as per plan programme.

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ইলেকট্রিক হাউস কন্ট্রাকটার কন্‌ডেম্‌ড ব্রিকস দেওয়ার দরুন সেই কাজ ইনকমপ্লিট রয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ - এই সম্পর্কে আগেই বলা হয়েছে যেটা ব্রড প্রশ্ন করা হয়েছিল সেটা হল, ১৭ মাইল রাস্তা ডিসট্রিবিউট করা হয়েছিল কিনা ? তার সাথে সমস্ত প্রশ্নগুলি ছাড়া সেখানে উত্তরে বলা হয়েছে যে সমস্তটা দেওয়া হয়নি। অতএব সেইটা সেই জায়গ তে পড়েছে কিনা তা তো বলতে পারবোনা। তা আলাদা ওয়ার্ক হতে পারে।

শ্রীপ্রমোদরঞ্জন দাশগুপ্ত ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ১০ মাইল থেকে ১২ মাইল পর্য্যন্ত যে রাস্তা যেটা ইলেকট্রিক হাউসকে দেওয়া হয়েছিল সেটা কন্‌ডেমণ্ড ব্রিকস দেওয়ার জন্য আজ পর্য্যন্ত নকমপ্লিট অবস্থায় পড়ে রয়েছে।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আগেই বলা হয়েছে, এই প্রশ্নের সাথে জড়িত হল সিমনা থেকে আগরতলা পর্য্যন্ত ১৭ মাইল রাস্তা সেই রাস্ত সম্যক দেওয়া হয় নি। অতএব যে পর্য্যন্ত দেওয়া হয়েছে সেইটা ছাড়া আর কিছু সঠিক করে বলা যাবে না। এর বাইরে বলতে হলে আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় মন্ত্রী মহাশয় কোন্ কোন্ কনট্রাকটারকে দেওয়া হয়েছে তার নাম জানাবেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আই ডিমাণ্ড নোটিশ ফর ইট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় মন্ত্রী মহাশয় একথা জানাবেন কি যে ইলেক্‌ট্রিক হাউসকে কোন portion কনট্রাকট দেওয়া হয়েছে কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আই ডিমাণ্ড নোটিশ ফর ইট।

Mr. Speaker :— I would call on Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— Question No. 148.

Shri S. L. Singh :—

Question.	Answer.
a) Whether there was any revenue rate in force at commencement of the Tripura Land Revenue & Land Reforms Act, 1960 ;	a) Yes, in surveyed areas only. But not on rational & classification-wise basis and not in entire Tripura.
b) Whether the revenue rates as enhanced or increased after the present survey operation are not in conformity with the section 40 of the Tripura Land Revenue and Land Reforms Act, 1960 read with rule 48(ii) of the Tripura Land Revenue & Land Refoıms Rules, 1961 ;	b) Does not arise. Rule 48 has been prescribed u/s 37 and has no bearing with section 40.
c) If so, whether the Govt. feel necessity for re-fixation of revenue rates in the light of the above mentioned section and rule of the said Act and rules ?	c) Does not arise.

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে রেশন্যাল ক্লাসিফিকেশন বলতে তিনি কি বুঝাচ্ছেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— Rational & classification বলতে cadastral survey হয়েছে কি না ? Cadastral survey হয় নি। No revenue was assessed on illegal basis.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার স্যার, উনি বলছেন যে রেভেন্যু রেশন্যাল ক্লাসিফিকেশন হয় নি। রেশন্যাল ক্লাসিফিকেশন বলতে তিনি কি বুঝাচ্ছেন সেটা একটু বুঝিয়ে বলবেন কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এই জায়গাতে এই প্রশ্নের সাথে যেটা জড়িত সেইটা হচ্ছে whether there was any revenue rate in force at commencement of the Tripura Land Revenue and Land Reforms Act, 1960. Entire ত্রিপুরায় cadastral survey হয় নি এবং সেই অনুসারে classification of land হয় নি। সেই জন্যই এই কথা বলা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— রেশন্যাল ক্লাসিফিকেশনটা কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— কেডাস্ট্রেল সার্ভে।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে আমাদের যে ল্যাণ্ড রেভেনিউ এবং ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট তার সেকশান ৪০তে এই কথা পরিস্কার বলা আছে যে all revenue rates in force at such commencement shall have deemed to have been enhanced and should be increased according to provision to this chapter. এখন যদি আমরা এই ধারাটাকে স্বীকার করে নেই তা হলে আমরা কোন ক্ষেত্রেই শতকরা ১২-৫০ পঃ বেশী খাজনা বাড়াতে পারি না।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এটা হল আমাদের কেডাসষ্ট্রেল সার্ভে হয়ে যাওয়ার পর ক্লাসিফিকেশন হওয়ার পর যে খাজানা ধার্য্য হবে তার ১২ পারসেণ্ট এর বেশী আমরা বাড়াতে পারি না।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহাশয় কি দেখেছেন যে সেখানে পরিস্কার বলা আছে যে all revenue rates in force at such commencement—সেখানে ক্লাসিফিকেশন বলে কোন কথা নেই।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— সেখানে মাননীয় সদস্যকে আমি বলব ৪৮(২) ধারা যদি আপনি দেখেন তবে দেখতে পাবেন।

শ্রী আতিকুল ইসলাম :— হ্যাঁ, দেখছি বলুন। 48(ii) তে আছে "provided that the revenue rates in respect of any land shall not be increased or enhanced under this rule so as to exceed by not more than 12½% of the revenue previously payable in respect of that land" কাজেই সেই ল্যাণ্ডের এগেনষ্টে আমি কোন সময়েই শতকরা ১২-৫০ পঃ বেশী বাড়াতে পারি না। কোন ক্ষেত্রে আইনে একথা পরিষ্কার বলা আছে যে all revenue rates at such commencement shall be deemed to have been determined on limit. কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে বর্ত্তমানে যে হারে খাজনা বাড়ানো হয়েছে সেটা বে-আইনী হয়েছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ : - সেইটা বে-আইনি তো হয় নি, আইনের সাথে সংগতি রেখেই সেইটা করা হয়েছে। তার উপরে সাড়ে বার পারসেণ্ট এর বেশী বাড়াতে পারব না, যেটা এখানকার যে সার্ভে হচ্ছে সেই অনুসারে যে রেইট ধার্য্য হবে সেইটার সাড়ে বার পারসেণ্ট বাড়াতে পারব না।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে কোর্টে গেলে পরে সরকার পক্ষ হারবেন এবং তার জন্য আমাদের অনেক ক্ষতিপূরণ দিতে হবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— সেইটা তো আমি বলতে পারব না। দে মে গো টু কোর্ট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় মন্ত্রী মহাশয় কি এ কথা জানেন যে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্ট এই আইনের ৪০ ধারাটি সংশোধন করার জন্য মন্ত্রী সভার কাছে একটা নোট দিয়েছেন। মন্ত্রী মহাশয় সেই নোটটা যদি চান তা হলে আমি এই হাউসের সামনে সেই নোটটি উপস্থিত করতে পারি।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— সেইটা মিস্-এপ্রোপ্রিয়েশন অফ্ সামথং।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— না, না মাননীয় মন্ত্রী মহাশয় যদি চান তাহলে আমি এই হাউসের মধ্যেই এই নোটটি, যে নোটে বলা হয়েছে যে, এই যে ধারাটি সেটা অবিলম্বে সংশোধন করা প্রয়োজন। কারণ এই ধারা অনুসারে আমরা ১২.৫০ পঃ বেশী খাজনা বাড়াতে পারি না।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— আমি তো এমন কোন কিছু পাই নি। তবে মাননীয় সদস্য কোথায় সেটা পেলেন তা আমি বুঝতে পারলাম না।

Mr. Speaker :—I would now call on Shri Birchandra Deb Barma.

Shri Birchandra Deb Barma :—Question No. 213.

Shri S. L. Singh :

Question	Answer.
(a) Whether any land belonging to a Tea Estate at Pratapgarh, Sadar had been requisitioned by the Government ;	(1) No land belonging to a Tea Estate at Pratapgarh was requisitioned. But 59.515 acres (34 50 acres+25.015 acres) of land belonging to Pratapgarh Tea Estate at moujas Pratapgarh and Badharghat was acquired.
(2) if so, the purposes for which the land had been requisitioned ;	(2) Acquisition of land was for construction of police Barrack, Police Reserve and for setting up of a State Transport undertaking.
(3) whether the compensation has already been paid ;	(3) Compensation in respect of acquired land measuring 34.50 acres amounting to Rs. 1,09,984-0-0 was paid to Sri Krishnadas Bhattacherjee the the authorised agent, the Tipperah Hill Development Company Limited. As regards compensation for acquired land measuring 25 015 acres a sum of Rs. 62,917.41 paise has been awarded. Payment of compensation has not been made as no fund has been placed by the requiring Department on the ground that the project was temporarily suspended owing to national emergency.

(4) if so, the rate at which compensation has been paid :

(4) The valuation assessed in respect of the acquired area of 34.50 acres is as under :-

(a) Valuation of the land @ of Rs. 500/- per kani	Rs. 43,125.0-0
(b) Cost of trees	Rs. 28,449-12-0
(c) Cost of houses	Rs. 16,922-0-0
(d) Removal cost of hutments.	Rs. 8,212-12-0
(e) Addl. 15% on the market value as per provision of Section 23(2) of the Land Aquisition Act, 1894	Rs. 13,724-8-0
Total :	Rs. 1,09, 984-0-0

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে প্রতাপগড়ে যে তালুক acquired হচ্ছে—whether that has been acquired under land revenue Act এটা ল্যাণ্ড রেভেনিউ অ্যাক্ট অনুযায়ী একোয়ার্ড না হয়ে - কি ভাবে acquired হয়েছে এবং কেমন ভাবে তার compansation দেওয়া হয়েছে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এটা According to provision of section 23(2) of thc land acqusition Act, 1894 অনুযায়ী করা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্ট থেকে এই কথা বলা হয়েছে কিনা. যে ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট এবং রুলস অনুসারে এখানে কমপেনসেশান দেওয়া উচিত এবং তাতে গভর্ণমেণ্টের কয়েক হাজার টাকা বেঁচে যাবে এবং সেই সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টের যে রিকমেণ্ডেশান সেটা কি কারণে বাতিল করা হল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কোন কিছুই বাতিল করা হয় নি। ন্যায়ানুগ ভিত্তিতে করা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় এই সমগ্র ব্যাপারটি তদন্তে দিতে রাজী আছেন কি, যেখানে গভর্ণমেণ্টের অনেকগুলি টাকা মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে একজন সদস্যের পকেটে গেছে কাজেই এই ব্যাপারটা তিনি তদন্ত করতে রাজী আছেন কিনা, যে এটা সত্যি সত্যি ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট এবং রুলসে নেওয়ায় কি বাধা ছিল ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ : - আগেই বলা হয়েছে যে এখানে যে সমস্ত জমি আমরা একুইজিশন করেছি সেটা প্রজেণ্ট মার্কেট ভেল্যুয়েশন অনুসারেই করা হয়েছে এবং যেটা এখানে প্রচলিত এবং আইনানুগ সেই সমস্ত ফলো করা হয়েছে অতএব সেইটা তদন্ত করবার কোনই প্রশ্নই উঠে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—সে কথা নয়, তদন্ত করতে রাজী আছেন কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আগেই বলেছি illegal ওয়েতে সেইটা নেওয়া হয় নি। অতএব তদন্তের কোন কথা উঠে না, উঠতে পারে না।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, এই যে জমিগুলি বিক্রি করা হয়েছে এটা সিলিংএর বাইরে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আগেই বলা হয়েছে এখানে সিলিং দেওয়া হয়েছে, No land belonging to a Tea Estate at Pratapgarh was requisitioned. But 59.515 acres (34.50 acres+25.015 acres) of land belonging to Pratapgarh Tea Estate at moujas Pratapgarh and Badharghat was acquired ;

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—নো, নো, দিস ইজ নট দি সাপ্লিমেণ্টারী। সাপ্লিমেণ্টারী হচ্ছে যে এই জমিটা সিলিংএর উপরকার জমি কিনা। সে কথার আপনি জবাব দিন। মাননীয় স্পীকার, স্যার, আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যে আমাদের প্রশ্ন যেটা সেটার জবাব দিন। আবোল তাবোল জবাব শুনবার জন্য আমরা এখানে আসিনি। তাঁর যদি জবাব না দেওয়ার থাকে তিনি না বলতে পারেন, কিন্তু যে প্রশ্ন করা হয়েছে তার জবাব চাই। সিলিঙের উপরের জমি কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আই ডিমাণ্ড নোটিশ ফর ইট।

শ্রীআতিকুল ইসলাম ঃ—বাংলায় বলুন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আপনারা বাংলায় প্রশ্ন করলে বাংলায় উত্তর দেব। I draw attention of the Hon'ble Speaker, Sir, he asked supplementaties and I cleared all the points, if there is anything to ask more, he can ask.

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমরা সাপ্লিমেণ্টারী বাংলায় করেছি কাজেই আমরা জবাবটা বাংলায় পেতে চাই।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আপনি ইংরেজীতে প্রশ্ন করেছেন তাই ইংরেজীতে উত্তর দিয়েছি। বাংলায় প্রশ্ন করলে আমিও বাংলায় উত্তর দিতাম। আপনারা সেইটা করেন না কেন, বাংলায় উত্তর দিতাম।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমরা সাপ্লিমেণ্টারী বাংলাতে করেছি। কাজেই সাপ্লিমেণ্টারীর উত্তর বাংলাতে দেবেন।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—সাপ্লিমেণ্টারী তো মূল প্রশ্ন অনুসারেই হয়। অতএব সেই প্রশ্ন ইংরেজীতে করা হয়েছে। তাই ইংরেজীতেই উত্তর দিয়েছি। বাংলা ভাষায় যদি প্রশ্নটা হয় তা হলে আমার উত্তর দিতে সুবিধা হত। আপনারা বাংলায় সাপ্লিমেণ্টারী প্রশ্ন করেন অথচ মূল প্রশ্ন ইংরেজীতে করেন এবং ইংরেজী প্রশ্নের উপরে সাপ্লিমেণ্টারী বাংলার করেন, এইটা যে কি রকম তা তো আমি বুঝতে পারলাম না।

মিঃ স্পীকার ঃ—বাংলা প্রশ্নের উত্তর বাংলাতে হতে পারে। (ইনটারাপশন)।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—প্রশ্নের জবাবটা আমরা পেলাম না, যে সিলিংএর উপরের জমি কিনা। যেটা নেওয়া হয়েছে, গভর্ণমেণ্ট অ্যাকোয়ার করেছেন, সেটা সিলিংএর উপরের জমি কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আমি তার উত্তর দিয়েছি (ইনটারাকশন)

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—আই হ্যাভ পুট মাই সাপ্লিমেণ্টারী বিফোর দি অনারেবল স্পীকার, সেটা হচ্ছে, যে জমিটা অ্যাকোয়ার করা হয়েছে সেটা সিলিংএর লিমিটের উপরকার জমি কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমি আগেই বলেছি। সেইটার যদি সঠিক উত্তর দিতে হয় তবে আই ডিমাণ্ড নোটিশ ফর ইট।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি এই কথা বলতে পারেন যে যেখানে যেখানে নাকি জমি অ্যাকোয়ার করা হয় বা রিকুইজিশান করা হয় সেখানে সিলিংএর উপরের থাকলেই করা হয়, নইলে পরে করা হয় না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—তার তো কোন প্রচলিত নিয়ম নাই

শ্রীআতিকুল ইসলাম :—নিয়ম নাই ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—না।

শ্রীআতিকুল ইসলাম :—আমার বাজারের প্রশ্নের সময় যখন প্রশ্ন করলাম তখন তিনি বল্লেন সিলিংএর উপরে আছে কিনা আছে দেখতে হবে, আর এখানে বলছেন তার কোন বাধা ধরা নিয়ম নাই। তবে কোনটা সত্যি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এটা করতে পারি না এমন কোন আইন নাই। করা চলে এই কথা বলা হয়েছে। কতগুলি কাজ আছে সেই কাজের জন্য করা হয়।

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :—সেটা কোন ব্যক্তি বিশেষের ক্ষেত্রে কিনা ? পার্টি-কুলারলি in order to মেইক সামওয়ানস প্রফিট আউট অব ইট, সেটা করা হয় কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এইটা কোন ব্যক্তি বিশেষের ক্ষেত্রে নয়। যখন সরকারের প্রয়োজন হয় তখনই প্রচলিত নিয়মানুসারে এবং আইনানুগ ভাবে করা হয়। (ইনটারাপশন)

শ্রীআতিকুল ইসলাম :—সরকারের প্রয়োজনে যদি অ্যাকোয়ারের প্রশ্ন জড়িত থাকে তাহলে আমি ঠিক বুঝলাম না যে বাজারের সংগে সেই প্রশ্ন আসে কি করে যে সিলিং না হলে আমি করতে পারিনা। সেই প্রশ্ন সেক্ষেত্রে কি করে আসে। সেখানে তো প্রয়োজন হলে acquire করতে পারে গভর্ণমেণ্ট।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—I demand notice.

Mr. Speaker :—There is one question bracketed. Submitted by Birchandra Deb Barma and Dinesh Deb Barma. One may give the number.

Shri Birchandra Deb Barma :—279.

Shri S. L. Singh :—

Question.	**Answer.**
Will the Hon'ble Minister in-charge of the Public Works Department be pleased to state—	
a) What is the progress of the work of warter supply scheme of Agartala ;	Stage No. 1—82% completed. Stage No. 2—62% completed.
a) When it is expected to be ompleted ?	Stage No. 1—at the end of 1965. Stage No. 2—at the end of 1966.

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :—সেটা কোন প্ল্যানে ফার্ষ্ট ইনকরপোরেটেড হয়েছিল মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—সেকেণ্ড প্ল্যানে সব কাজ হয় নাই, স্যার। থার্ড প্ল্যানে হয়েছে।

Mr. Speaker :—I would Call on Shri Monchor Ali.

Shri Monchor Ali :—345.

Shri S. L. Singh :—

Will the Hon'ble Minister in-charge of the Revenue Department be pleased to stage—

Question.

a) Total number of ponds used by the Govt. for Pisciculture and their division-wise break-up ;

b) how many ponds have been leased out ; their division-wise break-up ;

c) How many ponds are left nu-used ; their division-wise break-up ;

d) Whether the Govt. have any plan either for pisciculture in these un-used ponds or to lease out the same ?

Answer.

a) 166 ponds as per following Sub-division-wise break-up :—

Name of Sub-Division.	No. of ponds.
Sadar—	29
Kamalpur—	19
Kailashahar—	34
Dharmanagar—	6
Udaipur—	70
Belonia—	8
	166

b) nil.

c) nil.

d) In view of reply to (c) does not arise.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে অমরসাগব, সেখানে কতগুলি নার্সারী ট্যাঙ্ক করে সেই অমরসাগরটাকে ধ্বংস করা হচ্ছে কি কারণে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— অমরসাগর ধ্বংস করা হচ্ছে বলতে, কি বলতে চান তা আমি বুঝতে পারলাম না। তিনি যদি স্পষ্ট করে বলেন তা হলে বলতে পারি।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় স্পীকার, স্যার, অমরসাগব অমবপুরেব একটা ঐতিহাসিক দীঘি, সেটাকে খণ্ড ক্ষুদ্র করে মাটি ফেলে, সেটাতে কতগুলি নার্সারী ট্যাঙ্ক করে, সেই সাগরটাকে একেবারে শেষ করে ফেলা হয়েছে। এটা কি কারণে করা হল, কার বুদ্ধিতে করা হল, একটা ঐতিহাসিক দীঘিকে এইভাবে ধ্বংস করা হল কি কাবণে সেটা আমরা জানতে চাই ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— কারণতো এব স্পষ্ট। সেখানে ফিসিকালচার এর জন্য করা হয়েছে। ফিসিকালচারের এগেনষ্টএ যদি কিছু বলবার থাকে তা হলে সেইটা বলতে পারেন, সে স্বাধীনতা ওদের আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই যে লীজ দেওয়া হয়েছে পণ্ডগুলি তাতে কত টাকা গভর্ণমেণ্টের আয় হয়েছে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— I demand notice for it.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে যে দীঘিগুলি গভর্ণমেণ্ট নিজে চালাচ্ছিলেন সে দীঘিগুলি কি কারণে এবার লীজ অ উট করা হল ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— কারণ জনসাধারণের উৎসাহ এবং উদ্দীপনাকে এইসমস্ত কাজে নিয়োজিত করে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি করার জন্যেই করা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আমাদের এই মৎস্য চাষের টারগেটটা কি ? কত মাছ উৎপাদন করা আমাদের টারগেট ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— তাই ডিমানড নোটিশ অফ ইট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আমাদের গভর্ণমেণ্টের ট্যাঙ্ক বা পণ্ডে বছরে কত মাছ উৎপন্ন হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে দীঘিগুলি বা পুকুরগুলি লীজ দেওয়া হয়েছে তাতে মৎস্য উৎপাদনের জন্য আর কি কি ফিনান্সিয়াল এসিসটেন্টস গভর্ণমেণ্ট দিতে রাজী আছেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— প্রধানতঃ জনসাধারণকে লোন দেওয়া হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে পুকুরগুলি ইজারা তাদের হাতে দেওয়ার ফলে মৎস্য চাষের উন্নতি হওয়ার বদলে অবনতি হওয়ার সম্ভাবনাটা বেশী।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেইটা পরীক্ষা নিরীক্ষার ব্যাপার।

শ্রীআতিকুল ইসলাম ঃ— পরিকল্পনাগুলির ফল এখনও কি পান নাই ?

Shri S. L. Singh :—That is a matter of investigation.

Mr. Speaker :—I would now call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :—307.

Shri S. L. Singh :—

Question.	Answer.
a) whether it is a fact that a large number of tribal properties have been transferred to non-tribals through un-registered sale deeds ;	a) There may have been some transfers ;
b) if so, what Govt. proposes to do in the matrer ?	b) Law will take its own course.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে কাঞ্চনপুরের বি, ডি, ও. এর নেতৃত্বে কাঞ্চনপুর এলাকায় উপজাতিদের বহু জমি বিক্রি হচ্ছে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—তাই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে মহাজনরা এই জমি দখলে রেখে, কট রেখে, বহু টাকা পাহাড়ীদের কাছে লগ্নী করেছে যার ফলে সে সমস্ত জমি পাহাড়ীদের হাত থেকে অ-উপজাতীয়দের হাতে চলে যাচ্ছে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—কট অনেক প্রকার যে যে জায়গায় আইনানুগ কট হবে সেই সব জায়গাতে যেতে পারে, কিন্তু যে কট আইনানুগ নয় সেই জায়গাতে তাহা যেতে পারে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ধরনের কোন জমি যদি অ-উপজাতীয়দের হাতে চলে যায় তা হলে আইনানুসারে এই জমিটা উপজাতিদের হাতে রাখার কোন উপায় আছে কি না?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—That is a legal aspect, সেইটা তো readily এই জায়গাতে বলা সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে উপজাতিদের যেসমস্ত জমি আন-রেজিষ্টার্ড ভাবে অ-উপজাতিরা কিনেছে সেটা যাতে নাকি সেগুলি সার্ভে সেটেলমেট ডিপার্টমেন্টে অ্যাকসেপটেড না হয় অর্থাৎ নামজারী যাতে না করতে পারে সেই রকম কোন নির্দেশ দিতে তাঁরা রাজী আছেন কি না?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—ল্যাণ্ড রিফর্মস এণ্ড ল্যাণ্ড রেভিনিউ এক্ট এ যা যা আছে সেই অনুসারে সার্ভে সেটেলমেণ্ট অফিসার ধার্য্য করবে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, সার্ভে সেটেলমেণ্ট অনেক ক্ষেত্রে আন-রেজিষ্টার্ড ডিড অ্যাক্সেপ্ট করে, নামজারী করেন। যাতে নাকি সেই রকম না হয়--ট্রাইবেলস ল্যাণ্ড যারা নন-ট্রাইবেলস আন-রেজিষ্টার্ড ডিড্স দিয়ে কিনেছেন, যাতে সেগুলি নামজারী করতে না পারে সেই রকম একটা জেনারেল সার্কুলার গভর্ণমেণ্ট দিতে রাজী আছেন কি না?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমি আগেই বলেছি ল্যাণ্ড রিফর্মস এণ্ড ল্যাণ্ড রেভিনিউ এক্ট অনুসারে যা ন্যায়ানুগ সেই অনুসারে ধার্য্য করা হবে. বে-আইনি ভাবে কোন কাজ করার জন্য সরকার থেকে কোন কিছু বলা সম্পূর্ণ অসম্ভব।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে অনেক ক্ষেত্রে আন-রেজিষ্টার্ড ডীড্স দিয়ে জমি রেজিষ্টার্ড করা হচ্ছে বিভিন্ন জায়গাতে?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমি আগেই বলেছি ন্যায়ানুগ হলে পরে ল্যাণ্ড রেভেনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস এক্ট অনুসারে ল্যাণ্ড রেভিনিউ সেটেলমেট অফিসার কাজ করে যাবেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এটা গভর্ণমেণ্টের নীতি কিনা যে উপজাতীয়দের জমি যাতে অ-উপজাতীয়দের হাতে ট্রান্সফার না হয় এবং সেই নীতিটা ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে এভাবে আছে যে ম্যাজিষ্ট্রেটের পারমিশন ছাড়া এটা ট্রান্সফার হয় না এবং সে জন্য আমি বলছি যে, যেগুলি আন-রেজিষ্টার্ড সেগুলি থেকে প্রটেক্ট করার জন্য কি ষ্টেপ গভর্ণমেণ্ট নিবেন সেটা জানাবেন কি? রেজিষ্টার্ড যেখানে হয় সেখানে তো ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট আছেন, তার পারমিশন ছাড়া রেজিষ্টার্ড হয় না কিন্তু আন-রেজিষ্টার্ড হয়ে যেখানে জমিটা চলে যায় সেটা থেকে উপজাতিদের প্রটেক্ট করার জন্য তাঁরা কি ষ্টেপ নিয়েছেন? সেটা হচ্ছে আমার প্রশ্ন।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—এই প্রশ্নটা বারবার বলা হচ্ছে যে ল্যাণ্ড রেভিউনিউ এবং সার্ভে সেটেলমেণ্ট এর ব্যাপারে ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস এক্ট এ যে যে বিধি ব্যবস্থা আছে সেই অনুসারে কার্য্য পরিচালিত হবে এবং সেই অনুসারে কাজ চলছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, তেলিয়ামুড়াতে অনেক ট্রাইবেলদের জমি নন্-ট্রাইবেলদের কাছে আন-রেজিষ্টার্ড ডীডস-এ বিক্রী হয়ে গেছে এবং সেগুলি সেখানকার সার্ভে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টকে ধরে প্রত্যেকে নামজারী করছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি সেগুলি তদন্ত করতে রাজী আছেন এবং দেখবেন যাতে সেগুলি না ' তে পারে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আমি আগেই বলেছি যদি আইনের আওতায় পড়ে তা হলে করবেন, আইনের আওতায় না পড়লে করবেন না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—কাঞ্চনপুর দশদা, আনন্দ বাজার ইত্যাদি এলাকাতে শত শত জমি মহাজনদের হাতে চলে গেছে সমস্ত আন-রেজিষ্টার্ড ডীডস করে এবং সেগুলি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের নজরে নেওয়া হয়েছে। সেগুলি সম্পর্কে আপনারা তদন্ত করতে রাজী আছেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আমি আগেই বলেছি যে ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট অনুসারে এবং ল্যাণ্ড রেভিনিউ এণ্ড ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট এ যা যা আছে সেই অনুসারে সার্ভে সেটেলমেণ্ট অফিসার এবং রেভিনিউ অফিসার কার্য্য করে যাবেন।

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ধেবর কমিশন রিকমেণ্ডেশন করে গেছেন যে ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টের সর্ত্ত দেওয়া হয়েছে যে উইদাউট দি পারমিশন অব দি কালেক্টার ট্রাইবেলস উইল নট ট্রান্সফার দেয়ার ল্যাণ্ড টু নন্ট্রাইবেলস। But inspite of this fact there are many cases where lands have been transferred through un-registered deeds. It is their recommendation. What Government propose to check this malpractice ?

Shri Sach ndra Lal Singh :—There is no such mal-practice. They are doing according to Act, Rules and regulations.

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, তেলিয়ামুড়াতে এমন অনেক ঘটনা ঘটেছে যেখানে আন-রেজিষ্টার্ড ডীডস দিয়ে জমি বিক্রি হচ্ছে। সেগুলি আপনারা তদন্ত করতে রাজী আছেন কি ? স্পেসিফিক এরিয়ার কথা বলছি। আপনারা তদন্ত করতে রাজী আছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—সেইটা আগেই বলেছি, স্পেসিফিক উত্তর দেওয়া হয়েছে যে ল্যাণ্ড রেভিনিউ এণ্ড সার্ভে সেটেলমেণ্ট অফিসার, যে যে আইন প্রচলিত আছে সেই আইনের আওতায় থেকে কার্য্য করছেন এবং করবেন।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মন্ত্রী মহাশয় সেখানে সেই আইন অনুযায়ী কাজ হচ্ছে না বলেইতো অভিযোগ করছি আমি। সেখানে আইন অনুযায়ী কাজ হচ্ছে না। সেখানে আন-রেজিষ্টার্ড ডীডস এ নামজারী হচ্ছে এবং আপনারা সেটা এনকোয়ারী করবেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—আইন অনুসারে না হলে পরে সে সার্ভে সেটেলমেণ্ট অফিসারের এগেইন্ষ্টে দরখাস্ত করতে পারে, কোর্টে যেতে পারে, সেই ব্যবস্থা আছে।

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা ঃ—Whether Govt. intend to do anything. আইনের বাইরে কাজ হচ্ছে it is definite. Whether Govt. propose to do anything to check it ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—গভর্ণমেণ্ট প্রপোজ করেছে বলেই কোর্টে যাওয়ার ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা আইনানুগ ভাবে রাখা হয়েছে। অতএব সেই সমস্ত যায়গায় কোর্টে যেতে পারেন।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় স্পীকার, স্যার, আমরা এসেমব্লীতে একটা concrete allegation আনার পরেও যদি আমরা অ্যাটেনশান draw করতে না পারি তাহলে এই সমস্ত allegation আনার কি সার্থকতা আছে ? সেখানে তো আয়ুব খাঁর শাসন কায়েম হলেই তো পারে।

Mr. Speaker :—অ্যাটেনশান তো ড্র হয় এবং তার উত্তর দেওয়া হয়। ইফ দি রিপ্লাইজ ক্যান নট স্যাটিসফাই দি অনারেবল মেম্বারস—এই কথাটা ঠিক আন-পার্লামেন্টারী না হলেও ইট ইজ ইনডেকোরাস। এই কথাটা আন-পার্লামেন্টারী না হলেও ঠিক ডেকোরাস নয়। I would now call on Sunil Kumar Choudhury.

Shri Sunil Kr. Choudhury :—Question No. 6.

Shri S. L. Singh :—

Starred Question No. 6, raised by Shri Sunil Kumar Choudhury, M. L. A.

Questions.	Reply.
a) Progress made in bringing power supply from Assam...	The actual execution of work has not yet been taken up. But the preliminary survey of the route has been started and the survey from Churaibari to Agartala has been completed.
b) When the work is expected to be be completed	The work is expected to be completed within next three years.
c) Total amount of money spent for this project uptil now ? ...	Rs. 17,860/- only has been spent on preliminary survey of the route line.
d) Total amount budgetted for the scheme.	A token provision of Rs.3 lacs only has been proposed in the budget for the year 1965-66.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে তিন লাখের মধ্যে এত কম টাকা কি কারণে খরচ হল ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এখানে একটু লক্ষ্য করলেই মাননীয় সদস্য দেখতে পারবেন সেইটা হল ১৯৬৫-৬৬। A token provision of Rs. 3 lakhs has been proposed in the budget for the year 1965-66.

It will not be possible on my part to give details just now.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—না, না, ৬৪-৬৫ বাজেটে কত ছিল। দ্যাট ইজ দি কোয়েশ্চান।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—এখানে বলা হয়েছে যে যদি টাকা থাকতো তবে কেন এটা ব্যয় করা হল না। এই প্রশ্নটার উত্তর দেওয়া হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— না, সেটাতো আমার কোয়েশ্চান নয়। এখানে Total এমাউণ্ট বাজেটেড ফর দি স্কীম, আমরা তো আগামী বজেটের কথা বলছি না। ৬৪-৬৫ এ কত টাকা ছিল ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— তারপর ১৯৬৪-৬৫ এর বাজেটে কত টাকা রাখা হয়েছিল তা আমি জেনে বলব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি এটা স্বীকার করবেন যে এই যে পাওয়ার, এই পাওয়ার না আসলে পরে আমাদের এখানে মিডিয়াম সাইজ ইণ্ডাষ্ট্রি করতে অসুবিধা হবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— I admit that.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ— তাহলে এটা ত্বরান্বিত করার জন্য কি কি ব্যবস্থা হচ্ছে সেটা জানাবেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এইখানে বলা হয়েছে যে work will be completed within three years.

Mr. Speaker :—Question hour is over. Now there are number of unstarred Questions. I am naming them :—

Question No.	3	asked by	Shri Sunil Kr. Choudhury, M. L. A.
"	" 18, 245	" " "	Hlura Aung Mog, M. L. A.
"	" 22, 35	" " "	Hemanta Deb, M. L. A.
"	"87,88,105	" " "	Birchandra Deb Barma, M. L. A.
"	" 134	" " "	Atiqul Islam, M. L. A.
"	" 325	" " "	Dinesh Deb Barma, M. L. A.

The Hon'ble Ministers may please lay the answers of the Unstarred Questions on the Table of the House.

(Replies to the Unstarred Questions were laid on the Table of the House as per **Appendix B.**)

(Replies to the Starred Questions Nos. *302, *149, *25, *77, *78, *145, *304, & *219 have been entered in 'Appendix 'A')

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার, স্যার, আমাদের তিনটা এডজোর্ণমেণ্ট মোশন দিয়েছিলাম—

Mr. Speaker :—Yes, I am coming.

Second item is Calling Attention Notice. I have received one Calling Attention Notice from Bulu Kuki. The subject is—"Death of several villagers at Tetui Jamatia Bari, Tehsil Ampi in the Sub-division of Amarpur, due to out-break of small pox in epidemic form." I have given my consent to the motion of Shri Bulu Kuki, M. L. A. to-day. Shri Bulu Kuki will now please read his Calling Attention Notice.

Have you brought it. Alright I have brought it to the notice of the House. I would request the Hon'ble Minister in-charge of the Department Shri Sukhamoy Sengupta to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day he will kindly give me a date when the Calling Attention Notice will be shown on the order paper for a statement.

শ্রীসুখময় সেনগুপ্ত :— মাননীয় স্পীকার, স্যার, আজকে এটার উত্তর দেওয়া সম্ভব হবে না। আমি এটার উত্তর ১৫ই মার্চ্চ এই হাউসের সামনে দেব।

Mr. Speaker :--- Now I have received three notices of three adjournment motions. One by Shri Aghore Deb Barma. The subject is "Death due to continued starvation of Riangshi Riang, Santui Khui Riang and Shri Basanta Riang of SikaribariTribal Colony, Kamalpur, during last week of January, 1965".

Another by Shri Nripendra Chakraborty -- "Police access committed at Khowai and Melaghar (Sonamura) during anti-Hindi demonstration of February, 1965". The 3rd is by Sunil Kumar Choudhury- "Detention of seven communist leaders including one member of the Parliament and one member of the Tripura Legislative Assembly under D. I. R. and their transfer to Hazaribagh Central Jail, Bihar".

I am sorry, I could not give my consent to the motions. Decision I am announcing here The reasons can not be discussed in the House. If the Hon'ble members see me in my Chamber I shall explain to them.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার, স্যার, আমাদের ত্রিপুরায় ৭ জন জন-নেতাকে অত্যন্ত অগণতান্ত্রিক ভাবে এবং অন্যায় ভাবে ডি, আই, আর এ আটক করে রাখা হয়েছে এবং তার মধ্যে একজন পার্লামেণ্টের সদস্য ত্রিপুরা থেকে নির্ব্বাচিত- তিনি রয়েছেন এবং বিধানসভা থেকে একজন নির্ব্বাচিত সদস্য রয়েছেন বিধানসভায় যে নির্ব্বাচিত সদস্য শ্রীদীনেশ দেববর্ম্মা তাকে মাননীয় স্পীকার সামন করেছেন আহ্বান করেছেন এই মিটিংএ উপস্থিত হওয়ার জন্য। আমি জানতে চাই যে চীফ মিনিষ্টার কি কারণে তাকে এখানে উপস্থিত হওয়ার স্বযোগ দেন নাই। আমি এটা দাবী করছি যে তিনি তাকে অবিলম্বে এখানে আনার ব্যবস্থা করুন। কারণ এটা হচ্ছে একটা গণতান্ত্রিক সংগঠন। এখানে নির্ব্বাচিত সদস্যকে বিনা বিচারে আটকে রাখার কোন কারণ থাকতে পারে না। যদি তাদের বিরুদ্ধে কোন অভিযোগ থাকে সেটা আদালতে বিচার হতে পারে। আদালতে যতক্ষণ পর্য্যন্ত বিচার না হয় ততক্ষণ পর্য্যন্ত তারা নির্দোষ। কাজেই তাকে এখানে আসবার স্বযোগ মুখ্যমন্ত্রী দিন। এই দাবী আমি এখানে এক্ষনি করছি এবং মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই সম্পর্কে একটা ষ্টেটমেণ্ট চাচ্ছি।

Mr. Speaker :— I may inform the Hon'ble member that yesterday I got a petition from Shri Dinesh Deb Barma that he has received the summon and he has written to me to take necessary steps so that he may attend the meeting. Now you will certainly realise my position. It is a matter of Government to decide. Yesterday I got it and immediately sent it to the Government to take neeessary steps, whatever they think proper. So, now as regard his detention the opposition has already, I think Shri Chakraborty himself- (Interruption)

Shri N. Chakraborty :— Yes, that is a general thing for all the Communist detenus. But it is a specific case in which our House is directly concerned. That is why request the Hon'ble Speaker to ask the Hon'ble Chief Minister to make a statement, because he was summoned by the Honble Speaker.

Mr. Speaker :— He has been summoned practically-

শ্রীআতিকুল ইসলাম :— সামন দেওয়ার মানেই তো নিমন্ত্রণ করা। তাকে আসতে বলে তারপর তাকে আসতে না দেওয়া এটা একটা আমলা তান্ত্রিক কাজ। তা হলে তো সামন করার কোন অর্থই হয় না।

Mr. Speaker :— In that case I allow the discussion here then it amounts that I admit the adjourment motion. But I cannot do that if you want a statement from the C. M. and if the Chief Minister agrees to make such statements if he likes I have no objection.

Shri N. Chakraborty :— We request you to ask him to make a statement why he has not given the premission. That he has to explain before the House. We are not referring to adjourment motion.

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয় এই এডজোর্ণমেণ্ট মোশন ডিস-এলাও করেছেন। সুতরাং এ সম্পর্কে ডিসকাসান হতে পারে কিনা ছাট মে বি কনসিডার্ড।

Mr. Speaker :— To make a statement, I am not allowing discussion. This matter may be raised again in connection with resolution.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— না, না, মাননীয় স্পীকার, স্যার, আমাদের হাউসের মর্য্যাদা এর সঙ্গে জড়িত আছে। যেহেতু আমাদের হাউসের পক্ষ থেকে অন বি হাফ অব দি এডমিনিষ্ট্রেটার তাকে সামন করেছেন সেজন্য তাকে আসবার সুযোগ কেন আমাদের চীফ মিনিষ্টার দেন নাই— আমি মনে করি এটা ব্রিচ্ অব প্রিভিলেজের সামিল। সে জন্য he may be asked to explain here and now why Hon'ble member Dinesh Deb Barma has not been permitted to attend the meetting.

Mr. Speaker : - I do not see that I can admit it to answer a matter here and now.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :-- এই জন্য যে এই হাউসে এটেণ্ড করার যে অধিকার তার আছে সেই অধিকার লঙ্ঘণ করা হয়েছে। আমি মনে করি তার জন্য চীফ মিনিষ্টার দায়ী। এই জন্যই হাউসকে স্যাটিসফাই করতে হবে, হাউসের কাছে কৈফিয়ত দিতে হবে কি কারণে তাকে আটকিয়ে রাখা হয়েচে ?

শ্রীআতিকুল ইসলাম :---Because হি হ্যাজ বিন সামণ্ড সেজন্য হি ইজ আনেবল টু কাম হীয়ার-- সে কেন আসতে পারছে না সে আমরা জানি না। লীডার অব দি হাউস মাষ্ট state দি ফ্যাক্ট।

Mr. Speaker : – Then I allow the discussion on that adjournment motion which I have declined.

Shri N. Chakraborty :— If you allow the adjournment motion we have no objection.

Mr. Speaker :--- No, I have not allowed it.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার, আমি জানি এবং আপনিও জানেন নিশ্চই যে ওয়েষ্ট বেঙ্গলে এবং পার্লামেণ্টে ষ্টেটমেন্ট করার অধিকার সদস্যদের আছে। বিশেষ করে বিরোধী দলগুলিকে এই সুযোগ দেওয়া হয় এবং চীফ মিনিষ্টার বা প্রাইম মিনিষ্টারকেও দেখি অনেক সময়ে যে দে মেইক ষ্টেইটমেণ্ট অন দি এডজর্ণমেণ্ট মোশন অলসো। যখন নাকি তারা করেন এবং ফারদার ডিসকাশনের স্কোপ তাদের দেওয়া হয়, কাজেই এটা কোন পার্লামেণ্টারী রীতি বিরুদ্ধ নয় টু আসক্ ফর এ ষ্টেটমেণ্ট ফর দি চীফ মিনিষ্টার অন সাচ ইমপরটেণ্ট ইস্থ। কাজেই মাননীয় স্পীকার যদি চান তাহলে পরে একটা ষ্টেইট-মেণ্ট করার জন্য তাকে আহ্বান করতে পারেন এবং সেটা আমরা দাবী করছি যে তাকে একটা ষ্টেটমেণ্ট করার জন্য মাননীয় স্পীকার আহ্বান করবেন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :— যেখানে মাননীয় স্পীকার ডিস-এলাউড করেছেন সেখানে মাননীয় সদস্য রেফার করেছেন যে বিরোধী দলের সদস্যরা ষ্টেটমেন্ট দিতে পারেন কিন্তু যেখানে ডিস- লাউড করেছেন তার উপর কোন ষ্টেটমেণ্ট হয় না।

Shri Birchandra Deb Barma :--- Mr. Speaker, Sir, this matter relates particularly to the letter of Dinesh Deb Barma মাননীয় স্পীকার বলেছেন যে দীনেশ দেব বর্মা একটা লেটার দিয়েছেন to attend the session. We are discussing in this matter. He has been summoned. Why he has not been allowed to attend this Assembly ? So it is a question completely separate from the adjournment motion and it will reveal from the statement of the Hon'ble Speaker also that Shri Dinesh Deb Barma has submitted a letter and the Hon'ble Speaker has been pleased to submit it to the Government. So we want to know the result of that letter and the decision on that.

Mr. peaker :— Not in connection with adjournment motion.

Shri Birchandra Deb Barma :--- No, it is different nature.

Mr. Speaker :--- Then rest the letter here with the Chief Minister.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— না, মাননীয় স্পীকার, আমরা চাই যে চীফ মিনিষ্টার কি ডিসিশান নিয়েছেন সেটা এই হাউসের সামনে উপস্থিত করা উচিত এই মুহূর্ত্তে এবং দেরী করা উচিত নয় বলে আমার মনে হচ্ছে। এই জন্য যে অত্যন্ত বেআইনীভাবে তাকে এই হাউসের যে অধিকার এই অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে বলে আমরা মনে করি। কাজেই এই মুহূর্ত্তে একটা ষ্টেটমেণ্ট মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা চাচ্ছি।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এই জায়গাতে আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এইখানে এই যে এড্জোর্ণমেণ্ট মোশন তার সাথে তাঁদের ডিটেনশনটা জড়িত আছে এবং এই জায়গাতে মাননীয় অধ্যক্ষ মহোদয় সেটাকে ডিস-এলাউড করেছেন। সেটার সম্বন্ধে কি করে ষ্টেটমেণ্ট এখানে দেওয়া চলে এবং দেওয়ার রীতি কোন জায়গায় এডজোর্ণমেণ্ট মোশন ডিস-এলাউড হলে পরে সেটা উপরে ডিস্কাসন হতে পারে আই ক্যান নট আণ্ডার ষ্টেণ্ড।

শ্রীআতিকুল ইসলাম :— কথা হল আমরা যারা এসেছি সে। চিঠির উপরে। আমার কথা হলতাঁকে সামন করা হল। কিন্তু তাঁকে আসতে দেওয়া হল না কেন ?

Mr. Speaker :— সেটা সাবজেক্ট মেটার এডজোর্ণমেণ্ট মোশন। মোশনের কানেকশানে এটা উঠেছে।

শ্রীআতিকুল ইসলাম :— আমরা এডজোর্ণমেণ্ট মোশনের উপরে প্রশ্ন করছি না। আমরা তাঁকে চিঠি দিয়েছি আসতে কিন্তু এখন কেন তাঁকে আসতে দেব না সেটা আমরা জানতে চাই।

Mr. Speaker :— That is a different issue.

Shri N. Chakraborti :-- After the adjournment motion was disallowed I made a statement with the permission of the Hon'ble Speaker.

Mr. Speaker :— No, I have not given you any permission

Shri N. Chakraborti :— Yes, you have allowed me Mr. Speaker, Sir, you have allowed to make a statement, that's all. I made a statement on a specific issue i. e. Shri Dinesh Deb Barma was asked to attend the session of the Assembly and he has written for permission to attend the session and the Hon'ble Speaker has kindly referred this matter to the Government and he is awaiting a decision from the Government. এই ব্যাপারে চীফ মিনিষ্টারের কাছ থেকে একটা ষ্টেটমেণ্ট চাই।

Mr. Speaker :— Then let us wait for the decision of the Govt.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় স্পীকার, স্যার আমরা মনে করি যে গভর্ণমেণ্টের এক্ষুনি এই সম্পর্কে এখানে জানানো দরকার কারণ এটা একজনের অধিকারগত প্রশ্নের সঙ্গে জড়িত। যেমন একজন লোককে একদিনও বেশী কোর্টে ডিটেনশনে রাখা যায় না সেইরকম এই হাউস যখন নাকি ইন সেসান— আপনি তো জানেনই মাননীয় স্পীকার, এরেষ্ট করলে ২৪ ঘণ্টার মধ্যে জানাতে হয় যে সে এরেষ্ট হয়েছে - পারটিকুলারলি হোয়েন দি হাউস ইজ ইন সেসান কাজেই এই মেম্বারকে যেখানে ডিটেনশানে রাখা হয়েছে সেখানে গভর্ণমেণ্টের কোন কারণ থাকতে পারে না এই রকম ভাবে ডিলে করা তাঁর সম্পর্কে ডেসিশন নেওয়ার। মাননীয় স্পীকার যদি তাঁকে কালকে জানিয়ে থাকেন তাহলে কালকেই জানানো উচিত ছিল যে এই সম্পর্কে তিনি কি সিদ্ধান্ত নিয়েছেন। আমি মনে করি যে এটা অলরেডি অনেক দেরী হয়ে গেছে। কাজেই তাঁকে আজকে এখানে বলতে হবে যে কেন তাকে আসতে দেওয়া হচ্ছে না এবং কবে তাঁকে আসতে দওয়া হবে সে সম্পর্কে গভর্ণমেণ্টের ডিসিশান আমি জানতে চাই।

Mr. Speaker :—এখন গভর্ণমেণ্টের কাছে ডেসিশান চাওয়া হয়েছে। এর জন্য কাগজ পাঠানো হয়েছে। কিন্তু এখনি দিতে হবে' হীয়ার এণ্ড নাউ' এ যদি অনারেবল মেম্বার মনে করেন তাহলে আমি —

শ্রীআতিকুল ইসলাম ঃ— সেসান ইজ গোয়িং অন।

Mr. Speaker :— তাতে কি হল সেসান তো চলবেই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—কেন তাঁকে আটকে রাখা হল তার কৈফিয়ত, কেন তাঁকে হাউসের প্রিভিলেজ থেকে বঞ্চিত করা হল সেটার কৈফিয়ত মাননীয় মন্ত্রীমহাশয়কে এখুনি দিতে হবে, এই হাউসে।

Mr. Speaker :— I would request the Hon'ble member to let me know in which connection the Hon'ble Minister will make a statement ? The adjournment motion is not before the House. If the Hon'ble Minister makes a statement it will be an informal statement. So in what connection he will make a statement ?

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় স্পীকার যদি আমাকে সুযোগ দিয়ে থাকেন তাহলে এটা ষ্টেটমেণ্ট ফরম্যাল বা ইনফরম্যালের কোন প্রশ্ন নাই। 'হোয়েন এ ষ্টেটমেণ্ট ইজ এলাউড দেন ইট ইজ এ ষ্টেটমেণ্ট।' কাজেই সেই ষ্টেটমেণ্টের উপরে চীফ মিনিষ্টার নিশ্চয়ই ষ্টেটমেণ্ট দিতে পারেন।

Mr. Speaker:— কেন ? আপনার ইচ্ছা বয়েছে আপনি ষ্টেটমেণ্ট দিয়েছেন। চীফ মিনিষ্টারের ইচ্ছা হলে তার উত্তর দিবেন না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— আমরা চাচ্ছি চীফ মিনিষ্টারের উত্তর দিতে হবে।

Mr. Speaker :— আপনারা চাইতে পারেন। কিন্তু আই ক্যান নট কমপেল হিম।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— আমরা চাচ্ছি তাঁকে ষ্টেটমেণ্ট দিতে হবে এবং কেন তাঁকে আটকিয়ে রাখা হয়েছে সেটা হীয়ার এণ্ড নাউ তাঁকে বলতে হবে।

Mr. Speaker :— Before I close this discussion I would summon the opinion of the Hon'ble Minister, I would ask his opinion only.

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এই জায়গাতে এখানে মাননীয় অধ্যক্ষ মহোদয়—আমি আগেও বলেছি যে এডজোর্ণমেণ্ট মোশন ডিস-এলাউড করেছেন এর উপরে কারণ এই লোকটা - মাননীয় সদস্য এই মোশনের মধ্যে জড়িত আছেন এবং সেখানে এই মোশনটা আনা হয়েছে সে বে-আইনীভাবে রাখা

হয়েছে, এই জন্যই এডজোর্ণমেণ্ট মোসন এখানে করা হয়েছে এবং সেটাকে যখন ডিস-এলাউড করা হয়েছে তখন তার উপরে সেটা আইনানুগ নয়। সেটা বলতে যাওয়া আমি মনে করি মোশনের এগেইনষ্টে কথা বলা। তিনি এড-জোর্ণমেণ্ট মোশন এলাউ করেন নাই। সেই জায়গাতে -

Mr. Speaker :— I will make the position a bit clear that adjourment motion cannot be discussed here now. The Ho'ble member, Leader of the Opposition, He made a statement. Now he has requested me to request the Hon'ble Chief Minister to give a reply. Now, I am not requesting. But he has made a statement on the one side.

Now - I would now like to know the opinion of the Chief Minister whether he will be agreeable to make a statement or not. That's all.

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— এডজোর্ণমেণ্ট মোশনকে ডিস-এলাউড করার জন্যই আমি এই সম্বন্ধে ষ্টেটমেণ্ট দিতে পারব না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার, স্যার, এই মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে আমাদের একজন সদস্যকে বে-আইনীভাবে আটকিয়ে কোন কৈফিয়ত দিতে রাজী হচ্ছেন না এবং যেহেতু আমরা মনে করি যে আমাদের সদস্যকে এবং সাময়িক ভাবে আমাদের এ ৭ জন ত্রিপুরার যে গণনেতাকে বে-আইনীভাবে এবং অগণতান্ত্রিকভাবে তাদের যে আটকিয়ে রেখেছে তার প্রতিবাদে আমরা এখান থেকে ওয়াক-আউট করতে বাধ্য হচ্ছি।

Mr. Speaker :— For rest of the day ?

Shri N. Chakraborti :— No, for 5 minutes only.

Mr. Speaker : I would now pass on to the next item. The next item is laying of Code of conduct for Ministers.

I would now call on the Secretary to the Tripura Legislative Assembly to lay the Code of Conduct for Ministers (Both Central & State) on the Table of the House. The Hon'ble Members are requested to collect the copy of the same from the Notice Office.

Then I would pass on to the next item. Next item is intimation regarding President's Assent to the Bills.

The following Bills received the Assent of the President on dates as mentioeed against each :

1) The Tripura Official Language Bill, 1964 (Bill No. 5 of 1964) on 23rd January, 1965.

2) The Salaries & Allowances of Ministers (Tripura) Bill, 1964 (Bill, No. 6 of 1964) on the 29th January, 1965.

3) The Salaries & Allowances of the Speaker and the Deputy Speaker of Legislative Assembly (Tripura) Bill, 1964 (Bill No. 7 of 1964) on 29th January, 1965.

4) The Salaries & Allowances of Members of the Legislative Assembly (Tripura) Bill, 1964 (Bill No. 8 of 1964) on 29th January, 1965.

These are for information of all the Members.

I would now pass on to the next item. Presentation of the Report of the Business Advisory Committee.

I announce the Report of the Business Advisory Committee setting the Business of the House upto 9th April, 1965.

I call on Shri Ershad Ali Choudhury, Deputy Speaker, a Member of the Committee designated by me to move the motion that the House agrees to the allocation of time proposed by the Committee.

Shri Ershad Ali Choudhury :—Hon'ble Speaker, Sir, I beg to move that this House agrees to the allocation of time proposed by the Committee.

Mr. Speaker :— I would now put the motion to vote.

As many as are of that opinion will please say 'AYES'

'AYES'

As many as are of contrary opinion will please say 'NOES'

'NOES'

AYES have it, AYES have it, the Motion is carried.

I would now pass on to the next item. Next item is Government Business, Financial, presentation of Budget Estimates for 1965-66. I would call on Hon'ble Sachindra Lal Singh, Finance Minister to present the Budget Estimates for 1965-66.

Shri Sachindra Lal Singh :— স্পীকারের অনুমত্যানুসারে আমি এখানে বাজেট উত্থাপন করছি,

অধ্যক্ষ মহোদয়,

আমি এই সভায় ১৯৬৫-৬৬ সালের বাজেট উত্থাপন করিবার জন্য মাননীয় সদস্যগণের অনুমতি প্রার্থনা করিতেছি।

২। এই বাজেটে পূর্ব্ববর্ত্তী বৎসরের প্রকৃত হিসাব, চলিত বৎসরের আয় ব্যয়ের খসড়া ও সংশোধিত হিসাব এবং আগামী বৎসরের খসড়া হিসাব অন্তর্ভুক্ত হইয়াছে। ১৯৬৩ সালের ১লা জুলাই ত্রিপুরা রাজ্যের রাজনৈতিক অবস্থার পরিবর্ত্তনের ফলে নূতন মন্ত্রী সভা গঠিত এবং বিধান সভা প্রতিষ্ঠিত হওয়ার পর এই সভা ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরের ১লা জুলাই হইতে ৩১শে মার্চ্চ—এই ৯ মাসের বাজেট বরাদ্দ অনুমোদন করেন। উহাই এই রাজ্যের বিধান সভা কর্ত্তৃক গৃহীত প্রথম বাজেট। তাই পূর্ব্ববর্ত্তী বৎসরের যে প্রকৃত হিসাব এখানে উল্লেখ করা হইয়াছে তাহা শুধু এই ৯ মাসের, পূর্ণ বৎসরের নহে। সেই জন্যই পূর্ব্ববর্ত্তী বৎসরের প্রকৃত হিসাবের সঙ্গে পরবর্ত্তী বৎসরের আয় ব্যয়ের খসড়া হিসাবের কোন তুলনা মূলক বিচার চলে না।

৩। আয় ব্যয়ের যে হিসাব করা হইয়াছে তাহাতে দেখা যায় আগামী বৎসরের ৮৭ লক্ষ ৩ হাজার টাকা রাজস্ব আদায় হইবে এবং বিভিন্ন খাতে ১৫ কোটি ৯৩ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয় হইবে। অর্থাৎ ব্যয়ের পরিমাণ রাজস্বের চেয়ে অনেক বেশী হইবে।

৪। আগামী বৎসরের আনুমানিক রাজস্ব ১৯৬৪-৬৫ সালের খসড়া হিসাব অপেক্ষা ৯ লক্ষ টাকা এবং ১৯৬৪-৬৫ সালেরসংশোধিত হিসাব অপেক্ষা৪ লক্ষ ৬০ হাজার টাকা বেশী হইবে। তবে, রাজস্বের এই বৃদ্ধি সত্বেও মোট ঘাটতির অতি সামান্য অংশই পূরণ হইবে।

৫। মোট ১৫ কোটি ৯৩ লক্ষ টাকা ব্যয়ের মধ্যে ১১ কোটি ৫ লক্ষ টাকা রাজস্ব খাতে এবং ৪ কোটি ৮৮ লক্ষ টাকা মূলধনী খাতে ব্যয় হইবে। রাজস্ব খাতে যে ব্যয় হইবে তাহার স্থলে ১ কোটি ৭৭ লক্ষ টাকা আদায় করা যাইবে বলিয়া আশা করা যায়। সুতরাং রাজস্ব খাতে মোট আয় হইবে ২ কোটি ৬৪ লক্ষ টাকা এবং ঘাটতির পরিমাণ হইবে ৮ কোটি ৪১ লক্ষ টাকা। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে অনুদান বাবত প্রাপ্য অর্থদ্বারা এই ঘাটতি পূরণ করা হইবে।

৬। মূলধনী খাতে ১ কোটি ৯৪ লক্ষ টাকা আদায় হইবে বলিয়া হিসাব করা হইয়াছে। এই খাতে ঘাটতির পরিমাণ ২ কোটি ৯৪ লক্ষ টাকা। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্য ঋণের দ্বারা এই ঘাটতি পূরণ করা হইবে।

৭। পূর্ব্ববর্ত্তী বৎসরের মত এই বাজেট বৎসরেও রাজস্বের প্রধান প্রধান উপাদান হইল ভূমি রাজস্ব সমাজ সেবা মূলক ও উন্নয়ন কার্য্যাবলী এবং বিদ্যুৎ প্রকল্প। সভায় উপস্থাপিত আয় ব্যয়ের হিসাবে ইহার বিশদ বিবরণ দেওয়া হইল। আগামী বৎসরের রাজস্ব খাতের মোট ১১ কোটি ৫ লক্ষ টাকার ব্যয়ের ধারা পূর্ব্ববর্ত্তী বৎসরের ধারারই অনুরূপ; তবে মূলধন খাতে ব্যয়ের ঘাটতি পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে গৃহীত ঋণের সুদের পরিমাণ চলিত বৎসরের তুলনায় আগামী বৎসরে প্রায় দ্বিগুণ হইবে। আর মোট ব্যয়ের ৪০ শতাংশের বেশী টাকা সমাজ সেবা মূলক ও উন্নয়নমূলক কার্য্যাবলী বাবত ব্যয় হইবে।

৮। মূলধনী খাতে যে ৪ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয় হইবে তাহার মধ্যে পূর্ত্ত কার্য্যাদি এবং সরকারী বাণিজ্য পরিকল্পনা বাবত প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা লাগিবে। এই বাণিজ্য ব্যবস্থায় প্রধানতঃ খাদ্য শস্যাদি ক্রয় করিয়া ন্যায্য মূল্যের দোকানগুলির মাধ্যমে বিক্রয় করা হয়।

৯। পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত প্রকল্প খাতে মোট ব্যয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

	রাজস্ব খাতে	মূলধনী খাতে
পরিকল্পনা	২.৬৩ কোটি টাকা	২.২১ কোটি টাকা
পরিকল্পনা বহির্ভূত	৮.৪২ কোটি টাকা	২.৬৭ কোটি টাকা
মোট	১১.০৫ কোটি টাকা	৪.৮৮ কোটি টাকা

১০। অতীতে সরকার যে সকল উন্নয়ণ মূলক ও অন্যবিধ কার্য্যাবলী গ্রহণ করিয়াছেন সেইগুলি সম্বন্ধে সদস্যগণ অবিহিত আছেন। উন্নয়ন কার্য্যাবলীতে আমরা যথেষ্ট সাফল্য লাভ করিয়াছি। আমাদের অধিকাংশ পরিকল্পনাই পূর্ব্বানুবৃত্তি। তাই, আমি আজ কেবল সংক্ষেপে ১৯৬৫-৬৬ সালের কার্য্যসূচীর উল্লেখ করিব।

কৃষি

১১। প্রতি বৎসরই সুপরিকল্পিত উপায়ে উৎপাদন বাড়াইবার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করিয়া আসিতেছি। ১৯৬৫-৬৬ সালের জন্য অত্যাবশ্যক শস্য সামগ্রীর উৎপাদন বৃদ্ধির যে লক্ষ্যমাত্রা স্থিরীকৃত হইয়াছে তাহা নিম্নরূপ :—

খাদ্যশস্য ২ হাজার টন, তৈল বীজ ৯ শত টন, ইক্ষু ২ শত টন, তুলা ২ শত গাঁইট এবং পাট ৩০ হাজার গাঁইট। তদুপরি শাকসব্জী এবং আনারসের চাষ সম্প্রসারণ ছাড়াও অতিরিক্ত ৩ শত একর ফল

চাষের ও ২৫০ একর কাজু বাদাম চাষের আওতায় আনিবার এবং কোকো চাষ প্রবর্তনের সম্ভাবনা সম্পর্কে গবেষনা চালাইবার পরিকল্পনা আছে। স্বল্পমূল্যে নারিকেল ও সুপারির চারা, আলু, ডাল, আদা, হলুদ ও পাটের বীজ সরবরাহের কার্যসূচীও রহিয়াছে। উন্নত ধরণের কৃষি যন্ত্রপাতি ব্যবহারের এব· উন্নত ধরণের চাষবাস পদ্ধতি ও সার প্রয়োগের জন্য প্রচেষ্টা চলিবে।

১২। থাক কাটিয়া চাষ, আল তুলিয়া বাধ দেওয়া, লুপ্ত জমির পুনরুদ্ধার এবং বৃক্ষরোপন প্রভৃতি ভূমি সংরক্ষণ কার্যসূচীর অন্তর্গত। ভূমি সংরক্ষণ সমস্যা সম্পর্কে গবেষণা প্রদর্শনের কাজ চলিতেছে। মৃত্তিকা সমীক্ষণের কাজ ইতিমধ্যে চালু হইয়াছে এবং ইহা চলিতে থাকিবে।

১৩। মৎস্যচাষ কার্য্যসূচীতে মৎস্য চাষের জন্য নূতন জলাভূমির পুনরুদ্ধার, মৎস্য ডিম্ব কেন্দ্র ও মৎস্য উৎপাদন প্রদর্শন কেন্দ্র চালু রাখা, মৎস্য চাষীদিগকে মৎস্য পোনা সরবরাহ প্রভৃতির ব্যবস্থা আছে।

১৪। চতুর্থ পঞ্চ বার্ষিকী পরিকল্পনা আরম্ভ করিবার জন্য আগাম অতিরিক্ত কার্য্যসূচী বাবত ২ লক্ষ ৬০ হাজার টাকা বরাদ্দ আছে।

পশু পালন

১৫। নিম্নলিখিত বিষয়গুলির জন্য ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে:—

১) গবাদি পশুর চিকিৎসালয়গুলিকে গবাদি পশুর হাসপাতালে উন্নীত করা,

২) হাসপাতাল সংলগ্ন রোগ সম্বন্ধীয় গবেষণাগার স্থাপন করা

৩) একটি পল্লী পশু চিকিৎসালয়, একটি ষ্টকম্যান সেণ্টার এব একটি ভ্রাম্যমান চিকিৎসক দল স্থাপন করা।

৪) বলদকরণের কাজ ব্যাপকভাবে চালু করা।

১৬। তুলা বীজ, খইল প্রভৃতি পশুরখাদ্য আরও বেশী করিয়া সরবরাহের জন্য একটি নূতন কার্য্যসূচী গ্রহণ করা হইতেছে।

১৭। উৎপাদকের নিকট হইতে অধিক পরিমাণে ও সস্তায় দুধ সংগ্রহ করিবার জন্য দুইটি সংগ্রহ কেন্দ্র স্থাপন করা হইবে এবং দেশী গবাদি পশুর সমুন্নয়ন ও তদ্বারা দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করণের জন্য সংগ্রহ কেন্দ্র সংশ্লিষ্ট দুইটি ইউনিট চালু করা হইবে।

১৮। আমরা উপযুক্ত কারিগরী শিক্ষা প্রাপ্ত কর্মীর অভাবে দুগ্ধজাত দ্রব্য উন্নয়ন প্রকল্পের কাজে আশানুরূপ উন্নতি করিতে পারিতেছিনা। এই বাধা অতিক্রম করিবার উদ্দেশ্যে কয়েকজন ছাত্রকে ডিগ্রী ও ডিপ্লোমা কোর্সে শিক্ষা গ্রহনের জন্য ত্রিপুরার বাহিরে পাঠাইবার প্রস্তাব করা হইয়াছে।

আদিবাসী কল্যাণ

১৯। আর্থিক ও শিক্ষার দিক দিয়া অনগ্রসর তপশিলী সম্প্রদায় ও তপশিলী জাতিদের কল্যাণার্থে কয়েকটি প্রকল্পের কাজ চলিতেছে। এই উদ্দেশ্যে বাজেটে মোট ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। এই অর্থের দ্বারা নিম্নোক্ত কার্য্যসূচী রূপায়িত হইবে:—

২০। অতিরিক্ত এক হাজার জুমিয়া পরিবারকে পুনর্বাসন দান। ২৭ হাজার জুমিয়া পরিবারের মধ্যে এখন পর্য্যন্ত ১৭ হাজারের বেশী জুমিয়া পরিবারকে ইতি মধ্যেই পুনর্বাসন দেওয়া হইয়াছে এবং ৪১টী জুমিয়া কলোনী স্থাপন করা হইয়াছে।

২। ২৩১ টি ভূমিহীন তপশিলী সম্প্রদায় ও তপশিলী উপজাতিকে স্থায়ী বসবাস দেওয়া হইবে।

৩। ছাত্রাবাস নির্ম্মান, ছাত্রাবাসে স্থান প্রাপ্ত ছাত্রদের বৃত্তি প্রদান, প্রাথমিক বিদ্যালয় সমূহের জন্য গৃহ নির্ম্মান ব্যয় মঞ্জুরী প্রদান, আশ্রম বিদ্যালয় স্থাপন প্রভৃতি বিষয়ের জন্য পরিকল্পিত বিশেষ প্রকল্প সমূহের কাজ অব্যাহত রাখা হইবে।

৪। দুরারোগ্য ব্যাধির চিকিৎসা, ধাই শিক্ষণ এর সুযোগ সুবিধা ও অন্যান্য সংশ্লিষ্ট প্রকল্পের ব্যাপারে আদিবাসীদের আর্থিক সাহায্য দেওয়া হইবে।

৫। আদিবাসীদের যুবক চাষীদের শিক্ষা দেওয়া হইবে এবং উন্নত ধরনের বীজ, রাসায়নিক সার ভাল জাতের পশু পক্ষী প্রভৃতিও বিতরণ করা হইবে

৬। শস্য ব্যাঙ্ক সমন্বিত সেবা সমবায় সমিতি আদিবাসীদের মধ্যে স্থাপন করা হইতেছে। অদ্যাবধি ৫৭টী অনুরূপ সমবায় সমিতি ও ৩টী বনশ্রমিক সমবায় সমিতি স্থাপন করা হইয়াছে।

৭। বিভিন্ন কারুশিল্প শিক্ষণরত তপশিলী উপজাতি ও তপশিলী সম্প্রদায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়। আদিবাসীদের জন্য প্রতিষ্ঠিত শিক্ষণ ও উৎপাদন কেন্দ্রগুলি চালু রাখা হইতেছে। মহিলা সমিতি সমূহকে আর্থিক সাহায্য দান করা হইবে।

৮। তপশিলী উপজাতি ও তপশিলী সম্প্রদায়ের গৃহ নির্মান মঞ্জুরী, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন প্রভৃতি প্রকল্পের জন্যও অর্থ বরাদ্দ করা হইয়াছে। ৪টী আদিবাসী উন্নয়ন ও সর্ব্বার্থ সাধক ব্লক ইতিমধ্যে স্থাপন করা হইয়াছে।

সমষ্টি উন্নয়ণ

২০। নিম্নলিখিত বিষয়গুলির জন্য বাজেট ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে :—

কৃষি :—	আমন ধান, আউস ধান, পাট, আলু, রবিশস্য, শীত ও গ্রীষ্মকালীন সব্জী প্রভৃতি চাষের পদ্ধতি প্রদর্শন, কৃষি প্রদর্শনী সংগঠন প্রভৃতি।
পশু পালন :—	উন্নত ধরণের পাতি হাঁস, মুরগী প্রভৃতি বিতরণ, পশুপাখী পালনের আদর্শ ঘর নির্ম্মাণ প্রভৃতি।
ক্ষুদ্র জলসেচ ও জলাভূমি সংস্কার (মঞ্জুরী ও ঋণ)	বাঁধ নির্ম্মাণ, খাল খনন, জল সেচের জলাশয়গুলি খনন, জলা জায়গায় সংস্কার করণ প্রভৃতি।
পল্লী স্বাস্থ্য ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা	শিশু প্রদর্শনী সংগঠন, ব্লিচিং পাউডার সরবরাহ (নলকূপ খনন) পল্লী স্বাস্থ্য ব্যবস্থা উন্নতি সাধন প্রভৃতি।
শিক্ষা :—	মণ্টেসরী শিক্ষাদানের উপকরণ ও পুস্তক সরবরাহ, ছাত্রদের শিক্ষা মূলক দেশ ভ্রমণ, খেলাধুলার সামগ্রী সরবরাহ প্রভৃতি।
সমাজ শিক্ষা :—	বাদ্যযন্ত্র সরবরাহ, গ্রাম প্রধান শিক্ষন শিবির সংগঠন, খেলাধূলার সামগ্রী সরবরাহ ও প্রাতঃ সন্ধ্যা শ্রম শিবির সংগঠন।
যোগাযোগ :—	সেতু, কালভার্ট, রাস্তা প্রভৃতি নির্ম্মাণ।
গ্রামী চারু ও কারুশিল্প :—	শিক্ষার্থীদিগকে বৃত্তিদান, কর্ম্মশালা নির্ম্মাণ, শিল্প সমবায় সমিতিগুলিকে সাহায্য দান, উন্নত ধরণের যন্ত্রপাতি ও সামগ্রী সরবরাহ প্রভৃতি।
পরিকল্পনা কর্ম্মচারীদের বাসস্থান :—	কর্ম্মচারীদের জন্য বাসগৃহ নির্ম্মাণ।
ব্লকের সদর কার্য্যালয় :—	ব্লক কর্ম্মচারীদের জন্য আফিস ঘর প্রভৃতি নির্ম্মাণ।

২১। এতদ্ব্যতীত, গ্রামীণ জনশক্তি কাজে লাগাইবার ও পানীয় জল সরবরাহের জন্য পরিকল্পিত পাইলট প্রজেক্ট কার্য্যসূচীতে অর্থ বরাদ্দ করা হইয়াছে।

সমবায়

২২। এই পর্য্যন্ত ৬৫৫টি সমবায় সমিতি গঠিত হইয়াছে। ইহাদের অধিকাংশই ঋণ দান সমিতি। এই ঋণদান সমিতিগুলি স্বল্প সুদে কৃষকদিগকে স্বল্প ও মধ্যম মেয়াদী ঋণ সরবরাহ করে। আমাদের কৃষিজীবিগণের প্রায় ২৮ শতাংশ ঋণ দান সমিতিগুলির আওতায় আসিয়াছেন। বিপণন সমবায় সমিতিগুলি আরেক পর্য্যায়ের সমবায়ের সমবায় সমিতি। এই সমিতিগুলি কৃষিজাত দ্রব্যাদির ক্রয় বিক্রয়ের কার্য্যে লিপ্ত আছে। ব্যবহারিক সমবায় সমিতিগুলি ন্যায্য মূল্যে অত্যাবশ্যক দ্রব্যাদি সরবরাহ করিতেছে।

২৩। নিম্নলিখিত কাজের জন্য সমবায় খাতে ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে :—

(১) নূতন সেবা সমবায় সমিতি সংগঠন ও ক্ষুদ্রায়তন সমিতিগুলিকে পুনর্জীবিত করণ

(২) বিপণন সমবায় সমিতি সংগঠন এবং বিপণন ব্যবস্থাকে শক্তিশালী করণ,

(৩) ব্যবহারিক সমবায় সমিতি ও সমবায় খামার সমিতি সংগঠন এবং

(৪) গুদাম নির্ম্মাণ প্রচার ও সমিতির কর্ম্মীদিগকে শিক্ষা দান।

শিক্ষা

২৪। দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনা কাল হইতে বিভিন্ন স্তরে শিক্ষা লাভের সুযোগ সুবিধা অনেক সম্প্রসারিত করা হইয়াছে। এই সমস্ত সুযোগ সুবিধা আগামী বৎসরেও বহাল থাকিবে। নিম্নলিখিত বিষয়গুলি ১৯৬৫-৬৬ সালের শিক্ষা কর্ম্মসূচীর অন্তর্ভুক্তি হইয়াছে :—

(১) ১০০টি নিম্ন বুনিয়াদী বিদ্যালয় চালু করা হইবে এবং ১২০টি প্রাথমিক বিদ্যালয়কে নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে রূপান্তরিত করা হইবে। ৬ হইতে ১১ বৎসর বয়সের শিশুদের শতকরা ৮৮ জনকে ১৯৬৫-৬৬ সালে বিদ্যালয়ে ভর্ত্তি করা যাইবে বলিয়া আশা করা যায়।

২) অবশিষ্ট উচ্চ বিদ্যালয়গুলিকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে রূপান্তরিত করা হইবে এবং আর একটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হইবে। ১৪ বৎসর হইতে ১৭ বৎসর বয়সের ছেলেমেয়েদের শতকরা ১৪ জনকে ১৯৬৫-৬৬ সালে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে স্থান দেওয়া সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

(৩) আগামী বৎসরে মহারাজা বীরবিক্রম কলেজে স্নাতকোত্তর শিক্ষাদান ব্যবস্থা প্রবর্ত্তনের প্রস্তাব করা হইয়াছে।

(৪) আরও একটি এন, সি, সি, দল গঠনের প্রস্তাব করা হইয়াছে।

(৫) সাংস্কৃতিক কার্য্যসূচী অনুযায়ী একটি "বিজ্ঞান ভবন" স্থাপনের প্রস্তাব গৃহীত হইয়াছে।

২৫। কর্ম্মচারীর সংখ্যা বৃদ্ধি, সাজ সরঞ্জাম ক্রয়, মধ্যাহ্ন ভোজন সরবরাহ, বিনামূল্যে পুস্তক সরবরাহ, স্কুল কমিটিকে মঞ্জুরী প্রদান, অনুশীলন শিবিরের ও খেলাধুলার ব্যয় নির্ব্বাহ, স্কাউট শিক্ষণ শিবির সমাজ সেবা, গাইড লিডারস শিক্ষণ শিবির প্রভৃতির জন্য প্রয়োজনীয় ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে।

অগ্নি নির্ব্বাপক সংস্থা

২৬। আগরতলা, উদয়পুর ও ধর্ম্মনগর এই তিনটী স্থানের প্রত্যেকটিতে একটি করিয়া মোট তিনটি অগ্নি নির্ব্বাপক কেন্দ্র চালু আছে। গত তিন বৎসরে উক্ত তিনটী কেন্দ্রে যে সকল ক্ষেত্রে অগ্নি নির্ব্বাপন সংক্রান্ত কার্য্যে সাহায্য করা হইয়াছে তাহার বিবরণ পর পৃষ্ঠায় দেওয়া হইল :—

(অগ্নিকাণ্ড)

কেন্দ্রের নাম	বৎসর	অগ্নি নির্বাপনের আহ্বান সংখ্যা	ক্ষতির পরিমাণ (টাকার হিসাবে)	যত সংখ্যক লোক মারা গিয়াছে	যত সংখ্যক লোক উদ্ধার করা হইয়াছে	যতগুলি পশু মারা গিয়াছে	যতগুলি পশু উদ্ধার করা হইয়াছে
আগরতলা	১৯৬২	৯১	১,৬৪,৪৪০\	—	৪	—	—
	১৯৬৩	৮০	৩২,৩৫০\	১	১	২	—
	১৯৬৪	৫৯	২৬,৩৫০\	১	—	—	—
উদয়পুর	১৯৬২	১৪	১৭,৭৬১\	—	—	৬২	—
	১৯৬৩	২৩	১২,৩৭৭\	—	—	—	—
	১৯৬৪	২২	২১,৭৪০\	—	—	১	—
ধর্মনগর	১৯৬২	৩	১০,০৪৫\	—	—	—	—
(১৯৬২ সালের ২০শে	১৯৬৩	৬	২৪,৮২০\	—	—	—	—
জুলাই উদ্বোধন করা হয়)	১৯৬৪	৭	১,৫২৭\	—	—	—	—

(বিশেষ কারণে আহ্বান)

কেন্দ্রের নাম	বৎসর	আহ্বানের সংখ্যা	দুর্ঘটনার নমুনা			
			বিষাক্ত ও বিপদ-জনক গ্যাস-নিঃসরণ	বন্যা	দুর্ঘটনা	অন্যান্য
আগরতলা	১৯৬২	২৩	১	২১	...	১
	১৯৬৩	২৭	...	২৩	১	৩
	১৯৬৪	২৪	...	২৪	...	...
উদয়পুর	১৯৬২	...	...	...	...	...
	১৯৬৩	২	...	১	...	১
	১৯৬৪	৫	...	৫	...	...
ধর্মনগর	১৯৬২	...	...	...	...	...
	১৯৬৩	১	১	...	...	...
	১৯৬৪	৩	...	৩	...	...

২৭। এই তিনটী কেন্দ্রকে চালু রাখিবার এবং আরও যন্ত্রপাতি ক্রয় করিবার জন্য এই বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হইয়াছে।

খাদ্য ও জন সংভরণ

২৮। ভাত এখানকার জন সাধারণের প্রধান খাদ্য। অথচ চাউলের ব্যাপারে এই রাজ্য একটী ঘাটতি অঞ্চল। সুতরাং প্রতি বৎসর বহু পরিমাণে চাউল বাহির হইতে আমদানী করিতে হয় এবং সেই আমদানীকৃত চাউল ন্যায্য মূল্যের দোকান মারফত বিক্রয় করা হয়। ইহা ছাড়া প্রায় সমস্ত প্রকার অত্যাবশ্যক সামগ্রীর জন্য ভারতের অন্যান্য অঞ্চলের উপর আমাদের নির্ভর করিতে হয়। বর্ত্তমানে এই সমস্ত জিনিষের দুষ্প্রাপ্যতা এবং যে সকল স্থান হইতে এই দ্রব্য সামগ্রী আমাদিগকে সরবরাহ করা হয় সেই সকল স্থানে অনিশ্চিত অবস্থার দরুন এখানেও সুষ্ঠু সরবরাহ ও বন্টনের ক্ষেত্রে নানাবিধ সমস্যার উদ্ভব হইয়াছে। সরবরাহের উৎস স্থান হইতে এখানে আমদানীর ব্যাপারে যান বাহনের সুযোগ সুবিধার অপ্রতুলতার দরুণ এই সমস্যা আরও জটীল আকার ধারণ করিয়াছে। সময়ে সময়ে অত্যাবশ্যক দ্রব্যাদির মূল্যও বৃদ্ধি পাইয়াছে। সরবরাহের উৎস স্থলে মূল্য বৃদ্ধি পাওয়ার জন্যই এখানেও সেই অনুপাতে জিনিষের দাম বাড়িয়াছে। সুতরাং ইহা অপরিহার্য্য।

২৯। এই সমস্ত সমস্যা সম্বন্ধে সরকার সচেতন। সমস্যাগুলির সমাধানের জন্য উপায় উদ্ভাবনের চেষ্টাও চলিতেছে। খুবই সুখের বিষয়, এই সমস্ত ব্যাপারে এখনও পর্য্যন্ত কোনও আইনের সাহায্য লইতে হয় নাই। কারণ, আইনের আশ্রয় গ্রহণ করিলে তাহাতে যে শুধু সরকারের অর্থকোষের উপরই অযথা চাপ পড়িবে তাহাই নহে, শৃঙ্খলানিষ্ঠ নাগরিকবৃন্দের এক বৃহদাংশও ইহাতে বিরক্তি বোধ করিবেন।

৩০। বন বিভাগের ১৯৬৫-৬৬ সালের কার্য্যসূচীর বিবরণ নিম্নে দেওয়া হইল—

(১)	অর্থকরী বনায়ণ	৩২৯২ একর
(২)	বিলুপ্ত প্রায় বন ভূমির উদ্ধার সাধন	১০২৫ একর
(৩)	দ্রুত বর্দ্ধনশীল মশল্লার চারা রোপণ	৭০০ একর
(৪)	বৃক্ষাদি শূন্য উচ্চ টীলা ভূমিতে বৃক্ষ রোপণ।	৩৯০ একর
(৫)	রাস্তার পার্শ্বে বৃক্ষ রোপণ	৪০ একর
(৬)	মাঝারী বনজ সম্পদের উন্নয়ন	১৩৬ একর
(৭)	সংরক্ষিত বনাঞ্চলের সীমানা নির্দ্ধারণ	১৯৫ মাইল
(৮)	গৃহ নির্ম্মাণ	৯টি
(৯)	জুম নিয়ন্ত্রণ প্রকল্পের অধীনে ভূমি সংরক্ষণ	২১০ একর

৩১। আরও ৭০ একর এলাকায় রবার চাষ সুরু করিবার প্রস্তাব করা হইয়াছে। পাইলট প্রকল্প হিসাবে লাক্ষা চাষের চেষ্টা চলিতেছে। অর্থকরী শস্য ও ঔষধ সম্বন্ধীয় গাছ গাছড়া উৎপাদনের কার্য্যসূচী গ্রহণ করা হইয়াছে।

৩২। টাঙ্গিয়া পদ্ধতি অনুসারে নূতন বনভূমি সৃষ্টির জন্য বিরাট অঞ্চল তৈয়ারী করা হইবে। এই পদ্ধতিতে ভূমি উদ্ধারের ফলে উপজাতি জুমিয়াগণ তাহাদের জুম ফসলের সুযোগ সুবিধা ছাড়াও ক্ষতি পূরণ লাভ করিবেন।

শিল্প

৩৩। শিল্পায়ন ব্যতীত কোন দেশ উন্নতি করিতে পারে না। দুর্ভাগ্যের বিষয়, আমাদের এই রাজ্যে কোন সুপ্রতিষ্ঠিত শিল্প নাই। অতীতে আমরা বিভিন্ন প্রকারের শিল্প প্রতিষ্ঠার কথা চিন্তা করিয়াছি, কিন্তু তাহার মধ্যে কোনটিই আজ পর্য্যন্ত বাস্তবে রূপায়িত করা সম্ভবপর হয় নাই। ইদানীং এই বিষয়ে আমরা বিশেষ মনোযোগ দিয়াছি এবং কয়েকটি প্রকল্প রচনাও করিয়াছি। প্রয়োজনীয় কাঁচা-মাল ও অন্যান্য সুযোগ সুবিধার কথা বিশেষ ভাবে চিন্তা করিয়া তবেই একটি শিল্প প্রতিষ্ঠার স্থান নির্ব্বাচন করা হয়।

আমার মনে হয় বর্ত্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে কয়েকটি মাঝারী আকারের শিল্প যদিও আমরা প্রতিষ্ঠিত করিতে পারি, তবুও এই রাজ্যে ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নের ব্যাপারেই বিশেষ গুরুত্ব দেওয়া প্রয়োজন। এই জন্যই এখানে একটি ক্ষুদ্রায়তন শিল্প কর্পোরেশন স্থাপনের জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করিতেছি। গঠিত হওয়ার পর এই সংস্থা ক্ষুদ্রায়তন শিল্পের উন্নয়নে সর্বতোভাবে সাহায্য করিতে পারিবে। বিশেষতঃ ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে আর্থিক সাহায্য, তাহাদের জন্য যন্ত্রপাতি সংগ্রহ, কাঁচামাল সরবরাহ এবং উৎপাদিত দ্রব্যের বিক্রয়ের ব্যবস্থা ছাড়াও অন্যান্য বিষয়ে এই সংস্থা যথেষ্ট সাহায্য করিবে। ইহা ছাড়া কয়েকটি মধ্যমায়তন শিল্প প্রতিষ্ঠান গঠনের বিষয়টিও বিবেচনাধীন রহিয়াছে।

৩৪। অর্দ্ধদক্ষ কারিগরদিগের আধুনিক কলাকৌশল ও নিজ ব্যবসায়ে অন্যান্য সাধারণ সুযোগ সুবিধার বিষয়ে প্রশিক্ষণের জন্য উদয়পুর শিল্প উপনগরীতে একটি ছুতারের কাজের এবং একটি কামারের কাজের ইউনিট চালু করা হইয়াছে। ১৯৬৫-৬৬ সালে কুমারঘাটে আরেকটি শিল্প উপনগরী গঠন করিবার প্রস্তাব করা হইতেছে।

৩৫। আমাদের কারিগরদের নিপুণতা থাকা সত্ত্বেও উৎপাদনের শেষ পর্য্যায়ে বিশেষ প্রক্রিয়ার যন্ত্রপাতির অভাবে উৎপাদিত তাঁতবস্ত্রের বিক্রয় ব্যবস্থার ক্ষেত্রে হস্তচালিত তাঁতশিল্প বেশ অসুবিধার সম্মুখীন হইয়াছে। এই অসুবিধা দূরীকরণের জন্য আগামী বৎসর মার দেওয়ার যন্ত্রপাতি সন্নিবিষ্ট একটি

ক্যালেণ্ডারিং প্ল্যাণ্ট স্থাপন করিবার প্রস্তাব করা হইয়াছে। বিদ্যুৎচালিত তাঁত প্রতিষ্ঠিত হওয়ার পর ঐ সকল তাঁতে উৎপন্ন বস্ত্রাদির জন্যও এই যন্ত্র কাজে লাগিবে।

৩৬। বিভিন্ন শিল্প সংস্থার জন্য ন্যায্যমূল্যে কাঁচা মাল সংগ্রহ করা ও উৎপাদিত দ্রব্যাদির বিক্রয় ব্যবস্থায় নিযুক্ত কেন্দ্রীয় বিপণন সংস্থাটিকে একটি কর্পোরেশনে রূপান্তরিত করিবার প্রস্তাব করা হইয়াছে।

৩৭। আগরতলা ও কৈলাসহরে অবস্থিত দুইটি শিল্প শিক্ষণ কেন্দ্রে ইতিমধ্যে বিভিন্ন বিষয়ে ৩৪০ জন ব্যক্তি শিক্ষা সমাপ্ত করিয়াছেন, বর্ত্তমানে ৩৬৭ জন শিক্ষা লাভ করিতেছেন।

৩৮। গ্রামীণ শিল্প প্রকল্পের কার্য্যসূচীর অধীনে 'উত্তর ত্রিপুরা প্রকল্প' নামে একটি ইউনিট এই রাজ্যের জন্য বরাদ্দ করা হইয়াছে। এই প্রকল্প অনুযায়ী সমষ্টি উন্নয়ন এলাকাগুলিতে গ্রামীণ ও ক্ষুদ্রায়তন শিল্পগুলির উন্নতিসাধন ত্বরান্বিত করিবার ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

৩৯। তাঁতবস্ত্র রং করার সুযোগ সুবিধা প্রদানের জন্য তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় দুইটি রঞ্জন গৃহ স্থাপনের কথা ছিল। ইহার মধ্যে একটি রঞ্জন গৃহ স্থাপনের কাজ ইতিমধ্যেই সুরু করা হইয়াছে।

৪০। রেশম শিল্পের উন্নয়নের জন্য গৃহীত এক প্রকল্প অনুযায়ী ১৭ একর জমিতে গুটিপোকা ও এরি চাষ শুরু করা হইয়াছে এবং ২৮৮টি পরিবার এই গুটিপোকা পালনের কাজ গ্রহণ করিয়াছেন।

কারা

৪১। যদিও অপরাধ নিরীক্ষামূলক নিয়মাবলী ১৯৬০ সালেই জারী করা হইয়াছিল, সে সমস্ত নিয়মাবলী এখন পর্য্যন্ত রাজ্যের সর্ব্বত্র কার্য্যে পরিণত করা হয় নাই। অবশ্য আগামী বৎসরে ইহা বলবৎ করা হইবে। এই ব্যাপারে প্রয়োজনীয় কর্মচারী নিয়োগ করিবার জন্য বাজেটে অর্থ বরাদ্দ করা হইয়াছে।

৪২। কারাগারে বন্দীদের বিভিন্ন বিষয়ে বৃত্তিমূলক শিক্ষণ দেওয়া হয়। আগরতলা কারাগারের অভ্যন্তরে একটি ছাপাখানা স্থাপনের কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ হইয়াছে। এই ছাপাখানার কাজে শিক্ষালাভ করিয়া শিক্ষিত বন্দীগণ তাঁহাদের পরবর্ত্তী জীবনে সম্মানের সহিত জীবিকা নির্ব্বাহ করিতে পারিবেন। ইহা ছাড়াও এই ছাপাখানা সরকারের পক্ষে মুদ্রণের বিভিন্ন কাজও গ্রহণ করিতে পারিবে। বই বাঁধানর কাজেও বন্দীদিগকে শিক্ষণ দেওয়া হইয়া থাকে।

৪৩। ন্যায্য মূল্যে জিনিষ সরবরাহ করিতে ইচ্ছুক এমন ঠিকাদারের অভাবে আগরতলার বাহিরে অবস্থিত বিভাগীয় কারাগারগুলিতে (সাব-জেল) শুষ্ক খাদ্য ও অন্যান্য দ্রব্য সরবরাহ করা খুবই অসুবিধাজনক হইতেছে। সেইজন্য আগরতলার কেন্দ্রীয় কারাগার হইতে বিভাগীয় কারাগারগুলিতে সরাসরি খাদ্য সরবরাহের প্রস্তাব করা হইয়াছে। ইহাতে বর্তমানে খাদ্য সরবরাহের জন্য ব্যয় ভার হ্রাস পাইবে বলিয়া আশা করা যায়।

৪৪। গম ভাঙ্গা, তৈল নিষ্কাশন ও ধান ভানার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি আগরতলায় কেন্দ্রীয় কারাগারে স্থাপন করা হইয়াছে। এই সমস্ত পরিকল্পনার সাহায্যে রাজস্ব বৃদ্ধি পাইবে এবং ব্যয় সংকোচ হইবে।

শ্রম বিভাগ

৪৫। শ্রমিক সম্প্রদায় সম্পর্কিত ১৪টি আইন এই রাজ্যে বলবৎ আছে। এই সকল আইন অনুযায়ী ৩টি শ্রম কল্যাণ কেন্দ্র চালু আছে। চা শ্রমিকদের অবসর বিনোদনের সুব্যবস্থা, প্রাপ্ত বয়স্কের

শিক্ষা ব্যবস্থা, বৃত্তি মূলক শিক্ষণ লাভ প্রভৃতি বিষয়ে সুযোগ সুবিধা দান করাই শ্রম কল্যাণ কেন্দ্রের উদ্দেশ্য। চা শ্রমিকদের ৬ বৎসর বয়স পর্য্যন্ত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্যের উন্নতি সাধনের জন্য ২টি বালোয়ারী প্রতিষ্ঠান চালু আছে।

স্বায়ত্ব শাসন

৪৬। নিম্ন বর্ণিত কার্য্যতালিকা স্বায়ত্ব শাসন বিভাগের কর্ম্মসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(১) ময়লা অপসারণ করিবার উদ্দেশ্যে মেথরদের জন্য প্রায় দুই মাইল দীর্ঘ যে রাস্তা (উভয়দিকে দেওয়াল সহ) তৈয়ারী হইতেছে তাহার ইট বাঁধানর কাজ ইতিমধ্যেই সুরু হইয়া গিয়াছে। উহা শীঘ্রই শেষ হইবে।

(২) কালভার্ট তৈয়ারীর পর প্রায় আড়াই মাইল রাস্তা পুনবায় বাধান হইবে এবং আধ মাইল নূতন রাস্তা তৈয়ারী করা হইবে।

(৩) আগরতলা শহর উন্নয়নের কাজ শেষ করা হইবে। কতকগুলি রাস্তা ও পুলের উন্নতি সাধন করা ছাড়াও পার্ক ও উদ্যান তৈয়ারীর কাজ ইহার অন্তর্ভুক্ত।

(৪) বস্তী সংস্কার পরিকল্পনা অনুযায়ী আরও আটটি নূতন বাড়ী তৈয়ার করা হইবে।

(৫) বর্ত্তমানে ঝঞ্ঝা তাড়িত নিষ্ক্রমণ পরিকল্পনার কাজের সাথে সাথে একটি ময়লাজল নিষ্কাসন করিবার প্রকল্পের কাজও শুরু করা হইবে।

(৬) বটতলা বাজারে একটি সব্জী মণ্ডপ এবং মহারাজগঞ্জ বাজারে একটি কসাইখানা তৈয়ার করা হইবে। এইগুলি এবং অন্যান্য কয়েকটি বাজারে বিদ্যুৎ সরবরাহের প্রস্তাব করা হইয়াছে।

৪৭। একটি শহর ও গ্রাম পরিকল্পনা সংস্থা সম্প্রতি স্থাপন করা হইয়াছে। বিশৃঙ্খলভাবে বাড়ী তৈয়ারী যাহাতে বন্ধ হইতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখাই হইল এই সংস্থার প্রধান কাজ। ইতিমধ্যেই এই সংস্থার প্রাথমিক পর্য্যায়ের কাজ শেষ হইয়া গিয়াছে এবং আগামী বৎসরেও এই সংস্থার কাজ চলিবে।

চিকিৎসা ও জনস্বাস্থ্য

৪৮। হাসপাতালগুলিতে শয্যা সংখ্যার চাহিদা প্রবল হওয়ার জন্যই আগরতলায় ২৫০টি শয্যা বিশিষ্ট জি, বি, হাসপাতালটি খোলা হইয়াছে এবং প্রাথমিক চিকিৎসা কেন্দ্রগুলির প্রত্যেকটিতে শয্যা সংখ্যা বৃদ্ধি করিয়া ১০টি করা হইয়াছে। অমরপুর এবং ধর্ম্মনগরে অবস্থিত হাসপাতাল দুইটির প্রত্যেকটিতে ১০টি করিয়া শয্যা সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে। শীঘ্রই আরও তিনটি প্রাথমিক চিকিৎসা কেন্দ্র খোলা হইবে। আগামী বৎসরের কার্য্যসূচীতে অনুরূপ আরও ৬টি চিকিৎসা কেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে।

৪৯। যক্ষ্মা রোগের প্রকোপ ক্রমেই বৃদ্ধি পাইতেছে। বর্ত্তমানে যক্ষ্মা বিভাগে মাত্র ৫০টি শয্যা আছে। ঐ সংখ্যা বাড়াইয়া ৭০টি করিবার প্রস্তাব করা হইয়াছে। উদয়পুর এবং ধর্ম্মনগরে অতিরিক্ত আরও দুইটি ক্লিনিক স্থাপনের বিষয়টি বিবেচনাধীন রহিয়াছে।

৫০। কৈলাসহর হাসপাতালে একটি রঞ্জন রশ্মি শাখা (এক্স-রে ইউনিট) স্থাপন করা হইয়াছে।

৫১। গত কয়েক বৎসরে পরিবার পরিকল্পনা বিশেষ গুরুত্ব লাভ করিয়াছে। বিভিন্ন হাসপাতাল ও প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে এখন পর্য্যন্ত মোট ১৩টি পরিবার পরিকল্পনা কেন্দ্র

চালু করা হইয়াছে। এই পরিকল্পনা জেলা ও সমষ্টি উন্নয়ন অঞ্চল পর্য্যায়ে সম্প্রসারিত হইতেছে এবং গ্রামীণ পরিবার পরিকল্পনা কেন্দ্রগুলিও স্থাপন করা হইতেছে।

৫২। জি, বি, হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা হইয়াছে।

৫৩। বর্ত্তমানে আগরতলা ভি, এম, হাসপাতালে যৌনব্যাধি সংক্রান্ত চিকিৎসার সুযোগ আছে। আগরতলার বাহিরে আরও দুইটি যৌনব্যাধি চিকিৎসা কেন্দ্র স্থাপন করিবার প্রস্তাব করা হইতেছে।

৫৪। পূর্ব্বোক্ত কার্য্যসূচী ছাড়াও ভ্রামামান কুষ্ঠ চিকিৎসা কেন্দ্র, বিদ্যালয় চিকিৎসা ব্যবস্থা, জাতীয় বসন্ত ও ম্যালেরিয়া নির্ম্মূল, জনস্বাস্থ্য বিষয়ে শিক্ষা ও শিক্ষণ, বি. সি, জি, টিকা গ্রামে পানীয় জল সরবরাহ প্রভৃতি পরিকল্পনাগুলিও রূপায়িত করা হইতেছে। হাসপাতাল, প্রাথমিক চিকিৎসা কেন্দ্র, ডিসপেনসারী প্রভৃতিতে আরও বেশী করিয়া ঔষধ সরবরাহ করা হইতেছে।

Mr. Speaker :— The House stands adjourned till 2 P. M.

পঞ্চায়েত

৫৫। তৃতীয় পরিকল্পনার মধ্যেই সমগ্র রাজ্যে পঞ্চায়েত প্রতিষ্ঠার পরিকল্পনা প্রথম গ্রহণ করা হইয়াছিল সাধারণ নির্ব্বাচনের পরিপ্রেক্ষিতে ১৯৬১-৬২ সালে প্রথম দুইটি উন্নয়ন ব্লকে পঞ্চায়েত নির্ব্বাচন কার্য্য শুরু করিবার যে কার্য্যসূচী ছিল তাহা স্থগিত থাকে। ফলে সমগ্র পরিকল্পনার পরিবর্ত্তন করা হয় এবং ১৯৬২-৬৩ সালে ৪টি উন্নয়ন ব্লকে পঞ্চায়েত নির্ব্বাচন কার্য্য সম্পন্ন হওয়ার ১১০টি পঞ্চায়েত প্রতিষ্ঠিত হয়। জাতীয় জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে পঞ্চায়েত নির্ব্বাচন কার্য্য কিছুকালের জন্য স্থগিত থাকে। ১৯৬৩-৬৪ সালে আরও ৪টী উন্নয়ন ব্লক পঞ্চায়েত নির্ব্বাচন সম্পূর্ণ হওয়ায় মোট ৮টি উন্নয়ন ব্লকে পঞ্চায়েত প্রতিষ্ঠিত হয়। ফলে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬০০টী পঞ্চায়েত গঠনের স্থলে এখন পর্য্যন্ত ২৪৮টী পঞ্চায়েত গঠিত হইয়াছে।

৫৬। সাধারণভাবে প্রত্যেক পঞ্চায়েতের জন্য একজন সেক্রেটারীর প্রয়োজন। সুতরাং মোট ৬০০ জন শিক্ষণ প্রাপ্ত সেক্রেটারীর প্রয়োজন। এই পর্য্যন্ত ২৭৮ জন সেক্রেটারীকে শিক্ষণ দান করা হইয়াছে।

পুলিশ

৫৭। ভারতের অন্যান্য অঞ্চলের পুলিশ বিভাগের মত এই রাজ্যের পুলিশ বিভাগেরও আইন ও শৃঙ্খলা বজায় রাখিবার দায়িত্ব রহিয়াছে। তাহা ছাড়া, বিভিন্ন জটীল সমস্যা সঙ্কুল সীমান্তের নিরাপত্তা সংক্রান্ত দায়িত্বও আমাদের রাজ্যের পুলিশ বিভাগের উপর বর্ত্তাইয়াছে। দৃষ্টান্তস্বরূপ এখানে কিছুদিন পূর্ব্বে করঙ্গীছড়াতে পাক বাহিনী কর্তৃক গুলিবর্ষণের ঘটনার উল্লেখ করা যাইতে পারে। অত্যাবশ্যক দ্রব্যাদির সরবরাহ সংক্রান্ত বর্ত্তমান সমস্যার সুযোগ গ্রহণের জন্য যে সকল সমাজবিরোধী ব্যক্তি তৎপর আছে তাহাদিগকে দমন করিবার জন্য পুলিশ বাহিনীর সাহায্যের প্রয়োজন হয়। অত্যাবশ্যক সামগ্রী আইনের আওতায় ৭টী ঘটনা পঞ্জীভুক্ত হইয়াছে।

৫৮। অপরাধমূলক কার্য্যাবলী যে হ্রাস পাইতেছে তাহা নিম্নে প্রদত্ত তালিকা হইতে প্রতীয়মান হইবে—

বৎসর	অনধিকার প্রবেশ	ডাকাতি	বলপূর্ব্বক অপহরণ	গবাদি পশু চুরি	মোট
১৯৬২-৬৩	৭১	২৫	৭	৪১	১৪৪
১৯৬৩-৬৪	৮২	১৪	১৭	২১	১৩৪
১৯৬৪ সালের এপ্রিল হইতে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত	৪১	৮	৫	২১	৭৫

৫৯। ১৯৬৪ সালে ৫টী লাইসেন্স বিহীন বন্দুক উদ্ধার করা লইয়াছে।

৬০। ২ হাজার ৫ শত গৃহরক্ষীকে শিক্ষণ দেওয়া হইয়াছে এবং গৃহরক্ষী বাহিনীর শিক্ষণ কাজ চলিতেছে।

সরকারী মুদ্রণালয়

৬১। সরকারী ছাপাখানাটী একটী ছোট সংস্থা। ইহার সামর্থ্যও সীমিত। উন্নয়নমূলক কার্য্যাবলীর সম্প্রসারণের ফলে ছাপাখানার কাজ—বিশেষত গত ২ বৎসরে—অনেক বাড়িয়াছে। বাড়তি কাজ সম্পন্ন করিবার জন্য সময় সময় অতিরিক্ত ব্যবস্থা করা হইয়াছে। এই সমস্যার সমাধানের জন্য আরও যন্ত্রপাতি সংগ্রহ এবং যন্ত্রপাতি বসাইবার জন্য উপযুক্ত গৃহ নির্মাণ করিতে হইবে। এই সকল কাজের জন্য ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

বিদ্যুৎ সরবরাহ বিভাগ

(পূর্ত্ত বিভাগ)

৬২। বগাফা ও আমবাসাতে স্থাপিত বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র দুইটি শীঘ্রই চালু করা হইবে। অবশিষ্ট মহকুমা ও সহর উন্নয়ন ব্লকের প্রধান কার্য্যালয়গুলিতে বিদ্যুৎ সরবরাহের জন্য যোগাযোগ স্থাপনের কাজ আশানুরূপভাবে অগ্রসর হইতেছে।

৬৩। ত্রিপুরাতে বর্ত্তমানে কার্য্যকরী বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রগুলির মোট বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা ১৭৫৩ কিলোওয়াট্। বর্ত্তমানে চালু বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রগুলির সরবরাহ ক্ষমতা বাড়াইয়া এবং আরও দুইটি সরবরাহ কেন্দ্র স্থাপনের দ্বারা ১৯৬৫-৬ সালের মধ্যে বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা ৩১২৮ কিলোওয়াট্ পর্য্যন্ত বৃদ্ধি করা হইবে;

৬৪। গোমতী জল বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটী এবং আসাম হইতে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা চূড়ান্ত-করণের কাজ অনেক দূর অগ্রসর হইয়াছে। আশা করা যায়—শীঘ্রই এই দুইটি প্রকল্পের মঞ্জুরী পাওয়া যাইবে।

পূর্ত্ত বিভাগ

৬৫। পূর্ত্ত বিভাগের গৃহ নির্ম্মাণ কার্য্যসূচীর মধ্যে নিম্নলিখিত কাজগুলি অধিকতর গুরুত্বপূর্ণ :—

১) বিভিন্ন জায়গায় তহশীল আফিস, এস, ডি. ও কোর্ট, আফিস গৃহ, কর্ম্মচারীদের কোয়ার্টার প্রভৃতি নির্ম্মাণ ;

২) ধর্ম্মনগর রেলওয়ে ষ্টেশনের সন্নিকটে খাদ্যশস্য রাখিবার জন্য ৪টি অস্থায়ী সংরক্ষণ ভাণ্ডার এবং অরুন্ধতিনগরে খাদ্যের অনুপযুক্ত চাল সংরক্ষণের জন্য আর একটি গুদাম ঘর নির্ম্মাণ ;

৩) রবীন্দ্র শতবার্ষিকী ভবন, ছাত্রাবাস মহিলা কলেজ, উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও মহারাজা বীরবিক্রম কলেজ উন্নয়নের জন্য দালান নির্ম্মাণ,

৪) গোবিন্দবল্লভ হাসপাতালের কর্ম্মচারীদের আবাসগৃহ নির্ম্মাণ, এবং অমরপুর মহকুমা হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলি নির্ম্মাণ ;

৫) বিভিন্ন অঞ্চলে সীমান্ত আরক্ষা ফাঁড়ি ও থানা নির্ম্মাণ, ত্রিপুরা সশস্ত্র পুলিশ বাহিনীর বাসস্থান ও রাইফেল চালানের স্থান নির্ম্মাণ ;

৬) উদয়পুর ও কুমারঘাটে আঞ্চলিক কৃষি বিভাগীয় আফিস গৃহ ও কর্ম্মচারীদের সরকারী আবাসগৃহ নির্ম্মাণ ; কৈলাসহরে আদর্শ ফলোদ্যান ও রাধাবঘাটে দ্রুত বংশবৃদ্ধিকারী ফল ও চারাগাছের বাগানের কর্ম্মচারীদের আবাসগৃহ নির্ম্মাণ।

৭) অরুন্ধতিনগর শিল্পনগরীর সম্প্রসারণ ও শিল্প শিক্ষণ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ছাত্রাবাস নির্ম্মাণ করা এবং কুমারঘাটে একটি শিল্পনগরী নির্ম্মাণ ও ছুতারের কাজের একটি আদর্শ সংস্থার ভবন নির্ম্মাণ।

রাস্তা ও সেতু

৬৬। আমবাসা বগাফা সড়ক নির্ম্মাণের কাজ ইতিমধ্যেই আরম্ভ হইয়াছে। বগাফা হইতে ৩০ মাইল রাস্তা নির্ম্মাণ ১৯৬৫-৬৬ সালে শেষ হইবে বলিয়া আশা করা যায়। এই রাজ্যের বিভিন্ন অঞ্চলে আরও অনেক কাঁচা রাস্তা নির্ম্মাণ করা হইবে।

৬৭। বর্ত্তমানে ত্রিপুরায় ২৯৫ মাইল পীচ ঢালা রাস্তা, ১১৬ মাইল বাঁধান রাস্তা ও ৪৬৫ মাইল জীপ চলাচল উপযোগী কাঁচা রাস্তা রহিয়াছে। উপরন্তু বহু মাইল দীর্ঘ পায়ে হাঁটার উপযোগী সাধারণ রাস্তা রহিয়াছে।

৬৮। উদয়পুরের নিকটে গোমতী নদীর উপর, আসাম—আগরতলা রাস্তায় হাওড়া নদীর উপর, বিশালগড়ে বুড়িমা নদীর উপর, কুমারঘাটে দেও নদীর উপর ও জুড়ি নদীর উপর সেতু নির্ম্মাণের কাজ আরম্ভ হইয়াছে। ইহা ছাড়াও, মুহুরী, ধলাই ও কুলাই নদীর উপর তিনটি সেতু নির্ম্মাণের কাজ শীঘ্রই আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়। আগরতলা- বিশালগড়, খোয়াই, কাকড়াবন- উদয়পুর ও সোনামূড়াতে বন্যা নিয়ন্ত্রণ কাজ এবং সাবরুম, কৈলাসহর ও অমরপুর প্রভৃতি জায়গায় ভূমিক্ষয় নিরোধ কাজের জন্য অর্থ বরাদ্দ করা হইয়াছে।

৬৯। ক্ষুদ্র জলসেচের জন্যেও বরাদ্দ ধরা হইয়াছে। ইহাতে আনুমানিক ৩০০০ একর জমিতে জলসেচ করা যাইবে।

পুনর্ব্বাসন

৭০। ১৯৬৪-৬৫ সালে পূর্ব্ব পাকিস্তান হইতে অনেক নূতন উদ্বাস্তু এই রাজ্যে প্রবেশ করেন। তাহার ফলে নানাবিধ জটিল সমস্যার সৃষ্টি হইয়াছে। এই সকল উদ্বাস্তুর মধ্যে কেহ কেহ ভূ-সম্পত্তি বিনিময়

করিয়া ত্রিপুরাতে চলিয়া আসিয়াছেন। নবাগত উদ্বাস্তুদের আশ্রয় দানের জন্য ১৬টি ক্যাম্প খোলা হয়। তিন হাজারেরও অধিক উদ্বাস্তু পরিবারকে অন্যান্য রাজ্যে স্থান দেওয়া হইয়াছে। আরও কয়েকটি পরিবারকে শীঘ্রই অনুরূপভাবে বাসস্থানের স্থান দেওয়া হইবে। কতিপয় উদ্বাস্তু পরিবার পুনর্ব্বাসনের জন্য ত্রিপুরার বাহিরে যাইতে রাজী না হইয়া শিবির পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন। নবাগত উদ্বাস্তুদিগকে নগদ টাকা ও অন্যান্য প্রকার সাহায্য দেওয়া হইয়াছে। ১৯৬৫ সালের জানুয়ারী মাসের শেষ দিকে, আনুমানিক এক হাজার উদ্বাস্তু পরিবার শিবিরে ছিলেন। ইহাদের মধ্যে অসহায়া মহিলা, বৃদ্ধ এবং আতুরও আছেন। শেষোক্ত শ্রেণীর উদ্বাস্তুদের ব্যয় নির্ব্বাহ ও স্থায়ী বাসগৃহে স্থান দেওয়ার প্রস্তাব বিবেচনা করা হইতেছে। নবাগত উদ্বাস্তুদের বিভিন্ন শিল্প-বিদ্যায় শিক্ষা দেওয়ার একটি কার্যসূচীও বিবেচনাধীন রহিয়াছে।

স্বর্ণশিল্পীদের পুনর্ব্বাসন

৭১। ভারত সরকার কর্ত্তৃক স্বর্ণ নিয়ন্ত্রণ আদেশ বলবৎ হওয়ার পর বেকার স্বর্ণশিল্পীবৃন্দের পুনর্ব্বাসনের সমস্যা জটিল আকার ধারণ করিয়াছে।

৭২। ত্রিপুরার মোট ৮০২ জন স্বর্ণশিল্পীর মধ্যে ৭০০জন নিজ ব্যবসা চালাইয়া যাইবার অনুমতি লাভের জন্য আবেদন করিয়াছিলেন। ৬৯৭ জনকে অনুমতি পত্র প্রদান করা হইয়াছে এবং তিন জনের আবেদন অগ্রাহ্য হইয়াছে। বাকী ১০২জন অনুমতি লাভের জন্য আবেদন করেন নাই। তাহাদের মধ্যে ২জন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরী সংগ্রহ করিয়াছেন। সুতরাং বাকী ১০০ জন স্বর্ণশিল্পীর মধ্যেই পুনর্ব্বাসন সাহায্য সীমাবদ্ধ থাকিবে। কারণ, ইহারা জমি চাষ করিয়া অথবা অন্য কোন ব্যবসা করিয়া বা রৌপ্য কিম্বা পাথরের কাজ করিয়া তাহাদের আয়ের প্রধান অংশ সংগ্রহ করিতে পারিতেছেন না।

৭৩। স্বর্ণকার হিসাবে ব্যবসা চালাইয়া যাইবার অনুমতি লাভের জন্য আবেদন পেশ করিবার শেষ তারিখ ছিল ১৯৬৪ সালের ৩১শে মার্চ্চ। এই শেষ তারিখটির পরে আরও ৩৮টি আবেদনপত্র পাওয়া গিয়াছে। ইহার মধ্যে পূর্ব্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুগণও আছেন এবং তাহারা এখনও পরীক্ষাধীন রহিয়াছেন।

৭৪। উপযুক্ত স্বর্ণশিল্পীদের পুনর্ব্বাসনের জন্য নিম্নবর্ণিত পরিকল্পনা সমূহ বিবেচনাধীন রহিয়াছে :—

(১) তাহাদের সন্তান সন্ততিদের শিক্ষার ব্যাপারে সাহায্য দান;

(২) যদি তাহারা নিজ ব্যবসা ছাড়িতে প্রস্তুত থাকেন তবে তাহাদের এবং তাহাদের সন্তান সন্ততিদের কারিগরী বিদ্যা শিক্ষণের সুবিধা প্রদান,

(৩) বিভিন্ন শিল্পে পুনর্ব্বাসনের জন্য আর্থিক সাহায্য দান এবং;

(৪) জমির বরাদ্দকরণ ও চাষ আবাদের জন্য খয়রাতি সাহায্য দান।

৭৫। দুইজন স্বর্ণশিল্পীকে বিভিন্ন শিল্প চালু করিবার জন্য ইতি মধ্যেই ঋণ দেওয়া হইয়াছে। বেকার স্বর্ণশিল্পীদের মধ্যে যাহারা খুব দুঃস্থ, বিশেষ বিশেষ ক্ষেত্রে তাহাদিগকে সাহায্যদানের বন্দোবস্ত আছে। অবশ্য এ প্রকারের সাহায্য খুব কম ক্ষেত্রেই দেওয়া সম্ভবপর।

পরিসংখ্যান বিভাগ

৭৬। ভারত সরকারের নির্দিষ্ট কার্য্যসূচী অনুযায়ী জাতীয় নমুনা সমীক্ষণ কর্ম্মসূচী সহ বিভিন্ন তথ্যাদি সংগ্রহ, সংকলন ও প্রকাশ করিবার কাজ পরিসংখ্যান বিভাগ পূর্ব্ববৎ চালাইয়া যাইতেছে। জাতীয় নমুনা সমীক্ষণ কার্য্যসূচীর প্রথম ধাপে এই বিভাগ ইতিমধ্যেই অনেক তথ্য সংগ্রহ করিয়াছে।

এই তথ্যাদির মধ্যে অনেক প্রয়োজনীয় সংবাদ আছে। এগুলি যথোপযুক্তভাবে বিশ্লেষণ ও তালিকাভুক্ত করা প্রয়োজন। হাতে করিয়া এই জাতীয় তালিকা তৈয়ারীর কাজ শ্রমসাধ্য ও ব্যয়বহুল। তাই সম্প্রতি কয়েকটি সারণী যন্ত্র (ট্যাবুলেটিং মেশিন) সংগ্রহ করা হইয়াছে এবং এগুলির সাহায্যে তালিকা প্রস্তুতির কাজ চলিতেছে।

জরীপ ও বন্দোবস্ত

৭৭। জরীপ ও বন্দোবস্ত বিভাগের কাজের অগ্রগতি আশানুরূপ হয় নাই। তাহার প্রধান কারণগুলি হইল :—

(১) ১৯৬৩ সালে ঘূর্ণিবাত্যা ও পর পর দুইবার বন্যার ফলে মানুষের আর্থিক অবস্থা খুবই খারাপ হইয়া যায়। অনেক বক্রী রাজস্ব শোধ করিতে পারেন নাই। ১৯৬০সালের ভূমি সংস্কার আইনের বলে বন্দোবস্ত দেওয়া জমি ছাড়াও নিজেদের অধিকারে অন্য যে জমি আছে তাহার দরুণ নজর এর প্রথম কিস্তির টাকাও অনেকে জমা দিতে পারেন নাই। ইহার ফলে বিধ্বস্ত এলাকায় তজদিকের কাজেও বিলম্ব হয়।

(২) রাজ্যের দক্ষিণাঞ্চলে পূর্ব্ব পাকিস্তানের সীমানার নিকটবর্ত্তী এলাকায় অনেক হিন্দু মুসলমানদের সহিত তাঁহাদের সম্পত্তি বিনিময় করিয়া লন। তজদিকের সময় এই সমস্ত হস্তান্তরিত সম্পত্তি বর্ত্তমানের মালিক ও দখলকারের নামে নামজারী ও নথিভুক্ত করিবার জন্য সমগ্র দলিলই সংশোধন করিবার প্রয়োজন হয়। অনেক ক্ষেত্রে নক্সা বহুল পরিমাণে সংশোধন করিতে হয়।

(৩) আন্তর্জাতিক সীমারেখা পাকাপাকিভাবে চিহ্নিত করণ এখনও সম্পূর্ণ না হওয়ায় পূর্ব্ব পাকিস্থান সীমানা বরাবর মৌজা সমূহের নক্সা ও দলিলপত্রাদি তৈয়ারীর কাজ চূড়ান্ত করা যায় নাই।

৭৮। ১৯৬৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত জরীপ করা ও বন্দোবস্ত দেওয়ার কাজ যতদূর অগ্রসর হইয়াছে এবং ১৯৬৫-৬৬ সালের জন্য যে কার্য্যসূচী নির্দ্ধারিত হইয়াছে তাহা নিম্নে বর্ণিত হইল :

কাজের বর্ণনা (১)	৩১-১২-৬৪ পর্যন্ত যতদূর অগ্রসর হইয়াছে (২)	১৯৬৫-৬৬ সালের কার্য্যসূচী (৩)
গ্রামের সীমাবন্দী	সম্পূর্ণ হইয়াছে	
খের জরীপ	৪১১০.৫০ বর্গমাইল	৫.৫০ বর্গমাইল
কিস্তোয়ার [কিস্তাওয়ার জরীপ]	৪১১০.৫০ বর্গমাইল	৫.৫০ বর্গমাইল
খানাপুরী	৪১১০.৫০ বর্গমাইল	৫.৫০ বর্গমাইল
বুঝারত	৪১১০.৫০ বর্গমাইল	৫-৫০ বর্গমাইল
তজদিক ও জমাবন্দী	২১১৫.০৬ বর্গমাইল	১৩৮৮.৮৪ বর্গমাইল
ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত	২০৩১.৫১ বর্গমাইল	৯৭০.৭৯ বর্গমাইল
স্বত্বলিপির খসড়া প্রকাশন	১৯৭৩.৫২ বর্গমাইল	১৩৮৯.৮৪ বর্গমাইল
আপত্তি মীমাংসা	১[illegible]৯৫.৩৯ বর্গমাইল	১১৯২.৩২ বর্গমাইল
চূড়ান্ত প্রকাশন	১৬৯৫.৩৭ বর্গমাইল	১১১৪.১০ বর্গমাইল
নামজারী	১,৪৩,৬৮৭টি	১৮০০০টি
১৯৬০ সালের ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার ১৫ ধারার আইনের অধীন মামলার	৭,০০০টি	৮৪,৯০০টি
বিচার চূড়ান্ত পরীক্ষা ও সংশোধন	৭৯১.৬৩ বর্গমাইল	১৩৭১.৪২ বর্গমাইল

কর্ম্মচারী কল্যাণ

৭৯। কিছুকাল পূর্ব্বে ভারত সরকার তাহাদের অধীনস্থ কর্ম্মচারীবৃন্দের আমোদ প্রমোদ ও কল্যাণের জন্য কয়েকটি পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন। সম্প্রতি এই রাজ্যেও কর্ম্মচারী কল্যাণ চালু করা হইয়াছে। এই জন্য ১৯৬৫-৬৬ সালে দশ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। এখানকার প্রায় ১২৫০০ জন কর্ম্মচারী এই পরিকল্পনায় উপকৃত হইবেন। কেবল মাত্র সরকারী কর্ম্মচারীবৃন্দ পরিচালিত ষ্টাফ ক্লাব প্রভৃতিতে সাহায্য হিসাবে এই টাকা বণ্টন করা হইবে।

উপসংহার

৮০। উন্নয়ন ও অন্যান্য কার্য্যসূচীর রূপায়ণে আমরা যে কয়েকটি অসুবিধার সম্মুখীন হইয়াছি তাহার মধ্যে শিক্ষণ প্রাপ্ত কর্মীর অভাবই হইল প্রধান। বিভিন্ন বিভাগের পুরাতন ও নবনিযুক্ত কর্মীদিগের জন্য উপযুক্ত শিক্ষণ লাভের ব্যবস্থা করিয়া এই অসুবিধা দূরীকরণের চেষ্টা চলিতেছে। ইহা অবশ্য সময় সাপেক্ষ। আপাততঃ আমাদের সীমিত সামর্থ্যের সাহায্যে যত বেশী কাজ করা সম্ভব তাহা করিবার জন্য আমরা কঠোর পরিশ্রম করিতেছি।

৮১। দেশের উন্নয়ন সাধন রাতারাতি সম্ভবপর নহে। ইহা সময়সাপেক্ষ এবং জটিলতাপূর্ণ। শুধু তাহাই নয়, আমার মনে হয় যেন ইহার আর শেষ নাই। তবে আমরা যে পথে চলিতেছি উহাই ঠিক পথ। বিধান সভার মাননীয় সদস্যগণের ও সমগ্র দেশবাসীর অকুণ্ঠ সাহায্য ও সহযোগিতায় আমরা আমাদের উদ্দেশ্য সাধনে সফল হইব—এই বিষয়ে আমি সুনিশ্চিত। অতীতে যাহারা আমাদিগকে নানাভাবে সাহায্য করিয়াছেন তাহাদের প্রতি আমি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি। ভবিষ্যতেও আমি ও আমার সহকর্মিবৃন্দ সকলের নিকট হইতেই যে অনুরূপ সাহায্য পাইব - এই বিষয়েও আমি নিঃসন্দেহ।

Mr. Speaker :- Hon'ble Members, you are requested to submit your Cut Motions on Demands for 1965-66, if any, within 5 P. M. on Friday, the 26th March, 1965.

The House stands adjourned till 11 A. M. on thursday, the 11th March, 1965.

Starred Question No. 302 By Shri Dinesh Deb Barma

QUESTION	ANSWER
1) How many Sansit notices have been issued to realise agricultural loan, Dadan and land revenue and its division-wise break up ;	1) As per statement 'A' enclosed
2) Whether any attachment was made for realising agricultural loan or Dadan or land revenue.	2) Yes.
3) If so, in how many cases and the names of such sub-divisions ?	3) As per statement 'B' enclosed.

STATEMENT 'A'

(from 14.10.49 to 1964)

Name of Sub-division.	Number of notices issued to realise agricultural loan.	Number of notices issued to realise dadan loan.	Number of notices issued to realise land revenue.
1	2	3	4
Dharmanagar	1,096	45	2,485
Sabroom	595	90	281
Sadar	1,973	127	35,420
Amarpur	194	241	813
Kamalpur	767	329	1,275
Kailashahar	1,426	917	423
Sonamura	706	186	16.822
Belonia	10,718	5,320	18,195
Khowai	10,596	6,525	7,741
Udaipur	1,187	312	5,947
	29,258	14,090	89,402

STATEMENT 'B'

(from 14.10.49 to 1964)

Name of Sub-division	Number of attachment made for realising agricultural loan.	Number of attachment made for realising dadan loan.	Number of attachment made for realising land revenue.
1	2	3	4
Dharmanagar	259	88	710
Sabroom	445	70	201
Sadar	277	22	27,300
Amarpur	3	—	38
Kamalpur	5	7	—
Kailashahar	1,106	685	293
Sonamura	308	87	4,711
Belonia	8,309	3,981	1,530
Khowai	2,096	65	1,540
Udaipur	220	870	—
	13,028	5,875	36,323

Starred Question No. 149 By Shri Aghore Deb Barma

QUESTION	ANSWER
a) Whether the amount payable to the Talukdars has been paid in all cases ;	a) No.
b) If not, the reasons thereof	b) Mainly non-submission of returns by intermediaries.

Starred Question No. 25 By Sunil Kumar Choudhury M. L. A.

QUESTION	REPLY
a) Progress made in construction of Transmitting and receiving centre of All India Radio at Agartala.	i) Transmitter building has come upto plinth level. ii) Receiving Centre-Pile foundation 90% completed.
b) The reasons for delay in completion of the work.	i) Transmitting station Delay due to bad foundation condition. ii) Receiving Centre-Delay due to bad foundation soil.

Starred Question No. 77 by Shri Nripendra Chakraborty

QUESTION	ANSWER
(a) Number of eviction notices under Tripura Land Revenue & Land Reforms Act, served with in the Municipal area of Agartala during last 5 years ;	(a) 297.
(b) number of evictions carried out during the period ;	(b) 175.
(c) number of cases in which evictions could not be carried out ;	(c) 122.
(d) whether any alternative Plot of land and financial assistance had been given to the persons evicted during the period;	(d) * (e) In one case alternative land has been allotted in Agartala town. No financial assistance has been given.
(e) if so, their number ;	

Starred Question No. 78. by Shri Nripendra Chakraborty.

Question	Answer
(a) Whether services of Ramani Mohan Debnath, Badar Amin of Halahali, Kamalpur, Bhubanswar Pal, Peon of Settlement office, Halahali, Kamalpur and Rati Lal Deb Barma another employee of the Settlement Department were terminated;	[a] The services of Sarbashri 1] Murari Mohan Debnath, Badar Amin [and not Ramani Mohan Deb Nath] 2] Bhubanswar Pal, Peon. 3. Mati Lal Deb Barma, Asstt. Amin [and not Rati lal Deb Barma] of the Settlement Department were terminated.
[b] if so, the grounds on which their services had been terminated;	[b] The services of Shri Murari Mohan Deb Nath and Shri Bhubanswar Pal were terminated on one month's notice in terms of their temporary appointment and the services of Shri Mati lal Deb Barma were terminated due to long abesence.
[c] whether they preferred any appeal against termination of services;	[c] Yes Shri Murari Mohan Deb Nath & Shri Bhubanswar Pal preferred appeals against the order of termination.
[d] if so, result of that appeal ?	[d] The appeals were rejected by the appellate authority.

Starred Question No. 145 by Shri Promode Ranjan Das.

Question.	Answer.
[a] The total amount given to each family so far to rehabilitate and help the goldsmiths who have been thrown out of the jobs as a result of the Gold Control Order	(a) Loans have been given to the two families one Rs. 10,000/- for Wire Nails Manufacturing Industry in 1962-63 under state Aid to Industries Rules and the other Rs. 6,000/- for plastic goods Manufacturing Industry in 1963-64 under Rehabilitation Scheme of the Department of Industries.
[b] If not whether the Government has got any immediate plan to extend help to the Goldsmith as a grant	(b) No.

Starred Question No. 304 by Shri Atiqul Islam

Question.	Answer.
(1) Whether it is a fact that a large number of employees of Survey & Settlement Department have been retrenched and also are facing retrenchment ;	(1) 34 temporary surplus employees have so far been retrenched and a proposal for retrenchment of 44 temporary surplus employees is under consideration.
(2) If so, what are the reasons ; and	(2) Due to gradual completion of certain stages of work.
(3) Whether the Govt. Proposes to absorb them in other Departments ?	(3) Yes, as far as practicable according to suitability.

Starred Question No. 219 asked by Shri Birchandra Deb Barma M. L. A.

Question.	Reply.
1) Total amount of cement surveyed as unserviceable and auctioned during 1960-64.	120 bags.
2) Whether the amount is on the increase.	No.
3) If so, the step taken in the matter.	Does not arise.

APPENDIX B.

Unstarred Question No. 3—by Shri Sunil Choudhuri, M. L. A.

Question.	Answer.
1. Total number of fire accidents that took place in Tripura during last 5 years ; 2. A division-wise break up of the figure ; 3. Total amount of financial loss suffered by the affected people ; 4. Total amount of financial assistance given to the people who suffered loss ; 5. measures taken to give protection against fire accidents ?	Materials are under collection.

Unstarred Question No. 18 by Shri Hlura Aung Mog, M. L. A.

Question.	Answer.
(a) Total number of Scheduled caste landless agricultural workers in Tripura.	(a) 6727 families (Approx.)
(b) A division-wise break-up of that figure ;	(b) Dharmanagar ... 388 families (Approx.). Kailashahar ... 1,255 „ „ Kamalpur ... 1,164 „ „ Khowai ... 1,050 „ „ Sadar ... 1,560 „ „ Udaipur ... 467 „ „ Sonamura ... 288 „ „ Amarpur ... 50 „ „ Belonia. ... 450 „ „ Sabroom ... 55 „ „ Total :— 6,727 families (Approx.)
(c) Number of such agricultural workers allotted land for rehabilitation ;	(c) 593 families.
(d) Financial assistance given to each of these agriculturists families ?	(d) Financial assistance has been given to 506 families at the rates noted below :— (i) Grant paid Rs. 300/- to 461 families. (ii) Grant paid Rs. 100/- to 45 families. Total :— 506 families.

Unstarred Question No. 245—by Shri Hlura Aung Mog, M. L. A.

Question	Answer :
1. Total number of colonies set up in Tripura during last 5 years for the rehabilitation of the landless agriculturists ; 2 Names of these colonies and the number of landless agriculturists rehabilitated in each of them ; 3. Name of the colonies set up with the scheduled tribe landless agriculturists among them ; 4. Whether any loan or aid has been advanced to these land agriculturists ; 5. If so, the rates at which such assistance has been advanced ?	Materials are under collection.

Unstarred Question No. 22 By Shri Hemanta Deb

Question.	Answer.
(a) Number of Tribals who had transferred land during last 5 years through registration of deeds and through other legal proceedures ;	(a) 18,077
(b) A division-wise break-up of that number ;	(b) see table below
(c) Whether permission of the District Magistrate was obtained in these cases ;	(c) Permission of the Collector was not necessary in all these cases.
(d) Number of cases in which such permission was given ?	(d) see table below

(b)

Division		Number
Sadar	...	8,043
Kailashahar	...	677
Khowai	...	3,753
Kamalpur	...	737
Dharmanagar	...	565
Sonamura	...	384
Udaipur	...	989
Sabroom	...	836
Belonia	...	1,546
Amarpur	...	647
Total .—		18,077

(d)

Division		Number
Sadar	...	499
Kailashahar	...	12
Khowai	...	126
Kamalpur	...	11
Dharmanagar	...	10
Sonamura	...	54
Udaipur	...	9
Sabroom	...	97
Belonia	...	135
Amarpur	...	18
Total :—		971

Unstarred Question No. 35 By Shri Hemanta Deb

QUESTION	ANSWER
a) Total land released due to application of ceiling while implementing the Land Revenue & Land Reforms Act ;	a) The total area of excess land beyond ceiling limit will be determined when the proceedings u/s 167 of the Tripura Land Revenue & Land Reforms Act, which are in progress, are finalised.
b) Total land allotted to scheduled tribes and scheduled castes out of that released land ;	b) Does not arise.
c) A division-wise break up of that area ;	c) Does not arise.
d) Whether tribals and scheduled castes have to pay premium for getting allotment of such land ;	d) A Jhumia or a landless agricultural worker (including a landless worker belonging to scheduled castes) or a Co-operative Society of Jhumias or of landless agricultural workers are exempted from payment of premium as per provision of rule 12 of the Tripura Land Revenue & Land Reforms (Allotment of Land) Rules, 1962.
e) If so, whether the Government proposes to give up that policy.	e) In view of reply to (d) it is not necessary.

Unstarred Question No. 87 By Shri Birchandra Deb Barma

QUESTION	ANSWER
a) Whether eviction notices have been served on some typists and muhuries who work within the court compound of Agartala Town ;	a) Yes.

QUESTION	ANSWER
b) If so, their number and names ;	b)

No.	Names.
1) Muhuries.	1. Shri Jnanendra Ch. Chakraborty.
2) Typist 6.	1. Shri Khirode Mohan Paul.
	2. Shri Keshab Ch. Chakraborty.
	3. Shri Narendra Ch. Roy.
	4. Shri Kanendra Ch. Chakraborty.
	5. Shri Jitendra Ch. Dutta.
	6. Shri Sudhangsu Chakraborty.

QUESTION	ANSWER
c) Whether any alternative site has been given to them within the court area to carry on their business and profession ;	c) No.
d) If so, details thereof ?	d) Does not arise.

Unstarred Question No. 88 By Shri Birchandra Deb Barma

QUESTION	ANSWER
a) Whether the Govt. has received any note from the Survey and Settlement Department for carrying out certain amendments of the Tripura Land Revenue & Land Reforms Act, 1960 ;	a) Yes.
b) If so, what are the amendments suggested ;	b) These cannot be disclosed at this stage in public interest.
c) Steps taken to amend the above Act.	c) These are under examination.

Unstarred Question No. 105 By Shri Birchandra Deb Barma, M.L.A.

QUESTION	ANSWER
1. Whether P. W. D. has any stock at Dharmanagar Railway Godown ;	There is no P. W. D. stock at Railway Godown at Dharmanagar.
2. If so, the details of the stock ;	Does not arise.
3. Whether Railway Authority have charged any demurrage for those stocks ;	Does not arise
4. If so, steps taken to remove that stock ;	Does not arise.
5. Whether any delay in removing the stocks from the godown has been made due to fault of the transport contractors ;	Does not arise.
6. If so, the names of those contractors who are responsible for this delay ?	Does not arise.

c) if not, what steps are taken against officers who use class IV employees for such works ?	Does not arise.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যদি কোন ক্ষেত্রে কোন অফিসার ক্লাস ফোর এমপ্লয়ীকে রাখে তাহলে তার কি শাস্তি হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— আগেই বলা হয়েছে এই কোয়েশ্চানে এই ব্যাপার উঠে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে আগরতলা মিউনিসিপ্যালিটির এডমিনিষ্ট্রেটর শ্রীআর, ঘোষ, শ্রীভূপেন্দ্র দে, শিবচরণ সাহা, প্রফুল্ল ঘোষ এবং ওয়ান মিঃ চন্দ—এই কয়জনকে ডিস্‌মিস্‌ করেছেন, কারণ তার বাড়ীতে বিভিন্ন কাজ করতে তারা অস্বীকার করেছে।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় এই সম্পর্কে তদন্ত করে দেখবেন কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আই ডিমাণ্ড নোটিশ অব ইট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—না, না, তদন্ত করে দেখবেন কি না। মাননীয় স্পীকার, মহোদয়, আমি কতগুলি কনক্রিট নাম উইথ রেসপনসিবিলিটি এই হাউসের সামনে উপস্থিত করেছি, যে একজন অফিসার তিনি চারটি ক্লাস ফোর এমপ্লয়ীকে বাসার কাজ করাতে বাধ্য করেছিলেন, তার মধ্যে শ্রীচন্দ হচ্ছেন পারমানেন্ট পিওন। তারা যেহেতু রিফিউজ করেছেন বাসার কাজ করতে সে জন্য তাদের ডিস্‌মিস্‌ করা হয়েছে। ইট ইজ এ সিরিয়াস অ্যালিগেশন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি এটা সত্যি কিনা, সেটা তিনি তদন্ত করতে রাজী আছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমি আগেই বলেছি যে এই প্রশ্নটাব আই ডিমাণ্ড নোটিশ। আর যেটা বলা হয়েছে সেটা যদি প্রুফ না হয় হাউ ক্যান আই স্পীক ইন দি হাউস। সেটা প্রাইমা ফেসিকেস আছে কি—

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় স্পীকার, স্যার, প্রাইমা ফেসিকেস আছে কিনা তার জন্য ত আমাদের এনকোয়ারী করা প্রয়োজন। এনকোয়ারী ছাড়া প্রাইমা ফেসিকেস কি করে এস্টাবলিশড হয়।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—প্রাইমাফেসিকেস প্রুফ হয় তাহলে বললাম তো।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় খবর নিয়ে দেখবেন কি শিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, ইঞ্জিনীয়ারিং এবং সার্ভেসেটেলমেণ্ট দপ্তরে থাউজেণ্ডস অব ক্লাস ফোর এমপ্লয়ীজ, তাদের দিয়ে বাসার কাজ করানো হচ্ছে। পাচক যারা হাসপাতালে কাজ করার কথা, তারা গিয়ে বাসায় কাজ করছে। এই ধরণের ঘটনা থাউজেণ্ডস অব আছে। উইথ রেসপনসিবিলিটি আমি বলছি এবং সেই সম্পর্কে তাঁরা কোন রকমের তদন্ত করতে রাজী আছেন কি না—ডিপার্টমেণ্টালী হোক, যে কোন রকমের হোক, সেই সম্পর্কে তদন্ত করতে তাঁরা রাজী আছেন কিনা—সেই সমস্ত নাম আমরা দিব।

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় স্পীকার মহোদয়, আমি আগেই বলেছি যে এই রকমের কোন কিছু আমাদের এখানে সরকার জানে না। অতএব উনি বলছেন যে এই সমস্ত হচ্ছে। অতএব উনি যদি প্রমাণ করতে পারেন প্রাইমা ফেসিকেস তখন আমরা দেখব।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে প্রাইমা ফেসিকেস প্রমাণ করতে হলে আমাদের কি করতে হবে ?

Sri S. L. Singh :—According to law. Law and procedure should be followed.

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি প্রাইমা ফেসি কথাটার অর্থ কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—প্রাইমা ফেসির অর্থ যা হয়ে থাকে তাই।

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি প্রাইমা ফেসিকেস এনকোয়ারির আগে

হয় না পরে হয় ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আগেই বল্লাম তো সেই প্রসিডিউর ফলো করতে হবে।

Mr. Speaker :—I would now call on Shri Birchandra Deb Barma,

Sri Birchandra Deb Barma :—Question No. 82.

Shri S. L. Shingh :—

QUESTION	ANSWER
a) whether Shri D. K. Guha, Chief Vigilance Officer, Tripura has received any complaint against Govt. Officers and employees ?	a) The Chief Vigilance Officer has got the complaints.
b) if so, number of such complaints received from Members of the Assembly.	b) Two.
c) Steps taken by him after receipt of these complaints ?	c) The complaints are under investigation.

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে নিশি সিংহ, রাজনগর পুলিশ ক্যাম্পের একজন পুলিশ অফিসার—খোয়াই রাজনগর পুলিশ ক্যাম্পের—তার বিরুদ্ধে কোন কমপ্লেন পে'য়ছেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ— ইয়েস।

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে চাঁচুবাজার এবং বেলবাড়ী—সদর পুলিশ ক্যাম্পের পুলিশ অফিসারদের বিরুদ্ধে তাঁরা কোন কমপ্লেন পেয়েছেন কিনা।

Shri S. L, Singh :—I demand Notice.

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে নেহাল চন্দ্রনগর কলোনীর সুপার-ভাইজারের বিরুদ্ধে তাঁরা কোন কমপ্লেন পেয়েছেন কি না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এই প্রশ্নে আগেই বলা হয়েছে নেহাল চন্দ্রনগর রিফিউজী কলোনীর সুপারভাইজারের সম্বন্ধে Complaint আণ্ডার ইনভেষ্টিগেশান।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সুপারিণ্টেন্ডেণ্ট, গভর্ণমেণ্ট প্রিন্টিং প্রেস—তাঁর বিরুদ্ধে কোন কম্‌প্লেণ্ট পেয়েছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সো ফার, ইট ইজ নট নোন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে ভিজিলেন্স অফিসার, তিনি কি কারণে তাঁর কাছে কম্‌প্লেণ্ট গেলে একনলেজ করেন না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— ভিজিলেন্স অফিসার সব সময় সেই কম্‌প্লেণ্ট রিসিভ করেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— একনলেজ আর রিসিভ এক কথা নয়।

মিঃ স্পীকারঃ— একনলেজ করেন কিনা।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— করা হয় তো।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— না, উনি করেন না। আমি বলছি উনি করেন না। মাননীয় মন্ত্রী

মহাশয়ের বলা দরকার এই সমস্ত অফিসারকে, তাঁরা যেন এই হাউসের যারা মেম্বার তাদের যেন একটু সম্মান করতে শিখেন। আমি ৫।৬টি কম্প্লেণ্ট করেছি একটাও এক্নলেজ হয় নি। অথচ সিরিয়াস কম্প্লেণ্ট অব করাপ্শন এ্যাগেন্স্ট দি অফিসারস এণ্ড ষ্টাফ।

Mr. Speaker :— Shri Nripendra Chakraborti.

Sri Nripendra Chakraborti :— Question No. 80.

Shri S. L. Singh .— Hon'ble Speaker, Sir, Question No. 80.

QUESTION	REPLY
(a) Names of the members af Vigilance Commitee formed by Tripura Govt. on 28-7-64 ;	1. Chief Commissioner — Chirman. 2. Chief Ministe— Member. 3. Development Minister— Member. 4. Chief Secretary—Member, Secretary. 5. Development Commissioner—Member. 6 Principal Engineer— Member. 7. Chief Forest Officer— Member. 8. D. M. & Collectoe— Member. 9. Superintendent of Police— Member.
(b) Number of sittings held by the Committee ;	Nil.
(c) Tasks undertaken by the Committee during the period from its formation ?	The Members of the Committee like the Chief Secretary,the Development—Commissioner, Principal Engineer, D. M. & Collector and Superintendent of Police are also Vigilance Officers in respect of their own Departments Arrangements for enquiries or investigtion by suitable agency into specific cases in which corruption amongst Govt. Officials was alleged made during the period since formation of the Vigilance Committee and as a result, one Assistant Engineer, one Section Officr, one work—Assistant of the Pulic Works Department and also one Inspector of Police, one Assisistant Sub-Inspector of Police and one Constable of the Police Department have been placed under suspension in specific cases of corruption which cannot be disclosed at this stage in Public—interest.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— মাননীয় স্পীকার স্যার, আমি এটা ফলো করতে পারিনি যে কয়টা মিটিং হয়েছে কমিটির এ পর্য্যন্ত।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— বললাম তো নীল।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে প্রত্যেক ডিপার্টমেণ্টে কি কি ফরম অব করাপশন আছে ; সেটা উনারা ষ্টাডি করছেন কি না।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেইটা ষ্টাডি করার জন্য আগেই বলেছি, আমরা রিপোর্টগুলা পেলে পরে তারপর ষ্টাডি কোরবো।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে তাঁরা ২৮শে জুলাই ১৯৬৪তে কমিটির যে ৬টা কাজ সাব্যস্ত করেছিলেন সেই ৬টা কাজের একটাও তাঁরা করেছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আগেই বলা হয়েছে যে কমিটির কোন সিটিং হয় নাই। কাজেই কোন স্পেসিফিক্ কেস্ আসলে পরে আমরা তার ইন্‌টেন্‌সিটি দেখে তারপর তার পরিপ্রেক্ষিতে সিটিং করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় স্পীকার স্যার, এখানে ২৮শে জুলাই গভর্ণমেণ্ট অব ত্রিপুরা, সিভিল সেক্রেটারীয়েটের একটা কমিউনিকেশনে আছে যাতে বলা হয়েছে 'Committee shall review the progress of Vigilance and anti-corruption work periodically and for this purpose it may hold meetings quarterly or more oftenly if necessary. The Committee amongst other things shall do six things"

৬টা জিনিষের কথা বলা হয়েছে। আমি সেটা রেফার করে বলছি যে এই ৬টা কাজের মধ্যে একটা কাজও তাঁরা করছেন না। আমি, মাননীয় মন্ত্রী মহাশয় যদি চান কি কি কাজ সে গুলি আমি বলে দিতে পারি যে কি কি কাজ তাঁরা করতে বলেছেন। মাননীয় স্পীকার যদি আমাকে অনুমতি দেন তাহলে আমি বলতে পারি। বলেছেন—

(1) Arrangement for study in which department or various froms of modes of corruption and the areas and centres where it is widely prevalent.
(2) Make and suggest consideration for changes in rules and procedures with a view to plugging loop-holes for corruption.
(3) Compile codes of conducts for Officials of various departments and take steps to ensure their compliance.
(4) Suggest establishment of enquiry Offices in Offices which are visited by a large number of members of the public with a view to preventing corruption for getting information etc.
(5) Consider and suggest changes of officers having bad reputation or shady past or such other actions against such officers as may be possible.
(6) Arrange for enquiries or investigations by suitable agency into specific cases in which corruptions are alleged".

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এই জন্যই মাননীয় সদস্যকে বলা হয়েছে প্রত্যেক ডিপার্টমেণ্ট থেকেই অফিসার ঠিক করা হয়েছে, তারা সেই কেইস্‌গুলি নেবে, তার কতটুকু পরিধি, তার নেচার কি রকম আছে, সেইটা দেখে রিপোর্ট করার পরে তখন সেইগুলি সম্বন্ধে আলোচনা করবেন এবং তারা এই সময়ের মধ্যে কতকগুলি কেইস নিয়েছে, সেইগুলার কথা মাননীয় সদস্যও অবগত আছেন, এইগুলি এখন ইন্‌কোয়ারী ষ্টেজে আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কি কারণে এই কমিটিটা একবারও

সিট করতে পারলো না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আগেই এখানে বলা হয়েছে এই সমস্ত রিপোর্ট ডিপার্টমেণ্টে আসবে, ডিপার্টমেণ্টে যাদেরকে এই বিষয়ে ঠিক করা হয়েছে তাদেরকে দিয়েই এইগুলি আমাদের কাছে আসবে এবং এই সমস্ত রিপোর্ট করলে পরে তখন সেইটা আমরা দেখব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পাবলিকের জন্য—পাবলিক যাতে কম্‌প্লেণ্ট পুট আপ করতে পারে তার জন্য কেন কোন অফিস এখন পর্য্যন্ত খোলা হচ্ছে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— প্রত্যেক ডিপার্টমেণ্টে সেই ব্যবস্থা করে রাখা হয়েছে এবং যার যে ডিপার্ট-মেণ্টের কন্‌সারনিং কোন কিছু থাকে সেইটায় কম্‌প্লেণ্ট করবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— না, না, ডিপার্টমেণ্টের কথা বলা হচ্ছে, পাবলিক যাতে কম্‌প্লেণ্ট পুট আপ করতে পারে।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— প্রত্যেক ডিপার্টমেণ্ট সম্পর্কেই যদি কিছু থাকে তবে পাবলিক সেটা তাতে জানাবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যদি এই কমিটির মেম্বারদের বিরুদ্ধে কোন কম্‌প্লেণ্ট থাকে তাহলে সেটা কে ইনভেস্টিগেট করবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সেইটা নেচার অফ্ Complaint দেখে তবে ঠিক করা হবে। অতএব ডিপার্টমেণ্টের হেড যে থাকবে তার উপর, অথবা এপয়েন্টিং অথারিটি তাদের যে আছে সে করবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— না, আমার কথা হচ্ছে মেম্বারদের বিরুদ্ধে যদি কোন কম্‌প্লেণ্ট হয়, দরুন কোন মন্ত্রীর বিরুদ্ধে কম্‌প্লেণ্ট হয় তাহলে কি এই কমিটি এটা করবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— আমি আগেই বলেছি এপয়েন্টিং অথারিটি যে সেই করবে, এপয়েন্টিং অথারিটি করবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় স্পীকার স্যার, আই হ্যাভ পুট ইট কনক্রীটলী—যদি একজন মন্ত্রীর বিরুদ্ধে কম্‌প্লেণ্ট হয় তাহলে কি এই কমিটি সেটা অ্যাক্‌সেপট করবেন ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— ভিজিলেন্স অফিসার করতে পারে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— করতে পারে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— হ্যাঁ পারে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে স্যুটেবল এজেন্সী যেটা বলা হয়েছে, যেটা দিয়ে ইনভেস্টিগেড করানো হবে সেটা কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— ডিপার্টমেণ্টের হেড গুলি আছে, তারা আগে দেখবে, এবং দেখার পর তারা সেটা জানাবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে স্পেশাল পুলিশ এস্টাব্লিশমেণ্ট—এস, পি, ই,—তাদের এই কমিটি কোন কেস-এ সাহায্য নিয়েছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— স্পেসিয়েল পুলিশ এস্টাব্লিশমেণ্ট, কি ধরণের এস্টাব্লিশমেণ্ট তাহা স্পষ্ট করে বললে বলা যায়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় সম্ভবতঃ জানেন কি জানেন না হতে পারে যে দিল্লীর স্পেশাল পুলিশ এস্টাব্লিশমেন্টের একটা বিশেষ দায়িত্ব হচ্ছে বিভিন্ন রাজ্যে যে কোন দুর্নীতির যে সমস্ত কেস্ সেগুলিকে ইনভেস্টিগেট করা এবং তার একটা অফিস আসামে আছে যেখান থেকে এই ইষ্টার্ণ জোনের কেস্‌গুলি ইনভেস্ট্রীগেট করা হয়। কাজেই এই স্পেশাল পুলিশ এস্টাব্লিশমেন্ট এটা ত্রিপুরার কোন ক্ষেত্রেতে এই ইনভেস্টীগেশনে সাহায্য করেছে কিনা সেটা হচ্ছে আমার প্রশ্ন।

Shri S. L. Singha :—Before formation of the Committee or after formation of the Committee তা হলে পরে বলতে পারব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— এই ফরমেশনের পরেই বলুন না।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— ফরমেশনের পরে এখন পর্য্যন্ত কোন কিছু হয় নাই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় কি একথা স্বীকার করবেন যে এখানে দুর্নীতির বিরুদ্ধে তাঁরা এখানে সদাচার কমিটি গঠন করছেন না, স্পেশাল পুলিশের সাহায্য নিচ্ছেন না এমন কি কমিটিটার মিটিং পর্য্যন্ত করছেন না, কারণ তাঁরা দুর্নীতির বিরুদ্ধে কোন অভিযান চালাতে চান না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— দুর্নীতির বিরুদ্ধে অভিযান চালানো হবে বলেই এখানে কমিটি গঠন করা হয়েছে এবং সেই অনুসারেই কার্য্যবিধি পরিচালিত করা হচ্ছে এবং যারা দুর্নীতি দুর্নীতি করছেন তারা নিজেরাও যে দুর্নীতি গ্রস্থ সেইজন্যই দুর্নীতি বাহির করা সম্ভবপর হচ্ছে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ভিজিলেনস কমিশনার এই এলাকার জন্য কেন এপয়েন্টেড হয় নি এবং তাঁরা এই জন্য সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে লিখেছিলেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— ভিজিলেন্স কমিশনার যে হবে সেটা দিল্লী এপয়েণ্ট করবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— মাননীয় স্পীকার স্যার, অন্যান্য রাজ্যে মুখ্যমন্ত্রীরা এবং মন্ত্রীসভা, তাঁরা চেষ্টা করেন যাতে ভিজিলেন্স কমিশনার এপয়েন্টেড হন। পশ্চিমবঙ্গে এটা হচ্ছে অনেক বিরোধীতা সত্বেও কোন কোন কংগ্রেস নেতার। এখানে আমাদের মন্ত্রীসভা কোন চেষ্টা করছেন কিনা যে এখানে একজন ভিজিলেন্স কমিশনার এপয়েণ্ট করা দরকার। তাঁরা দিল্লীতে গিয়ে তাঁরাতো অনেক হাওয়া খেতে যান এর কোন দরবার করেছেন কিনা।

শ্রীশচীন্দ্র লালসিংহ ঃ— মাননীয় সদস্যরা, ওনারা হাওয়া খেতে কোথায়ও যান না। হাওয়া না খেয়েই থাকেন কারণ অদ্ভুত প্রাণী তো। এমন অদ্ভুত প্রাণী যে হাওয়া ব্যতিরেকেই বেঁচে আছেন। তাদের পক্ষে এটা বলা অস্বাভাবিক নয় বরং স্বাভাবিক। আমি আগেই বলেছি যে ভিজিলেন্স কমিশনার এপয়েণ্ট করবেন দিল্লীর অথারিটি। এপয়েন্টিং অথারিটি হচ্ছে দিল্লী। দিল্লী ইজ অথারাইজড্ টু এপয়েণ্ট।

শ্রীনৃপেন্দ্র চন্দ্র চক্রবর্তী ঃ— আমার প্রশ্নের জবাব হয়নি। উনারা চেষ্টা করেছেন কিনা সে প্রশ্নটা।

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— এপয়েন্টিং অথারিটি দিল্লী। অতএব আমরা চেষ্টা করি আর না করি দিল্লী এপয়েণ্ট করবে। তারা এপয়েন্টিং অথারিটি আমরা নই। দে উইল ডু।

শ্রীনৃপেন চক্রবর্তী ঃ—চেষ্টা করেছেন কি না ?

Shri S. L. Singh ;—Delhi is the appointing authority and they will appoint.

Mr. Speaker :—Alright. Shri Bulu Kuki.

Shri Bulu Kuki :—Question No, 293.

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir Question No 293.

Question (1) Whether Shri Gobinda Choudhury, A, S, D, O, Kailasahar addressed a mass meeting at Kailasahar Town (near Cinema Hall) on the 7th of November, 1964 ? Answer— Yes.

Question (2) Whether the meeting was convened on behalf of Congress by Shri Chunilal Ghose, President, Kailasahar Mandal Congress, Shri Dharmeswer Singha, President, Birchandra nagar Mandal Congress and Shri Nishi Mohan Dey, Secretary, Congress ?

Answer :— তাদের আহ্বায়ক কোন মিটিং এ তিনি ভাষণ দেন নাই। তিনি যে মিটিং এ ভাষণ দিয়েছিলেন তা হল লোক সহায়ক সেনা কেম্পের ট্রেইণ্ড পার্সনেল যারা তাদেরকে অভ্যর্থনা করবার জন্য যে মিটিং হয় সেই মিটিং এ তিনি ভাষণ দিয়েছেন। That meeting was not convened by the political party.

Question :— If so, whether it is permissible for a Govt. officer to address a mass meeting convened by a Political party ?

Answer ;— The meeting was not convened by a Political party, so he was entitled to deliver a speach in the meeting for reception of trained personnel of the Lek Sahayak Sena Camp.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সরকারী কর্ম্মচারীরা এরকম পলিটিক্যাল পার্টির মিটিং এ যোগদান করতে পারেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমি আগেই বলেছি এই যে মিটিং, এই মিটিং লোক সহায়ক সেনার, যারা ট্রেইণ্ড মেন্ তাদের অভ্যর্থনা করার জন্য। আমি এখানে জেনারেল মিটিং এর কথা বলছি না, যেটা রিলেটেড্ সেটার কথাই বলছি। অন্য প্রশ্ন করা হলে পরে তারপর আমি উত্তর দেব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—না, না, আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় স্পীকার স্যার, মন্ত্রী মহাশয়কে আমি প্রশ্ন করেছি যে তাঁরা সরকারী কর্ম্মচারীদের পলিটিক্যাল পার্টির মিটিং এ যোগদান করতে দেন কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আলাদা প্রশ্ন হলে পরে বলা যেত।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—সাপ্লিমেন্টারী প্রশ্নে আমি বলছি যে সরকারী কর্মচারীদের পলিটিক্যাল পার্টির মিটিং এ যোগদান করতে দেওয়াটা সরকারের নীতি কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—পার্টিকুলার প্রশ্নের সাথে যে যে প্রশ্ন করা হচ্ছে, এটা পার্টিকুলারাইজড্ করা হয়েছে যে অমুক মিটিং, অমুক তারিখে মিটিং করা হয়েছে। অতএব এই পার্টিকুলার মিটিং এর সঙ্গে যা কিছু আছে সেটার উত্তর দেওয়া সম্ভব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ—পয়েন্ট অব ওর্ডার। মাননীয় স্পীকার সেটা সাপ্লিমেন্টারী পারমিট করেছেন সেই সাপ্লিমেন্টারী সম্বন্ধে he cannot raise a question whether it is permissible to put this

question. He may answer or may not answer. He cannot question the relevancy of the supplementary. He may answer or he may not answer.

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ওনাদের **supplementaries are authorised on this question by the Hon'ble Speaker and on this question I have replied all the supplementaries.**

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—ছ্যাট ইজ নট দি পজিশন। আমি প:য়ন্ট অব ওর্ডার রেজ করেছি। সেটা হচ্ছে আমি এই কোয়েশ্চানটা যখন পুট করি যে সরকারী কর্মচারীদের কোন রাজনৈতিক দলের মিটিং এ যোগদান করতে দেওয়াটা সরকারের নীতি কিনা ? হী ক্যান নট……

Mr. Speaker :—I think in this context Hon'ble Minister mean to say that he is not prepared to answer this in connection with this question.

Shri Sachindra Lal Singh :—I am not prepared to give answer to this question.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে একখানা ইস্তাহারে কৈলাসহর মহকুমার এই যে সম্বর্দ্ধনা সভা তাতে ডক্টর চুনীলাল ঘোষ কৈলাসহর মণ্ডল কংগ্রেস কমিটি এবং ধর্মেশ্বর সিং বীরগঞ্জ মণ্ডল কংগ্রেস কমিটি তাঁরা সরকারী কর্মচারীদের আহ্বান জানাচ্ছেন যে আপনারা এসে এই মিটিংএ যোগদান করুন।

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—যে কোন পার্টি যে কোন কর্মচারী হউক, জনসাধারণ হউক তাদেরকে আহ্বান করতে পারে। সেইটাতে যাওয়া না যাওয়া তাদের উপর নির্ভর করে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় এটা নিশ্চয় স্বীকার করেন যে এই মিটিং এ এস, ডি, ও, বক্তৃতা করেছেন কারণ এই মিটিংটাই ছিল লোক সহায়ক সেনাবাহিনীর সম্বর্দ্ধনা সভা। কাজেই এই মিটিং এ বক্তৃতা করেন নি, লোক সহায়ক সেনাবাহিনীর সম্বর্দ্ধনা সভায় বক্তৃতা করেছেন, এই যে তিনি দুইটি মিটিংএর ছবি দিচ্ছেন মাননীয় মন্ত্রী মহাশয়, he is misleading the House. He said that there was only one meeting and that was addressed by the S. D. O.

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আমার মনে হয় মাননীয় সদস্য হাউসকে মিস্‌লিড্ করছেন, কারণ আমি আগেই বলেছি লোক সহায়ক সেনার যারা ট্রেইণ্ড্ পার্সনেল তাদের সম্বর্দ্ধনার জন্য যে মিটিং করা হয় সেই মিটিং এ এ. এস্ ডি. ও. বক্তৃতা দিয়েছেন। অতএব তাহা যদি প্রমাণ করতে হয় তবে তাঁকেই প্রমাণ করতে হবে যে এইটা সেই মিটিং নয়।

Mr. Speaker :—I would call on Shri Birchandra Deb Barma.

Shri Birchandra Deb Barma :— Question No. 97.

Shri S. L Singh :—Hon'ble Speaker, Sir, Question No. 97.

QUESTION	ANSWER
(a) Whether there was any police raid on Malkhana at Agartala ;	No.
(b) if so, whether any property or cash was found missing or short during the raid ;	Does not arise

(c) if so, details thereof ; Does not arise.

(d) steps taken against police officers responsible for the shortage ? Does not arise.

শ্রীবীরচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহাশয় কি স্বীকার করবেন যে একটা কেস পেণ্ডিং before the Magistrate against some Police officer regarding materials of Malkhana ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—এখানে বলা হয়েছে যে পুলিশ রেইড, raid without Government authority ; এই রকম কোন raid সেখানে হয় নাই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে শ্রীঅতুল গৌতমের বিরুদ্ধে কি কোন অভিযোগ আছে মালখানা সম্পর্কে ?

Shri Sachindra Lal Singha :—I demand notice of it.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে মালখানার মাল চেক করা সম্পর্কে কি কি পদ্ধতি অবলম্বিত হয় ?

Shri Sachindra Lal Singha :—It is not connected with this quoestion. So I Demand notice for it.

শ্রীনৃপেন্দ্রচক্রবর্ত্তী :—কানেকটেড কিনা সেটা মাননীয় স্পীকাব দেখবেন। আপনি যদি ডিমাণ্ড নোটিশ চান তাহলে সে আলাদা কথা।

Mr. Speaker :—On a point of clarification. Is it pending ?

Shri Birchandra Deb Barma :—Pending. I am one of the lawyer. There is a case pending against some Police Officer as regards materials of Malkhana.

Shri S. L. Singh :—First of all ,I am to verify. Raid without Govt. authority যে গুা হয়, এই রকম কোন raid সেখানে হয় নাই। এটার সাথে connected নয় অতএব I demand notice of it.

Mr. Speaker ;—Yes, I would call on Shri Birchandra Deb Barma. Postponed question.

Shri Birchandra Deb Barma :— Question No. 220.

Shri S. L. Singh :—Hon'ble Speaker, Sir, Question No. 220.

QUESTION	ANSWER
1. Whether any Govt. Servant was re-instated after termination of his services through non-observance of proper procedure during the period of 1960-61.	Yes.
2. If so, the name of such Govt. servants.	i) Shri Nripendra Ch. Deb, Jail Warder,Jail Department. ii) Sri Sudhir Ch. Bhattacharjee, A. S. I. Police Department.

iii) Shri Murari Mohan Das, Constable, Police Department.

iv) Shri Swadesh Ranjan Mazumder, Peon, Survey & Settlement Department.

v) Shri Dinadayal Mukherjee, Sud-Inspector, Motor Vehicles Department.

vi) Shri Sambhu Nath Das, Chowkidar, P. W. Deptt.

vii) Shri Kshitish Ch. Paul, Work Charge Mate, P. W. Department.

viii) Shri Nagendra Kumar Das, Washerman, V. M. Hospital, Medical Department.

ix) Shri Swadesh Ranjan Bhattacharjee. Forestor, Grade-II.

x) Shri N. C. Saha.

x) Shri K. C. Sinha.

3. Whether the official memorandum of the Ministry of Home Affairs of the Central Govt dated 27th May, 1961 was followed in any of these cases.

4. If so, with what result ?

Yes, where it was applicable. Ministry of Home Affairs Office Memorandum No. F. 2/9/59 ESTS (A) dated the 27th May, 1961 envisages the procedure to be followed regarding pay and allowances etc. admissible to Govt. servants under F. R. 54 on their reinstatement and obsarvance of proper procedure before the termination of services. All monetary benefits in respect of payment of pay and allowances for the intervening period from the date of dismissal/removal discharge upto the date of reinstatement have been paid to all the employees as admissible under Rules explained in the said Office Memorandum of the Ministry of

Home Affairs,

Paragraph 5 of the said Office Memorandum of the Ministry of Home Affairs down that in all cases where the circumstances leading to a Govt. servants' reinstatement reveal that the authority who terminated his services either wilfully did not observe or through gross negligence failed to observe the proper procedure before terminating his service proceedings should be instiuted against such authority under Rule 16 of C. C. S. (C. C. & A.) Rules, 1957 and the question of recovery from such authority the whole or the part of the pecuniary lose arising from the reinstatement of the Govt. servants should be considered.

As there was no question of wilful negligence in any of the cases, the Govt. did not consider it necessary to take action as contemplated in paragraph 5 of the said Office Memorandum of the Ministry of Home Affairs.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সমস্ত অফিসারের বেআইনী আদেশের জন্য এদের কম্পেনসেশান দিতে হচ্ছে, টাকাটা তাঁদের দিতে হয়েছে কিনা, as ইট ওয়াজ একসপ্লিসিট ইন দি মেমোরেণ্ডাম, যে তাঁদের দিতে হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—কথাটা হল উইলফুল নেগ্লিজেন্‌স এর জন্য যদি হয় তবে, অতএব এখানে উইলফুল নেগলিজেন্‌স এর জন্য হয় নাই বলেই কোন এক্‌শান নেওয়া হয় নাই।

শ্রীআতিকুল ইস্‌লাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, যে সেই যে মেমোরেণ্ডাম তাতে এই কথা কি বলা আছে, যে উইলফুলী হলে দিতে হবে, না হলে দিতে হবে না ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—যদি প্রসিডিউরেল নেগলিজেন্‌স হয় এবং তাহা উইলফুল হয়ে থাকে তা হলে সেখানে দিতে পারে কিন্তু যদি টেক্‌নিকেল্‌ গ্রাউণ্ডে বা অন্য কোন কারণে হয়ে থাকে, টেকনিকেল গ্রাউণ্ডে হয় তাতে তাদের দেওয়ার আবশ্যকতা আছে বলে আমি মনে করি না, তাদের দেওয়ার প্রশ্ন উঠে না।

শ্রীআতিকুল ইস্‌লাম :—মেমোরেণ্ডামটাতে কি এই কথা বলেছে যে উইলফুলী হলে দিতে হবে আর উইলফুলী নাহলে দিতে হবে না, সেণ্ট্রাল গভর্ণমেণ্টের যে মেমোরেণ্ডাম আমরা এখানে রেফার করেছি সেটাতে কি এই কথা বলা আছে যে উইলফুলী হতে দিলে হবে আর না হলে দিতে হবে না ? সেটা কি

আপনারা এখানে প্রডিউস করতে পারেন ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—বলা হয়েছে যে যদি উইলফুল নেগলিজেন্স থাকে তবে তাদের দিতে হবে।

Mr. Speaker :—Starred Questions are over. There are some Unstarred Questions. One No 55 asked by Shri Sunil Kr. Choudhury, another No 81 asked by Shri Nripendra Chakraborti. The 3rd one No, 106 asked by Shri Birchandra Deb Barma. The Ministers may lay on the table of the House the replies to the Unstarred Questions.

(Replies to the Unstarred Questions are given in Appendix 'A')

Mr, Speaker :—Next item Calling Attention Notice. I have received a Calling Attention Notice from Shri Nripendra Chakravarti—subject is r lectants of the Government to open ration shopsat Madhuban and other areas of Sadar Sub division where price of rice as shot up abeve Rs. 30/- per maund. I have given consent to the notice of Shri Nripendra Chakravarti. I have read out the notice. I would request the Hon'ble Minister in charge of the department namely Shri Sachindra Lal Singh to make a statement. If the Hon'ble Minister is not in a position to make the statement to day, he will kindly give me a date when the Calling Attenton Notice will be shown on the order paper for a Statement.

Shri S. L. Singh :—
(Chief Minister)

মাননীয় অধ্যক্ষ মহোদয় আগামী ১৬ই মার্চ্চ, আমি ষ্টেটমেণ্ট দিতে পারব।

Mr. Speaker :— Sixteenth March.

Shri Nripendra Chakravarti :— মাননীয় স্পীকার স্যার, এই জিনিষটা এত জরুরী যে এতদিন সময় নিলে অসুবিধার কথা। কারণ এই ভদ্রলোক তিনমাস আগে এইসব জায়গায় দোকান খোলার প্রতিশ্রুতি দিয়েও সেই প্রতিশ্রুতি রক্ষা করছেন না। কাজেই আমি মনে করি আরও আগেই এটার তারিখ দেওয়া দরকার। মাননীয় স্পীকার স্যার, আপনি এই ভদ্রলোককে অনুরোধ করুন যাতে ইমিডিয়েটলি এ সম্পর্কে গভর্ণমেণ্ট এর পলিসি কি সেটা যেন জানান।

Mr. Speaker :— I would like to know the opinion of the Hon'ble Chief Minster. I cannot force him and compel him to make the statement earlier.

Shri. S. L. Shingh (Chief Minister)

মাননীয় অধ্যক্ষ মহোদয়; এটা এখন দেওয়া সম্পূর্ণ অসম্ভব। সেজন্যই আমি অধ্যক্ষ মহোদয়ের কাছে সময় চেয়েছি—১৬ই মার্চ্চ পর্য্যন্ত।

Mr. Speaker :— He will give the statement on sixteenth.

Oppesition :— sixteenth ?

১৬ই মার্চ্চ তারিখে ?

Mr. Speaker:— There are many Business on the Table. I have no objection

to this if the Chief Minister agrees.

Next item, some announcements by the Speaker regarding discussion on matters of Urgent Public Importance for short duration.

Could I make the announcement in the House that I have given my consent to raise discussion on the following Matters of Urgent Public Importance on the **15th March, 1965.**

1) "Acute scarcity conditions created in the Tribal dominated areas of Tripura due to enforcement of bans and restrictions on Jumming as a result of which tribals have started migrating to East Pakistan and Assam"

The notice for raising discussion has been given by Shri Nripendra Chakravarti, M. L. A.

2) "Various malpractices adopted and irregularities committed by the officials concerned, while conducting Panchayat elections within Teliamura and Bishalgarh Blocks, in the month of February. 1965".

The notice for raising discussion has been given by Shri Aghore Deb-Barma, M. L. A.

3) "Disappearance of Maida (flour), Atta and Sugar from market of Tripura",

The notice for raising discussion has been given by Shri Atiqul Islam, M. L. A.

The discussion on short duration will be not more than one hour, the exact time will be announced by me on that day.

Next item—Government Business (Legislation).

Consideration & passing of the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No. 1 of 1965).

To-day in the List of Business the Appropriation (Vote on Account) Bill 1965 (Bill No. 1 of 1965) is to be taken into codsideration.

I call on the Hon'ble Sachindra Lal Singh to move his motion for consideration of the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No. 1 of 1965).

Shri S. L. Singh (Chief Minister) :—

Hon'ble Speaker Sir, I beg to move that the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No 1 of 1965) be taken into consideration atonce.

Mr. Speker : Now any member can speak and rise. No member is coming forward. I would now put this to vote. The question before the House is the motion moved by the Hon'ble Sachindralal Singh that the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No. 1 of 1965) be taken into consideration atonce. As many as are of same opinion will please say "Ayes"

"AYES"

As many as are of contrary opinion will please say "Noes"

Ayes have it. Ayes have it.

The motion that the Bill be taken into consideration has been carried.

I would now put the Clauses of the Bill to vote. Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'AYES"

"AYES"

As many as are of contrary opinion will please say "Noes". "Ayes" have it. "Ayes" have it.

The question is passed. Clause 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes"

"AYES"

As many as are of contrary opinion will please say "Noes". "Ayes" have it. "Ayes" have it. The Scoedule 2 do stand part of the Bill.

As many are of that opinien will please say "Ayes"

"AYES"

As many are of contray opinion will please say "Noes" "Ayess" have it. "Ayes" have it.

Mr. Speaker :—Clause 1—do stand part of the Bill.

As many are of that opinion will please say "Ayes"

"Ayes"

As many as are of contrary opinion wiil please say "Noes"

"Ayes" have it. "Ayes" have it.

The TITIE do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes"

"Ayes"

As many as are of contrary opinion will please say "Noes"

"Ayes" have it, "Ayes" have it.

NEXT Business before the House is the Passing of the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No. 1 of 1965).

I shall now request the Hon'ble Sachindra Lal Singh to move his moiion for passing of the Appropriation (Vote on Accout) Bill, 1965 (Bill No. 1 of 1965).

Lhri

Shri S. L. Shingh (Chief Minister) :—

Hon'ble Speaker Sir, I beg to move that the Appropriation (Vote on Account) Bill, 1965 (Bill No. 1 of 1965) as settled in the Assemblp be passed.

Mr. Speaker :— There is no opposition. I put the matter to vote. The question before the House is that Appropriation (Vote on Accounf) Bill, 1965 (Bill No. 1 of 1965) as settled in the Assembly be passed.

As many as aro af that opinion will please say "Ayes"

"Ayes"

As many as are of contrary opinion will please say "Noes"
"Ayes" have it. "Ayes" have it.
The Bill is passed.

Mr. Speaker :—The next item is Private Members' Business-Introduction of Bills. The next Business of the House "The Bombay Money Lenders Act, 1946 (Repeal) Bill, 1965 is to be introduced in the House. I would request Shri Atiqul Islam, Member to move his motion for leave to introduce the Bombay Money Lenders Act› 1946 (Repeal) Bill, 1965.

Shri Atiqul Islam :—I beg for leave to introduce the Bombay Money Lenders Act, 1946 (Repeal) Bill, 1965.

Mr. Speaker :—In there any one to oppose it ?

Shri Prafulla Kr. Das :— I oppose it.

Mr. Speaker :— I would now request the mover to make a statement.

Sri Atiqul Islam :— আমার এই যে বিল, Repeal Bill এটা আনার উদ্দেশ্য হচ্ছে যে প্রত্যেক প্রদেশে তার বাস্তব অবস্থা অনুযায়ী তাকে বিল আনতে হয়। বম্বে থেকে যে বিল করা হয়েছে সেটা সেখানকার অবস্থা বিচার বিবেচনা করে তারা একটা Bill এনেছে। আমাদের ত্রিপুরাতে একটা স্বতন্ত্র অবস্থা এবং সেই স্বতন্ত্র অবস্থা বিচার বিবেচনা করে আমাদের ত্রিপুরার জন্য একটা স্বতন্ত্র Money Lending Act করা উচিৎ। কাজেই অন্য রাজ্যের একটা আইন হুবহু যদি এখানে চালু করে দেই তারদ্বারা আমাদের সমগ্র Problem covered হয় না, এবং সেইগুলিকে cover করার জন্য আমাদের ত্রিপুরার একটা নিজস্ব আইন থাকা উচিৎ। আগে আমাদের এখানে বিধান সভা ছিল না। আজকে আমাদের এখানে বিধান সভা হয়েছে। আমাদের যখন বিধান সভা হয়েছে তখন আমাদের দেশের বাস্তব অবস্থা অনুযায়ী একটা আইন গঠন করা উচিৎ। সেই উদ্দেশ্য সামনে রেখে আমি আমার বিলটা এখানে এনেছিলাম। যেমন ধরুন আমাদের এখানে দাদন প্রথা চলছে, আমরা আমাদের Money Lending Act দ্বারা তাকে cover করতে পারি না। দাদন প্রথায় অনেক কৃষক ক্ষতিগ্রস্থ হচ্ছে। ৫৲ টাকা নিয়ে তাকে এক-মণ দু'মণ পাঁচ মণ ধান পাট দিতে হচ্ছে। বর্ত্তমানে যে Money Lending Act আছে তার দ্বারা এটাকে আমরা cover করতে পারি না। অনেকে Money Lending Business করছে, কিন্তু তার নাম Registry করছে না এবং তাদের নাম Registry করার জন্য আমরা বাধ্য করতে পারছি না। আইনে সে রকম কোন Provision নেই। Money Lending একটা cogni gable Offence না। কাজেই সেখানে আমরা cognigable offence করলে যা করা দরকার সেটা আমরা আইনতঃ করতে পারি না। এই বম্বে Money Lending Actএ তার কোন Provision নেই। কাজেই এরকম বহুবিধ অসুবিধা এই আইনের মধ্যে আছে যেগুলি সংশোধন না করলে, আমাদের নূতন আইন গঠন না করলে আমরা সেটাকে cover করতে পারছি না। কাজেই আমি মনে করছি আমাদের বর্ত্তমান Bombay Money Lending Act টা আছে সেটাকে পরিবর্ত্তন করে, ত্রিপুরার বর্ত্তমান যে অবস্থা সেটাকে বিবেচনা করে একটা নূতন আইন প্রণয়ন করা উচিত। সেই জন্যই আমি আমার প্রস্তাবটা এখানে রাখছি।

Mr. Speaker :— I wonld now request the member opposing the motion to

make a statement in reply

Mr. Prafulla Kr Das :— মাননীয় অধ্যক্ষ মহোদয় বিরোধী, পক্ষের মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম মহোদয় যে Bombay Money Lending Act 'Repeal' Bill এনেছেন আমি তার oppose করছি। oppose করছি এই যুক্তিতে যে তিনি এটা Repeal করার জন্য কোন যুক্তি সঙ্গত কারণ দেখাতে পারছেন বলে আমার মনে হয় না। সুতরাং তিনি একটা বিরোধীতা করার উদ্দেশ্য নিয়ে তিনি Repeal করার জন্য Bill এনেছেন। কিন্তু এটা Repeal করলে এখানকার জনসাধারণের যে একটা সুবিধা হবে সে রকম কোন সন্তোষজনক কারণ তিনি দেখাতে পারেন নি। এখানে ১৯৫৯ এর আগ পর্য্যন্ত যে Money Lending আইনটি প্রচলিত ছিল, সেই কৃষি নিয়ামক বিধি, সেই বিধিতে Money Lenders এর উপরে একটা Control রাখার জন্য একটা ব্যবস্থা ছিল, কিন্তু সেটা (Voices).

Mr. Speaker :—In Support of this Metion the mover has raised ceetain points; at least two points if I am correct. Now the main object of the Hon'ble Member opposing it should be to meet those points raised by him in response to it.

Sri Profulla Kr Das ;—মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় বিরোধী পক্ষের সদস্য একথা বলেছেন যেBombay Money Lending Actটা এখানে Introduce করতে গিয়ে Bombay অবস্থা অনুযায়ী যে Actটা ছিল আমাদের ত্রিপুরার অবস্থার সঙ্গে সেটা খাপ খায় না। কিন্তু আমাদের এই Money Lending Act টা এখানে প্রয়োগ কবতে গিয়ে এখানকার কর্তৃপক্ষ Parliament ত্রিপুরার অবস্থার সঙ্গে মিলিয়ে West Bengal, Assam এবং Bombay র সমস্ত Act আলোচনা করে ত্রিপুরার অবস্থার সঙ্গে যাতে খাপ খায়, ত্রিপুরার জনসাধারণের উন্নতি যাতে করা যায় সেদিকে যথাযথ দৃষ্টি রেখে এই Act এখানে চালু করা করেছে। সুতরাং এটা শুধু Bombay র অবস্থার সঙ্গেই খাপ খায়, ত্রিপুরার অবস্থার সঙ্গে খাপ খায় না এটা ঠিক নয়। আর একটি কথা উনি বলেছেন যে Money Lenders বা যদি কোন offence করে তাহলে সেটা Cognigable offence এ পড়ে না একথাটাও ঠিক নয়। তার কারণ হচ্ছে এই যে যারা, Meney Lend করবেন তাদের একটা Licence নিতে হয়। এবং Licence এর যে সর্ত্ত সেই সর্ত্ত অনুযায়ী যদি কেউ বেশী Interest...(Interuption) Act এর বিধান অনুযায়ী Licence যদি না নেয় তাহলে সেটা Cognigable offence এ পড়ে। (Interrupltion)

Mr. Speaker :—I would request the Members to let the Hon'ble Member Speak. Let him Speak.

Sri Profulla Kr. Das :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি বিরোধী পক্ষের অসার উক্তির বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I should now put this question The question before the House is the Motion moved by Sri Atiqul Islam for leave to introduce the Bombay Money Lenders Act, 1946 (Repeal) Bill, 1965

After voice vote, the motion was lost.

The leave to introduce tha Bombay Money Lenders Act, 1946 (Repeal) Bill 1965 is not granted,

Next the United Provine Panchayat Raj Act, 1947 (Repeal) Bill, 1965 is to be introduced in the House. I shall request Sri Nripendra Chakraborti, Member to move his motion for leavee to introduce the United Province Panchayat Raj Act, 1947 (Repeal) Bill, 1965

Sri Nripendra Chakraborti :—মাননীয় Speaker Sir, the United Province Panchayat Raj Act, 1947 (Repeal) Bill 1965 এটি আমি House এ উপস্থিত করার জন্য অনুমতি প্রার্থনা করছি।

Mr. Speaker :—Is there anyone to oppose it.

Sri Sunil Dutta :—I oppose it.

Mr. Speaker :— I request the mover to make a statement.

Sri Nripendra Chakraborti :—মাননীয় স্পীকার স্যার এই যে United Province Panchayat Raj Act সেটা 1947 এ United Province এ গৃহীত হয়। তখন এখানে United Province এর এক ভদ্রলোক ছিলেন Chief Commissioner, তিনি মনে করলেন যে তার রাজ্যে সবচেয়ে ভাল আইন প্রনয়ণ করা হচ্ছে, কাজেই এইটা চালু করলে সম্ভবতঃ ত্রিপুরা রাজ্যে যে নিচের দিকের গণতন্ত্র তা শক্তিশালী হবে। কিন্তু আশ্চর্য্যের কথা, এইরূপ extend করার ক্ষেত্রেও ভারত সরকারের একটা প্রচলিত রীতি আগে আমরা দেখতাম। সেটা হচ্ছে যে Neighbouring States এ যে সমস্ত আইন প্রণীত হয়, সে সমস্ত আইন extend করা হত। কিন্তু সেটা হচ্ছে কখন, যখন এখানে দমন নীতি চালাতে হবে তখন। যেখানে West Bengal security Act কে তারা আনেন। কিন্তু যেখানে পশ্চিমবঙ্গের মত রাজ্য আসামের মত রাজ্য, সেখানকার সমস্যা, সামাজিক গঠন, মানুষের চরিত্র সমস্ত দিক থেকে, এবং গণতান্ত্রিক আন্দোলনের যে সম্পর্ক সেটা আমাদের সাথে অত্যন্ত ঘনিষ্ট। সে সমস্ত রাজ্যে তারা মনে করলেন যে গণতন্ত্র সম্ভবতঃ এতখানি অগ্রসর হয়নি যতখানি U. P. তে হয়েছে, কাজেই সেখানকার আইনটিকে এখানে extend করা হল। আমি extend করার বিরুদ্ধে নয়। কিন্তু আমি দেখাচ্ছি যে extend করার ক্ষেত্রেও তারা এমন একটা পদ্ধতি অবলম্বন করলেন, তখনকার Administration যেটা সমর্থন যোগ্য নয়। এবং ১৯৪৭ এর পরে মাননীয় স্পীকার স্যার আমি জানি যে সেখানকার পঞ্চায়েৎ আইনেরও অনেক সংশোধন হয়েছে, সে সমস্ত সংশোধন আমার কাছে আছে। কিন্তু আমি জানি না যে সে সমস্ত সংশোধন কি কারণে এখানে adopt করা হয় না এবং সেই ১৯৪৭ সালেই আমরা আছি যখন ভারতবর্ষ থেকে ব্রিটিশ চলে গেল সেই দিনে এখনও আমরা আছি। তারপরে এই রাজ্যে আমাদের হাওড়া নদীতে যে আরো কিছু জল বয়ে গেল তার খবর কি ত্রিপুরা সরকার রাখেন না ? — রাখেন। কাজেই এই যে একটা অচল অবস্থা পঞ্চায়েৎ প্রতিষ্ঠার দিক দিয়ে এটা যে একটা কত বড় বাধা—তার দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন মনে করছি আমার statement এ। মাননীয় স্পীকার স্যার, আপনি সম্ভবত জানেন যে যখন এখানে আঞ্চলিক পরিষদ ছিল তখন সেখানেও আমরা Communist Bloc থেকে পঞ্চায়েৎ প্রতিষ্ঠার জন্য প্রস্তাব আনি এবং সেই প্রস্তাব সামান্য সংশোধিত হয়ে সর্ব্ব সম্মতি ক্রমে গৃহীত হয়। কাজেই ওরা ইচ্ছা করে আনেননি। এখানকার জন সাধারণের যে আকাঙ্খা সেটা প্রতিফলিত হয়েছিল একটা সর্ব্বসম্মত প্রস্তাবে এবং তার পরে যখন Panchayat Act এবং Rule চালু হল তখন আমার যতটুকু মনে আছে, মাননীয় স্পীকার

স্যার, I am open to Correction যে সেটা Rule এর পরে আঞ্চলিক পরিষদে একটা আলোচনা হল কারণ সেই Rules টা Circulate করেছিলেন Administration লেকে আঞ্চলিক পরিষদের মারফতে এবং সেখানে কংগ্রেস, কমিউনিষ্ট সকলেই বিক্ষোভ প্রকাশ করেছিলেন যে এমন একটা Rules চালু করা উচিৎ হয়নি কিন্তু আমরা অক্ষম, কারণ আঞ্চলিক পরিষদের কোন ক্ষমতা ছিল না—আমরা সে কথা কংগ্রেসের নেতৃস্থানীয় লোকদের কাছ থেকেও শুনেছি যে আমরা কিছু করতে পারিনা। কারণ এটা Administration থেকে করেছে, আমাদের Panchayat গঠন, Panchayat Rules Frame করা ইত্যাদি ক্ষেত্রেতে আমাদের কিছু হাত নাই। তারপরে আমরা আলোচনার পরও সেই সম্বন্ধে সমালোচনা হয়েছিল। আলোচনার ধরণটা ছিল কি? তা ছিল যে এই পঞ্চায়েৎ গুলি Democratically elected হবে। যদি এই আইন মত আমরা না চলি, যেমন হাত তুলে ভোট দেওয়া যে কত বিপদজনক সেটা এই যে কতকগুলি নির্ব্বাচন হয়ে গেছে তাতে কংগ্রেসী সদস্যেরাও নিশ্চয়ই স্বীকার করবেন যে সে নির্ব্বাচনে যে কত ত্রুটি সেটা দেখা যায় এবং সেখানে দুর্নীতি কত ঢুকে গেছে গত তিন বৎসর যে নির্ব্বাচন হয়েছে তার অভিজ্ঞতা থেকে আমরা দেখতে পাই। এটা যে democratically elect করার পক্ষে কত বাধা তা আমরা দেখতে পাই। যখন election হয়ে গেল তখন দেখা যায় যে Bureacracy র হাতে এই ক্ষমতা দেওয়া হয়েছে সে Cheif Commissioner থেকে আরম্ভ করে Panchayat Secretary পর্য্যন্ত তারা কথায় কথায় হস্তক্ষেপ করতে পারে এবং Rules আমি দেখাতে সেখানে আছে যে Panchayat Secretary Panchayat প্রাধন থেকেও কোন কোন ক্ষেত্রেতে অধিক ক্ষমতাশালী। কাজেই এই রকম একটা Rules এবং যে Act এ এই Rules frame করে সেই রকম Act আমরা বেশীদিন রাখতে পারিনা; এই কথাটা আমাদের অনুভব করা দরকার। দ্বিতীয়ত আর একটা কথা ছিল যে পঞ্চায়েৎ গুলির হাতে যে ক্ষমতা দেওয়ার কথা, যে বাজেট দেওয়া কথা সেই ক্ষেত্রেতেও তার Provision অত্যন্ত inadequate ছিল এবং সেখানে শুধু ট্যাক্স বসাবার ক্ষমতা অফুরন্ত দেওয়া হয়েছে কিন্তু সমস্ত কাজে এখানকার সরকার—স্কুল, হাসপাতাল, রাস্তাঘাট ইত্যাদি গঠনমূলক কাজে টাকা ব্যয় করে থাকেন সেই সমস্ত ক্ষেত্রেতে, বাজেট Transfer করাব ক্ষেত্রেতে অনেক বাধা বিপত্তি এই Act এর মধ্যে আছে এবং Act এর provision এ যে Rules রয়েছে তার মধ্যে আছে। এই সমস্ত কারণে আমরা মনে করেছিলাম যে এইটা পরিবর্ত্তন করা হক। এইখানে বিধান সভা হয়েছে, বিধান সভা আজকে হয়নি, আমরা অপেক্ষ করেছি। আমরা এই Repeal Bill আরো আগে আনতে পারতাম, আমরা জানি যে Repeal Bill আনলে কিছু কাজের অসুবিধা হতে পারে, কারণ পঞ্চায়েৎ গুলি সংঘটিত হয়েছে, Repeal Bill আনাটা খুব সুখের কথা নয়। কিন্তু আমরা আনতে বাধ্য হচ্ছি কেন? কারণ তা না হলে এ কুম্ভকর্ণের ঘুম ভাঙ্গবে না। জনসাধারণের হাতে ক্ষমতা যাক্ এটা চান্না। জনসাধারণ সত্যিকারের মালিক হোক্ এরা এটা না চেয়ে বুরোক্রেটিক আমলা কর্ম্মচারী যাদের উপর চোখ রাঙ্গিয়ে ওঁরা কাজ করেন বা যারা ওঁদের উপর চোখ রাঙ্গায় নিজেদের স্বার্থের জন্য, দুটোই ওঁরা করে, সেই আমলা তন্ত্রের সঙ্গে নিজেদের pact সেটা ব্রিটিশ আমল থেকে এখন দিন দিন আরো বাড়ছে কাজেই সত্যিকারের যে পঞ্চায়েৎ এটা ওরা চান না। আমি দেখতে পারি পঞ্চায়েৎ সম্পর্কে Working Group হয়েছিল Parliament থেকে সেই Working Group এর Report আছে পঞ্চায়েৎ রাজ সম্পর্কে কতটুকু বিভিন্ন জায়গাতে! কাজেই এটা আমার কথা নয়, parliament Wor-

king Group হয়েছিল তাদের ও কথা যে পঞ্চায়েৎরাজ যেটা আমরা চেয়েছিলাম সেটা হচ্ছে না। সেটা হুমকিদারের হাতে গিয়ে পড়ছে, গ্রামের মধ্যে ঐক্য রাখছে না, এবং অনৈক্য সৃষ্টি করার কাজেও বুরোক্রেসির একটা মস্ত বড় লোভ সেখানে দেখছি। কাজেই Working Group এর Report আলোচনা করে আমরা আশা করেছিলাম যে Congress থেকে একটা Amendment Bill আনবে অথবা একটা নূতন Bill তাঁরা উপস্থিত করবেন to replace this extended Act। এই Extended Actটা পরিবর্তন করে একটা নূতন Bill তাঁরা উপস্থিত করবেন যেটা আমার সবাই মিলে কারণ পঞ্চায়েৎ সম্পর্কে এটা খুব বেশী বিরোধীতার কারণ নাই কাজেই আমরা সবাই যদি এটা নীতিগতভাবে স্বীকার করে নিই আমরা সবাই সেটাকে সংশোধন করে আমরা একটা সুন্দর করে পঞ্চায়েৎ গঠন করার যে ক্ষেত্র সেটা প্রস্তুত করব কিন্তু সেটা তারা করলেন না। কেন যে এরা করতে চান না, তা তিন বৎসর আগে যে পঞ্চায়েৎ গঠন করা হয়েছে তার অবস্থা দেখলেই বুঝতে পারি ; ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছে সব। কত উৎসাহ নিয়ে সব পঞ্চায়েৎ election হয়েছিল, কত উৎসাহ নিয়ে যে সমস্ত মেম্বার ও প্রধানরা মনে করেছিলেন যে তারা কাজ করবেন কিন্তু Tripura on the March এই যে একখানা বই আমরা সেদিন পেলাম তারা বলছেন যে এই যে পঞ্চায়েৎ এর হাতে ক্ষমতা দেওয়ার কথাটা সেটা Under active Consideration of the Govt. সেটা আরম্ভ হয়েছে তিন বৎসর, তারা এত Active যে তিন বৎসর তারা Active থাকছেন, Active Consideration এ তাদের আছে এখন পর্য্যন্ত এটা সাধারণ বাজেটও পঞ্চায়েতের হাতে Transfer করলেন না, কোন কাজ কর্ম করলেন না, যার ফলে একটা demoralisation সমস্ত পঞ্চায়েতের মধ্যে এসে গেছে। কাজেই এই অবস্থাটার উপরে আলোকপাত করারপ্রয়োজন ছিল এবং আমি জানি যে এখানে তাঁদের Vote এর জোরে এটাকে তারা বাতিল করে দেবেন। কিন্তু আমি মনে করি যে ত্রিপুরার জন সাধারণ তাদের পঞ্চায়েৎ আইন যেটা জবরদস্তি করে এইখানে চালু করছেন তখনকার আমলারা, সেটাকে পরিবর্তন করে নূতন গণতান্ত্রিক ভিত্তিতে পঞ্চায়েৎ গঠন করার যে সংগ্রাম, সে সংগ্রাম তারা এখানে চালাচ্ছেন এবং বাহিরেও গণতান্ত্রিক জনতা সেই সংগ্রাম চালাবে।

Mr. Speaker :— I would now request the Hon'ble member opposing the motion to make statement.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ত্রিপুরাতে যে পঞ্চায়েৎ আইন চালু আছে সেই আইনটাকে Repeal করার জন্য বিরোধী দলের নেতা মাননীয় সদস্য নৃপেন্দ্র চক্রবর্ত্তী Repeal Bill উত্থাপন করেছেন আমি তার বিরোধীতা করি এবং যে প্রশ্ন উনি উত্থাপন করেছেন তার যুক্তি ও অসারতা আমি প্রমাণ করার চেষ্টা করব।

মাননীয় বিরোধী দলের নেতা কতকগুলি পরস্পর বিরোধী উক্তি করেছেন। তিনি বলেছেন যে পঞ্চায়েৎ আইন চালু করার জন্য তারা Council এর আমল থেকে চেষ্টা করে ছিলেন। বিরোধী দলের সদস্যদের মুখের কথা এবং কাজে সব সময় তফাৎ হয়। আমার পরিষ্কার মনে আছে যে পঞ্চায়েৎ নির্বাচনের প্রাকালে কংগ্রেসের তরফ থেকে ত্রিপুরার বিভিন্ন স্থানে কতকগুলি পঞ্চায়েৎ জনসাধারণ গঠন করেন। মাননীয়বিরোধী দলের সদস্য, আমি সঠিক করে বলতে পারি তিনি Territorial Council এ দাঁড়িয়ে বলেছিলেন

যে সেই পঞ্চায়েৎ জাল পঞ্চায়েৎ এবং দাবী তুলেছিলেন যে আসল পঞ্চায়েৎ গঠিত হউক এবং সর্ব্বভারতীয় ক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দলের যে ঘোষিত নীতি যে পঞ্চায়েৎ নির্ব্বাচনে কোন রাজনৈতিক দল অংশ গ্রহণ করবেন না, সেই নীতি থেকে বিচ্যুত হয়ে ত্রিপুরার কমিউনিষ্ট পার্টি ত্রিপুরাতে প্রগতিশীল দল সৃষ্টি করে পঞ্চায়েৎ নির্ব্বাচনে অংশ গ্রহণ করেছেন। আজকে এই আইন বাতিল করার হঠাৎ এত উৎসাহ কেন? উৎসাহের কারণ আর কিছু নয় বিভিন্ন এলেকাতে যে নির্ব্বাচন হয়েছে সেই নির্ব্বাচনে মাননীয় সদস্যদের যে প্রগতিশীল দল তাতে শোচনীয় ভাবে পরাজিত হয়েছেন। তার জন্য আজকে এই আইন বাতিল করার প্রশ্ন উঠেছে। আর যে সব প্রশ্ন তুলেছেন যে পঞ্চায়েতগুলির হাতে ক্ষমতা দেওয়া হয় না, একথাটা ঠিক সত্যি নয়, ক্ষমতা দেওয়ার চেষ্টা চলছে যেটুকু চেষ্টা চলছে, প্রচেষ্টা চলেছ সেটুকু মাননীয় সদস্যরা অবশ্যই স্বীকার করবেন। বিভিন্ন স্থানে পঞ্চায়েৎ নির্ব্বাচন হবার সঙ্গে সঙ্গে পঞ্চায়েৎ প্রধানদের হাতে টাকা দেওয়া হয়েছে এবং তাঁদের বাজেট করার জন্যও বলা হয়। কিন্তু এমন অবাস্তব বাজেট বিভিন্ন পঞ্চায়েৎ থেকে আসে যাহা কার্য্যকরী করা এই ত্রিপুরা সরকারের পক্ষে সম্ভবপর নয়। এমনকি কোন একটি পঞ্চায়েৎ থেকে দেড়লক্ষ টাকার বাজেট এসেছে একটি মাত্র কাজের জন্য। ত্রিপুরার আর্থিক অবস্থা বা সেই অবস্থায় এই সময়ে এই ভাবে প্রত্যেক পঞ্চায়েতের জন্য বাজেট বরাদ্দ করা সম্ভবপর নয়। মাননীয় সদস্য বলেছেন যে ১৯৪৭ ইং সনে U. P. Panchayat আইন গৃহীত হয় এবং তৎপর এই আইন U. Pতে সমষ্টিযুক্ত হয়েছে, U. Pতে সমষ্টিযুক্ত হয়েছে ত্রিপুরাতে এই আইন চালু হওয়ার অনেক পরে। বুঝতাম মাননীয় সদস্যের উদ্দেশ্যের সততা যদি তিনি বলতেন যে আমাদের এই আইন U. Pর মতনই সংশোধন করার জন্য। যদি কোন চেষ্টা করতেন বা তাঁর Partyর তরফ থেকে করা হত, কিন্তু তা না করে আজকে তিন বৎসর হল বিভিন্ন Block এলেকায় নির্ব্বাচন হয়ে গেছে এবং বিভিন্ন এলেকায় পঞ্চায়েৎ কাজ করে চলেছেন। তিন বৎসর পর আজ এই মুহূর্ত্তে সমস্ত পঞ্চায়েতগুলিকে বাতিল করে দিলে কি যে লাভ হবে ত্রিপুরার জনসাধারণেরআমি বুঝতে পারি না। মাননীয় সদস্য মনে হয় গণতন্ত্রের বিরোধী এবং তাঁরা একনায়ক তন্ত্রের পক্ষপাতী, Dectatorship এর পক্ষপাতী, গণতন্ত্রকে শক্তিশালী করে পঞ্চায়েৎ কাজে। কাজেই গণতন্ত্রকে ধ্বংস করার উদ্দেশ্য নিয়েই মাননীয় সদস্য এই Repeal Bill এই House এর সামনে উপস্থিত করেছেন, আর কোন মহৎ উদ্দেশ্য তাঁর এই সম্পর্কে আছে বলে আমি মনে করি না। নির্ব্বাচন ত্রুটিপূর্ণ এবং জনসাধারণ তাতে দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন এই কথাটার অর্থ আমি বুঝলাম না। নির্ব্বাচন ত্রুটি-পূর্ণ হতে পারে কিন্তু এতে দুর্নীতির স্থান কোথায় মাননীয় সদস্য তা পরিষ্কার করে বলেননি, কারণ প্রকাশ্য স্থানে দিবালোকে বিভিন্ন কর্ম্মচারীর সামনে Reterning officer এর সামনে এবং বিভিন্ন দলের লোকের সামনে এই নির্ব্বাচন অনুষ্ঠিত হয় তাতে দুর্নীতির কি স্থান থাকতে পারে তা আমার বুদ্ধির অগম্য।

মাননীয় সদস্য বলেছেন যে Cheif Commissioner থেকে Panchayet Inspectvor পর্য্যন্ত পঞ্চায়েৎ প্রধানদের উপর জুলুম করেন এবং পঞ্চায়েতের সেক্রেটারী পঞ্চায়েৎ প্রধান থেকে ক্ষমতাশালী। কথাটা সত্যি নয়। Sub-Division এ দেখছি যে পঞ্চায়েৎ সেক্রেটারী পঞ্চায়েৎ প্রধান এবং সদস্যদের নির্দ্দেশ অনুসারে কাজ করে থাকেন। কাজেই যে সব তথ্য মাননীয় সদস্য এখানে উপস্থিত করেছেন তা যুক্তিপূর্ণ নয়। এজন্যই আমি মাননীয় সদস্যের এই Repeal Bill এর আমি বিরোধিতা করছি।

Mr. Speaker :— I would now put the motion to vote. The question before

the House is the motion moved by Sri Nripendra Chakruborty for leave to introduce the United Provinces Panchayat Raj Act, 1947 (Repeal Bill 1965). As many as are of that opinion will please say—'Ayes'

"Ayes"

As many as are of Contrary opinion will please say— 'Noes'

"Noes"

"Noes have it." "Nos have it". The leave to introduce the United Provices Panchayet Raj Act, 1947 (Repeal Bill 1965) is not granted.

Next motion is that the West Bengal Security Act, 1950 (Repeal Bill 1965) is to be intorduced in the thouse. I request Sri Birchandra Deb Barma member to move his motion for leave to introduce the West Bengal Security Act, 1950 (Repeal Bill, 1965)

Shri Birchandra Deb Barma :—Hon'ble Speaker,Sir I beg leave to introduce the bill for the Repeal of the West Bengal Security Act, 1950.

Mr. Speaker :— Is there any member to oppose this ?

Sri Mano Ranjan Nath :— Yes, I oppose the motion.

Mr. Speaker :— I would now request the mover of the motion to make a short statement.

Sri Birchandra Deb Barma ;— মাননীয় স্পীকার স্যার, আমাদেব এখানে যে সমস্ত আইন extend করা হয়, সেটা হচ্ছে Union Territores states Land Act—যাতে Neighbouring বা অন্যান্য Province এর আইন Union Territoyতে extend করা হয়। এই আইনটাব দবকার পড়েছিল কারণ Union Territoyতে কোন Legislator ছিল না। Parliament Central govtকে ক্ষমতা দিয়েছে যাতে করে অন্য কোন Provnice এর আইন Union Territotyতে extend করতে পারে with necessary modification. যেমন West Bengal এর জায়গায় Tripura বসবে Actually the Act it sef is extended. এ সম্পর্কে প্রথম যে Part "C" state Land Act ছিল তাতে একটা Provision ছিল যে এখানকার কোন আইন তারা Repeal করে বাহিরের থেকে Extend করতে পারে। এবং actually ত্রিপুরাতে একটা Tripura Security Act ছিল সেটাকে repeal করে West Bengal Security Act এখানে extend করা হয়। এই নিয়ে 1955 এ Supreme Caurt President এর Referenee এর উপরে decide করেছেন যে Central Govt. Can not repeal an existing Act and introduce another Act in its place. কারণ এ সম্পর্কে Central Govtকে Legislative Power দেওয়া হয়। Suprerme Court এই decision করেছিলেন যে Repeal করবার ক্ষমতা Central Govt এর থাকবেনা। If there is no Act, যদি কোন আইন না থাকে they can extend an Act but they can not repeal an Act of the Union Territories and extend some other Act in its place because by that the Central Govt. will be given the power of legislature which is not and can not be given to Central Govt. সেই অনুসারে Part C State Lands Act এর Amendment হয়। (Voice from oppositions) ভুল করবেন না। Indian forest Act হচ্ছে

Central Act, Central Act extend করার প্রয়োজন পড়ে না, তা antomatically Union Territory তে এসে পড়ে। যেটা জানা নাই সে সম্পর্কে বলবনা। As soon as Tripura State is integrated with Indian Union, all Central Acts will automatically be extended to Tripura. But the question is when any provincial law is introduced in Tripura or in the Union Territory it is necessary to extend it either by the Parliament and by Some Laws of the Parliament e. g., the Part C State Land Act by which Parliament delegated the Power to the Central Govt to extend Some laws of the Provincial Govt to the Union territories so that the vacuum that is created thoung this integration as there is no similor law here. Similor laws may be introduced from the neighbouring provinces—that is the law. So, the question of extending Central Laws does not arise at all. It will be extended au tomatically. কাজেই Question টা arise করেছিল যেখানে ত্রিপুরাই যে Laws আছে সেটাকে Repeal করে, দিল্লীর কাছে appeal করা হয়েছিল যে, তার জায়গায় অন্য Laws আনা যায় কি না। সে সম্পর্কে Supreme Court এই Decision দিয়েছিলেন যে সেটা যাবে না। Because by that it would be delegating Legislative power to the Central Government. Central Government কে Legislative power দেওয়া যায় না। কাজেই if there is any vacuum, যদি কোন আইন না থাকে। সে জায়গায় অন্যান্য রাজ্যের যে আইন সেটাকে এখানে extend করা যায়। কিন্তু West Bengal Security Act, 1950 West Bengal এ promulgated হওয়ার immediate পরেই এখানে extend করা হয় in 1950. কাজেই 1953 র পরে যে Supreme court এর Decision হয়েছিল এর আগেই এটা এখানে extend করা হয়। অবশ্য এটা নিয়ে কোন Challenge করা হয়নি। কাজেই It is going to be extended or introduced here. এখন Question হচ্ছে এই যে West Bengal Legislature সেখানকার Circumstance অনুযায়ী সেটা করে এবং এর পরে বহু Amendment করে। কাজেই West Bengal security Act যখন এখানে extended হয়েছে, We have already raised question in the Court, যে amendment গুলিও will be automatically extended here. কিন্তু Court বলল সেটা হবে না। কারণ Central Government শুধু মাত্র Original Act টাই এখানে extend করেছে। Amended Act extend করেনি। কাজেই Amended Act will not be extended here. কাজেই 1950 তে যে Act এখানে extend করা হয়েছিল এর পর যে Amendment করা হয়েছে সেগুলি ত্রিপুরাতে extend হয় না এবং কাজেই Original যে Act সেটাই এখানে extended থাকবে এবং তার সে amendment সেটা এখানে extended হবে না। তখন এখানে Legislature ছিল না। Parliament এর পক্ষে সমস্ত amendment গুলি ঠিক করে এখানে extend করা সম্ভবপর ছিল না। কিন্তু আমাদের পক্ষে সেটা এখন সম্ভবপর হয়েছে। আমরা এখানে Legislature পেয়েছি এবং Legislative power এখন আমাদের হাতে এসেছে। Of conrse in a limited sphere. কাজেই যে power আমাদের দেওয়া হয়েছে, সে অনুযায়ী West Bengal Secirty Act এ যে amendment করা হয়েছে তা আমরা এখানে extend করতে পারি। কিন্তু মুস্কিল হচ্ছে কি আমাদের এখানকার যারা কর্তৃপক্ষ তাঁরা এ বিষয়ে সজাগ নন। পূর্ব্বের যে Act সেটাই তাঁরা এখানে চালু রাখছেন। সে Act গুলি যে amendment করা

প্রয়োজন সে সম্বন্ধে তাঁরা সচেতন নন এবং তাঁরা তা করছেন না। কাজেই আমাদের এই repeal Act আনার উদ্দেশ্য হচ্ছে এই যে আমরা বলতে চাই we want to repeal this Act, So that appropriate Act may be legislated by the Legislatures. তারপর explanatory notes on objects and reasons সম্পর্কে আমাদের আর একটা কথা আছে it encroaches upon the civil liberty and democratic rights of the people of Tripura. Particularly section II এ একটা clause আছে, West Bengal Security Act এ section II, subversive act এর জন্য শাস্তি বিধানের ব্যবস্থা আছে। So far I know. No case in Tripura has been proved or substantiated. 1950 এর অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। কাজেই in view of theChanging Circumstances আমরা দেখে—শুনে ঠিক করতে পারি what will be the security measure here, এবং সেই হিসাবে আমরা ত্রিপুরাতে Tripura Security Act তৈরী করতে পারি। কাজেই এই দিক থেকে আমি মনে করি যে it is time for us to consider all those Old Acts extended in Tripura to be repealed and to replace those old Acts by new Acts of our own in consideration of the circumstances and also the natural and other aspects of Tripura and in consideration of all these things we should legislate new laws for our State and as such we want to repeal the West Bengal Secarity Act. So that new Act can be introduced.

Mr. Speaker ;—I would now call on the Hon'ble Member Shri Monoranjan Nath.

Sri Monaranjan Nath :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীবীরচন্দ্র দেববর্মা মহোদয় যে বিল হাউসের সামনে উত্থাপন করেছেন আমি সে বিলের বিরোধিতা করছি। কারণ তিনি যে বিল এনেছেন, সে বিল চালু থাকতে যে ত্রিপুরায় কি অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে তিনি কিছুই বলেন নাই। তিনি বলেছেন West Bengal Security Act থাকবে না, ত্রিপুরার একটি Act করা হউক। যদি একটা ভাল জিনিষ Act ত্রিপুরাতে থাকে তা হলে দেশবাসী বা দেশের পক্ষে কি অসুবিধা হ'তে পারে, সে সম্পর্কে তিনি কিছু যুক্তি প্রদর্শন করেন নাই। তিনি একটি কথা বলেছেন যে West Bengal Security Act 1950 তে introduced হয়েছে। আমি যতটুকু জানি সেই Act 1956 এর October মাসে ত্রিপুরা ষ্টেট চালু হয়েছে। 1960তে আবার extension করা হয় 1966 পর্যন্ত। সময় যখন উত্তীর্ণ হয়ে যায়, তখন মাঝে মাঝে উহা extension করা হয়। কেন্দ্রীয় সরকার ত্রিপুরার নিরাপত্তার জন্য, ত্রিপুরাবাসীর নিরাপত্তার জন্য সেই Act ত্রিপুরাতে introduce করেছেন, extend করেছেন। এই যে Actটা repeal করার অর্থ হল ত্রিপুরাতে একটা অরাজকতা, gundaism চালাইয়া যাওয়া। West Bengal Security Act করার মানেই হল gundaism, antisocial activities' smugling, blackmarketing ইত্যাদি দমন করা এবং এই জন্যেই সেই Act এখানে চালু করার প্রয়োজন হয়েছিল। আজ পর্যন্ত এই গুলি দূরীভূত হয় নাই, এখনো দেশের মাল পত্র পাকিস্থানে পাচার হচ্ছে। গরু, বাছুর ইত্যাদি ... ... Interruption যদিও মাননীয় সদস্য বলেছেন, এ রকম কোন case হয় নাই, কিন্তু আমি জানি, আমি practice করি, বহু case আছে এবং

several case এ conviction হয়েছে। তারা কি চান ত্রিপুরাবাসীর ধন সম্পত্তি ভিন্ন রাষ্ট্রে যাক এবং ত্রিপুরাবাসী তাদের ধনসম্পত্তি রাখতে পারবে না। এই Act যদি repeal করা হয় তা হলে ত্রিপুরা বাসীর পক্ষে বিপদজনক। এই কথা চিন্তা করেই কেন্দ্রীয় সরকার এই Act ত্রিপুরাতে প্রযোজ্য করেছেন এবং আমি বলব এই Act 1966 পর্য্যন্ত extend করা হয়েছে এবং এর পরে ও যদি সরকার extend করার প্রয়োজন মনে করেন তাহলে রাখবেন। এখানে বলা হয়েছে যে এই Act এর দ্বারা Civil Liberty curtail করা হয়। এই Act এর দ্বারা Civil Liberty কাদের curtail করা হ'তে পারে। যারা অপরাধ প্রবণ, যারা অপরাধ করতে চায় তাদের Civil Liberty বিঘ্নিত, হতে পারে। কিন্তু যারা সৎ নাগরিক, যারা শান্তিতে বসবাস করতে চায় তাদের Civil Liberty বিঘ্নিত, হওয়ার কোন কারণ নাই। কাজেই আমি বলব এই যে repeal করার যে প্রস্তাব এসেছে তা মোটেই যুক্তি সঙ্গত নয় এবং আমি সমর্থম করতে পারছি না। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I am now putting the question for decision of the House.

The Question before the House is the motion moved by Shri Bir Chandra Deb Barma for leave to introduce the West Bengal Security Act, 1950 (Repeal) bill 1965.

As many as are of that opinion will please say "Ayes". Voices—"Ayes"

As many as are of contrary opinion will please say "Noes".

Voices—"Noes."

"Noes" have it. "Noes" have it.

Mr. Speaker :—The leave to introduce the West Bengal Security Act, 1950 (Repeal) Bill, is not granted.

Next item in the list of business to day, is "Private Members Business." (Resolution).

I would call on Shri Promode Ranjan Das Gupta, M. L. A. to move his resolution that—

"This Assembly is of opinion that the provision under section 99 (I) (c) of the Tripura Land Revenew and Land Reform Act, 1960 be given immediate effect all over Tripura."

Shri Promod Ranjan Das Gupta :—মাননীয় অধ্যক্ষ মহোদয়. আমি এই resolution টি move করছি যে under section 99 (I) (c) of the Tripura Land Revenew and Land Reform Act, 1962 be given immediate effect all over Tripura. আমার এই যে প্রস্তাব, এই প্রস্তাবটা আনবার কারণ হচ্ছে যে এই ত্রিপুরার Land Revenews Land Reforms Act, 1960 তাতে আমরা দেখি যে rayot এর right এর প্রধান কয়ে টা জিনিষ হচ্ছে যেটা স্পষ্ট ভাবে লেখা আছে Rayot is entitled to plant trees on his land to enjoy the products there of and cut them, utilise or dispose of the timber of any tree on his land. মাননীয় স্পীকার মহো য়, এই যে ত্রিপুরার Rayot এর জোতের জায়গায় যে গাছ, যে গাছ তারা নিজেরাই লাগিয়াছে,

নিজেরাই বড় করেছে সেই গাছ গুলিও আজ তারা কাটতে পারে না। এমন কি এমন অনেক জায়গায় দেখা যায় তার বাড়ীর সামনে হয়ত একটা গাছ আছে, সেটা বিরাট গাছ, বহু দিনের পুরানো এবং তাহার ঘর সংলগ্ন, এবং সে গাছটা যদি ঝড়ের সময় পরে যায় তাহা হলে ঘরের ভিতর যে মানুষগুলি আছে তাদের মৃত্যুর সম্ভবনা আছে। কিন্তু সেই গাছটা তৎক্ষনাৎ কাটবার কোন শক্তি সেই জোতদারের নেই। এই ত্রিপুরার এই যে একটা আইন, যদি কোন জোতদার যে গাছ সে নিজে রোপন করেছে সে গাছের একটা ডাল যদি সে কাটে তখনই Forest Act অনুসারে তার থেকে মাশুল আদায় করা হয়। অনেক সময় এই ব্যবস্থার ফলে তার থেকে illegal gratification পর্য্যন্ত নেওয়া হয়। তদুপরি এই যে জোতের গাছ সেই গাছের মাশুলের উপর surcharge পর্য্যন্ত নেওয়া হয়, যে গাছ সে নিজের হাতে রোপন করেছে এবং যে গাছের ডাল ঝড়ের সময় নিজের ঘর বাঁচাবার জন্য কেটেছে। তার জন্য তাকে জরিমানা এবং মাশুল দিতে হয়। এই যে একটা জুলুম সেটা আজ ত্রিপুরায় চলে আসছে। যে গাছ সে নিজের হাতে রোপন করেছে, যে গাছের ডাল ঝড়ের সময় নিজের ঘরকে রক্ষা করার জন্য কেটে ফেলেছে। সেই সব গাছকে কেটে ফেলার জন্যও তাকে জরিমানা দিতে হয়। এই যে একটা জুলুম সেটা আজ ত্রিপুরার অনেক জায়গায় চলে আসছে। কিন্তু ত্রিপুরার Land Revenue and Land Reforms Act এর 99 (1) (c) ধারায় স্পষ্টভাবে লিখা যে তাদেরকে সেই অধিকার দেওয়া হবে। তারা গাছ রোপন করতে পারে এবং সেই গাছ কাটতে পারে এবং সেই গাছ হতে timber আহরণ করতে পারে। কিন্তু এই যে একটা জনকল্যাণমূলক দেশ, সমাজের প্রত্যেক মানুষের যে একটা right বা অধিকার আছে সেটাকে curtail করার একটা কারণ যেটা উত্থাপন করার সম্ভাবনা আছে, সেটা হচ্ছে যে Land Settlement সব জায়গায় সম্পূর্ণ হয়নি। কিন্তু যেসমস্ত জায়গায় Land Settlement সম্পূর্ণ হয়েছে সেই সমস্ত জায়গায় তো সেটা implement করা যায়। এ ছাড়াও সারা ত্রিপুরায় Settlement start না হওয়ার পূর্ব্বের জোতের জায়গায় তার implement করায় আইনত কোন বাঁধা নেই। যেখানে আইন বাঁধা হিসাবে দাঁড়ায় না এবং যে আইন প্রয়োগ করে সমাজের কল্যাণ হয় তখন সেই আইনকে inabeyance রাখার কোন right বা moral right বলে ruling party রাখতে পারে না। এটা তার moral right হয় না। তাই আমি বলছি—যখন এই প্রস্তাবটি আমি House এর সামনে রাখছি তখন আমি এই কথাটি মনে করেই রাখছি যে ত্রিপুরায় দেখা যায় সোনামুড়ার ২/১ টি অঞ্চলে এই Land Reforms Act এর এই যে Act টা সেটা implement করা হয়েছে। কিন্তু অন্যান্য জায়গায়— সদর, মোহনপুর ব্লকে আরও অন্যান্য জায়গায় যেখানে attestrtion Complete হয়ে গেছে সেখানে আজ পর্য্যন্ত সেটাকে implement করা হয়নি। কিন্তু এমন অনেক আইন implement করা হচ্ছে, যা হচ্ছে—যারা প্রজা তাদের উপর খাজনা বৃদ্ধির আইন, খাজনা বৃদ্ধি ধার্য্য সেই সব সুন্দরভাবে সমাধা হয়ে যাচ্ছে। এমন কি গত কাল একটি প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেছিলেন—আমি ভুল বলছি, আমার মনে হচ্ছে আমাদের মাননীয় উপমন্ত্রী বলেছিলেন যে cost of Production Collected হচ্ছে। cost of Production এর উপর নির্ভর করেই আমাদের কর, Revenne enhance করা উচিত এবং করতে হয়। সেইটাই যেখানে Collection এর stage এ আছে সেই অবস্থায় enhancement ধার্য্য হয়ে গেছে। সারা ত্রিপুরায় যে সমস্ত জায়গায় atiestation হয়ে গেছে সেই সমস্ত জায়গায় সেই কর কত পড়বে তার

enhencement ধার্য্য হয়ে গেছে। যারা খাস Land দখল করে রয়েছে তাদের মধ্যে যাদেরকে বন্দোবস্ত দেওয়ার সিদ্ধান্ত হয়েছে, তাদের থেকে নজরানা নাম জারীর টাকা সমস্তই আদায় হচ্ছে। যারা খাস land এ আছে সেখান থেকে তাদের উপর উচ্ছেদের নোটিশ দেওয়া হচ্ছে, উচ্ছেদ করা হচ্ছে। অর্থাৎ গভর্ণমেন্ট যে দিকটায় জনসাধারণের সুবিধার ক্ষেত্রে চিন্তা করার অপেক্ষাও করতে পারতো এবং নজরানা বৃদ্ধি কিম্বা উচ্ছেদ যেটা সাধারণত গরীব প্রজা, জোতদার কিম্বা জনসাধারণের পক্ষে একটা মর্মান্তিক সেই-টাকে apply করে যাচ্ছেন, implement করে যাচ্ছেন under tqe rules and act of Indian Land Revenue and Land Reforms Act, 1960. কিন্তু Iudian Land Reforms and Land Revenue Act, 1960 এর যেখানে একটা act আছে সেই Act এ স্পষ্ট ভাষায় লিখা আছে যে এই Act জোতদারদের মঙ্গল করতে পারে, জোতের উপর পাছ কাটার যে অধিকার সেই অধিকার হতে আজও বঞ্চিত করে রাখার কি কারণ থাকতে পারে? যেখানে ২/১টি জায়গায় সেটাকে impliment করা হয়েছে সেখানে সেটাকে কেন সাবা ত্রিপুরাতে জোতদারদের মঙ্গলার্থে প্রজাদের মঙ্গলার্থে implimont করা হচ্ছে না। কেন সে প্রজাকে প্রতি বছর বছর forest guard এর কাছে harassed হতে হচ্ছে। আমি অনেক—যদি প্রমাণ চান দিতে পারব, যে forest guard থেকে আরম্ভ করে forestor পর্য্যন্ত illegal gratification নিচ্ছে একটা গাছ কাটার জন্য যে গাছ সে তার জীবন রক্ষার্থে কেটেছে, সেটার জন্য ও আর থেকে gratification নিচ্ছে। তারপর সে গাছ যদি কাটতে হয়, তার উপর tax শুধু tax নয় duty ও forest র যে duty তার উপর sur charge 50%, 25% পর্য্যন্ত জোতদারের জোতের গাছের জন্য নেওয়া হচ্ছে। এই যে একটা জুলুম, এই যে আইন, সেই আইন দ্বারা প্রতিদিন প্রতিনিয়ত আমাদের সাধারণ প্রজারা, গ্রামের সাধারণ লোক নির্য্যাতীত হচ্ছে, সেই আইনটা বিলোপ করবার এবং সেই আইনে তার যে অধিকার rights of rayots সেই একমাত্র অধিকার দেওয়ার যে ব্যবস্থা এই আইনে আছে, সেটাকে কোন implement করা হচ্ছে না? তাই আমি Ruling Party র কাছে অনুরোধ করব, যে সারা ত্রিপুরায় এই আইনটা অবিলম্বে implement করে সাধারণ প্রজাদিগকে জুলুম বাজি এবং tax থেকে রক্ষা করা হউক। মাননীয় স্পীকার মহোদয় একটা জিনিষ লক্ষ্য করুণ আজকের দিনে যে ভাবে জিনিষ পত্রের দাম বেড়ে যাচ্ছে cost of living যে ভাবে বেড়ে যাচ্ছে, জীবন যাত্রায় গ্রামের গরীব কৃষকদের কি অবস্থা দাঁড়িয়েছে। কিন্তু আজকে ১/২ আটি লাকড়ির জন্য, যে লাকড়ি সে নিজের গাছ থেকে কেটেছে তার জন্য যদি রোজ তাকে ১০ পয়সা করে tax দিতে হয়—তাহলে কি তার উপর এই বোঝাটা আরও বাড়ে না। যেখানে আজ ৬৲ তেলের সের ১৷৷০ সের ডাল তাহা ও পাওয়া যায় না— এই অবস্থায় cost of living যে হারে বেড়েছে এবং জীবন যাপন করা যাদেব অসম্ভব হয়ে উঠেছে অসহনীয় হয়ে উঠেছে তাকে যদি আবার তার নিজের হাতে রোপন করা গাছের লাকড়ি কাটার জন্য রোজ ১০ পয়সা করে মাশুল দিতে হয় তাহলে তার উপরে এটা অত্যাচার করা হয় এবং আমরা যখন চিন্তা করি এবং অনেক সময় ruling Party বলে থাকেন যে আমরা চেষ্টা করছি relieve দেওয়ার যাতে এই যে জীবন যাপনের দুর্বিসহ অবস্থা দাঁড়িয়েছে জিনিষ পত্রের দামের উর্দ্ধগতির জন্য তার থেকে যাতে কিছুটা relieve পাওয়া যায়। আমি মনে করি আপনারা যদি এটাকে implement করেন তবে তারা কিছুটা

relieve পেতে পারেন। Relieve পেতে পারেন দুই দিকে—একটি হচ্ছে তাদের জোতে গাছ করে তা হতে কাঠ কেটে বিক্রি করে ২টা পয়সা পেতে পারেন এবং যদি tax না দিতে হয় তবে সেই পয়সাটা তাদের ঘরে আসতে পারে। সাংসারিক খরচ করে সে রোজ ১০ পয়সা অতিরিক্ত ঘরে নিয়ে আসতে পারে। কিন্তু আজ যে আইন আসাদের ত্রিপুরায় চালু আছে সেই আইনে তাকে সেটা আহরণ করতে দিচ্ছে না। তার উপর জুলুম বাজী হচ্ছে—১০ পয়সা ৫ আনা তার থেকে আদায় করা হচ্ছে। অনেক সময় দেখা যায় সে গাছ কেটে tax দিয়ে সে রেহাই পায় না। কেন বিনা অনুমতিতে গাছ কাটলে, কেন বিনা অনুমতিতে লাকড়ি করলে, তারজন্য তাকে জরিমানা দিতে হস, সে জরিমানা সেটাকে আমি আগেই বলেছি illegal grotification, সেটাকে তার দিতে হয়, তার থেকে রক্ষা করতে হলে এবং আজকের এই দুর্দিনে যদি কৃষককে সাহায্য করতে হয় তাহলে আমার মনে হয় under sec. 99 (1)(o) সে ধারাতে rayot এর অধিকার বিধিবদ্ধ আছে, সেই অধিকারকে আপনারা স্বীকৃতি দেন, সারা ত্রিপুরায় implement করেন। Attestation settlement Complete, এমন কোর কারণ নেই যে ঐ গুলি Complete না হলে তাকে implement করা যাবে না। এমন কোন বাঁধা barrier bar এর মধ্যে নেই। অতএব প্রজাদের কল্যাণের জন্য এই দুর্দ্দিনে এবং সমাজের কল্যাণের দিকে রেখে আমি আশা করব Rulnig Party আমার এই যে প্রস্তাবটা বিশেষভাবে বিবেচনা করে গ্রহণ করবার চেষ্টা করবেন।

Mr. Speaker :— I call on Sri Krishnadas Bhattacajee;

Sri Krishnadas Bhattacharjee :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য প্রমোদ দাশগুপ্ত মহাশয় যে resolution টা এখানে এনেছেন ঐটি আমি আপাততঃ সমর্থন করতে পারছি না। উনি যে প্রস্তাবটা এনেছেন সেটা যে আমরা চাইনা তা নয়। কিন্তু উনি যেটা এনেছেন সেটা automatically হয়ে যাবে। না কেন—যিনি গাছ লাগিয়েছেন, সেটাকে কাটতে দেওয়া খুবই যুক্তি সঙ্গত। সেটাকে নিয়ে সকল পক্ষই যথেষ্ট আন্দোলন করেছেন এবং সেই আইনটি আমরা পেয়ে গেছি। এখন সেই আইনটি চালু হতে যাচ্ছে। কোন কোন জায়গায়, যেখানে attestation complete হয়ে গেছে, final হয়ে গেছে; সেখানে সেই declation দেওয়া হয়ে গিয়েছে যে তারা নিজের জোতের গাছ কাটতে গেলে তাদের কোন মাশুল দিতে হবে না। বোধ হয় খোয়াই, কমলপুর, সোনামুড়া এই কতগুলি জায়গায় attestation complete হয়ে গেছে, সুতরাং সেখানে তাদের নিজের জোতের যে জায়গা, সেই জায়গার গাছ কাটলে কোন permission বা মাশুলের দরকার হয় না। এখানে সদরে ও সেটা হবে, তবে একটু সময় সাপেক্ষ এ জন্য যে attestation সদর এলাকাতে এখনও সম্পূর্ণ হয়নি। final declaration এখনও হয় নি সে জন্য এই জিনিষটা এখনও হচ্ছে না। যখনই attestation complete, final হয়ে যাবে তখনই জোতের জায়গা থেকে গাছ কাটবার অধিকার তারা পেয়ে যাবেন এবং তার জন্য কোন মাশুল দিতে হবে না। কিন্তু বর্ত্তমানে যদি সেটা চালু করে দেন, তাহলে একটা অসুবিধার সৃষ্টি হবে। এই যে অনেকের হয়তো অতিরিক্ত জায়গা আছে, অর্থাৎ যতটুকু জায়গা ceiling limit এর মধ্যে রাখতে পারবে, তার চেয়ে অতিরিক্ত জায়গা ও তাদের দখলে আছে। এখন যদি এই আইনটা চালু করা দেওয়া যায় তাহলে সে জায়গা তাদের নিজের নয় বা থাকবে না অথচ এখন দখলে আছে এমন জায়গা থেকেও তারা গাছ কাটবে। কাজেই তাতে গভর্ণমেণ্ট রেভিনিউ loss হবে, এবং সেটা যুক্তিসঙ্গত হবে বলে মনে হয় না।

অর্থাৎ যে জায়গাটুকু তার থাকবে না সেই জায়গা থেকে সে গাছ কাটবে। এই অসুবিধার সৃষ্টি হবে। তার জন্যেই attestation হয়ে গেলে, কে কতটুকু জায়গা রাখতে পারবে, কে কতটুকু রাখতে পারবে না, কতটুকু খাস হয়ে গেল সেগুলি সব determind হয়ে যাবে। তখন আইন অনুযায়ী যতটুক জায়গা যার থাকবে ঐ জায়গা থেকে গাছ কাটতে তার কোন বাধা থাকবে না। সুতরাং যে আইনটি already ত্রিপুরার কোন কোন জায়গায় চালু হয়ে গেছে এবং যথাসময়ে সদরেও চালু হবে তার জন্য এক্ষুনি একটা resolution আনার কোন অর্থ হয় না। কারণ এখনও attestation final হয়নি, final হওয়ার আগে resolution টি যদি পাশ হয় তাহলে এটা দেশের revenue র স্বার্থে ক্ষতিকর হবে। তার জন্যেই আমি এই প্রস্তাবটির বিরোধীতা করছি।

Mr. Speaker :— আচ্ছা, আমি এই resolution টির উপরে কতক্ষণ সময় দেওয়া যাবে সে সম্বন্ধে বলছি। ইন অল দেড় ঘণ্টা সময় দেওয়া যাবে (৯০ মিনিট)। তার মধ্যে গভর্ণমেণ্ট পার্টি ৪০ মিনিট সময় নেবেন আর opposition ৫০ মিনিট নেবেন।

I would call on Shri Hlura Aung Mog.

Hlura Aung Mog :—

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাশগুপ্ত মহাশয় যে প্রস্তাবটি এই House এ রেখেছেন তার সমর্থনে আমি কিছু বলব। যখন সারা ত্রিপুরা রাজ্যের মানুষ এই Forest Deptt. এর অত্যাচারে জর্জ্জরিত এবং সমস্ত রকম revenue দিয়েও যখন নিজের জোতের গাছ কাটার অধিকার পাচ্ছিল না তখন আমরা সেই অধিকারকে প্রতিষ্ঠিত করার জন্য সারা ত্রিপুরা ব্যাপী একটা আন্দোলন সৃষ্টি করেছিলাম। এবং সেই অনুযায়ী ত্রিপুরার মানুষ Central Government কে বাধ্য করে সেই আইনটা এখানে এনেছে। অথচ এখন পর্য্যন্ত সেই আইনটা ত্রিপুরার কয়েকটা ডিভিসান ব্যতীত অন্য গুলিতে চালু হয় নি। Act এর মধ্যে এই কথা কোথায়ও লিখা নাই যে Settlement এর জরীপ শেষ না হলে এই আইনের সুযোগ সুবিধা দেওয়া যাবে না। সুতরাং নিজের জোতের জায়গায় গাছ রোপন করে তার সুযোগ সুবিধা নেওয়ার অধিকার সেই Land Refoums Act এ ত্রিপুরাবাসীকে দিয়েছে। কিন্তু আমাদের ত্রিপুরা সরকার মাত্র ২।১টা ডিভিসনে এই আইন চালু করে বাকী গুলিকে forester দের জুলমবাজী করার সুযোগ দিয়েছে সেই কথাই আমি এখানে বলব। যদি তা না হয় তবে যখনই এই আইন পাশ হয়েছে তখনই ত্রিপুবাবাসীর মঙ্গলের দিকে, তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে সমস্ত ত্রিপুরায় প্রয়োগ করতেন। কিন্তু তা এখনও হয়নি। সেজন্য আমি এই House এ বলব যে এখানে প্রত্যেকেই ত্রিপুরার বিভিন্ন অংশ থেকে জনসাধারণের ভোটে নিবাচিত হয়ে এসেছেন এবং বিধানসভা ও মন্ত্রীসভা গঠন করেছেন। আমি আশা করব যে Settlement এর জরীপের জন্য. attestation এব জন্য অপেক্ষা না করে এই আইনটা অবিলম্বে চালু করা হবে। এটা প্রত্যেক সদস্য এবং মন্ত্রীমণ্ডলী স্বীকার করবেন যে ত্রিপুরার বিভিন্ন অঞ্চলে যেমন সাব্রুম, বিলোনীয়া প্রভৃতি অঞ্চলে যেভাবে forester জুলুম চলছে—যেখানে নিজের জোতের গাছ নিজেই কাটতে পাচ্ছেনা, কাটলে বিভিন্নভাবে তাদেরকে হয়রানি করা হয় এবং সেখানে নানা রকম case দেয়। অনেকের বিরুদ্ধে জোতের গাছ কাটার জন্য case দেওয়া হয়েছে তাতে দেখা গেছে নিম্ন আদালতে প্রজাদের পক্ষেই রায় দেওয়া হয়। এইভাবে প্রজারা নানাভাবে হয়রানি হয়

এবং case এর পিছনে অজস্র টাকা পয়সা খরচ করে জায়গা জমি পর্য্যন্ত হারাতে হয়েছে এমন নজীরও বহু আছে। আমাদের মন্ত্রীমণ্ডলী যদি সমস্ত sub-division এ enquiry করে দেখেন, তাহলে বুঝতে পারবেন Forester এর পক্ষ থেকে এ ধরণের case কত দেওয়া হয়েছে। সুতরাং আমার অনুরোধ যাতে এ ধরণের যে সমস্ত case আছে সেগুলিকেও যেন ঝুলিয়ে রাখা না হয়, এবং তার জন্যই এই section কার্য্যকরী করার প্রয়োজনীয়তা আছে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করব।

Mr. Speaker :— Shri M. L. Bhowmik.

Shri M. L. Bhowmik :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী পক্ষের সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করি। আমাদের এখানে যে ভূমি সংস্কার আইন চালু হয়েছে তার উদ্দেশ্য হল প্রজার মঙ্গল। এবং সেই উদ্দেশ্যেই রাজ্যের কয়েকটি বিভাগে যথা—কমলপুর, খোয়াই, সোনামুড়া ইত্যাদি স্থানে attestion এর কাজ শেষ হয়ে গেছে। এখন ঐ সমুদয় স্থানে জমির প্রকৃত মালিক যারা তারা তাদের জোতের উপর যে সমস্ত গাছ আছে তা কাটতে পারে এবং অন্য ভাবেও জমির ভোগ দখল করতে পারে। এই আইন যখন ত্রিপুরা রাজ্যর অন্যান্য স্থানে বলবৎ হবে, অর্থাৎ attestion এর কাজ যখন সেখানে শেষ হবে, তখন সেখানেও জোতদারগণ জোতের অন্তর্গত গাছ কাটতে পারবে। বিরোধী পক্ষ থেকে একথা উল্লেখ করা হয়েছে যে আইনে এমন কোন ধারা উল্লেখ নেই যার বলে জোতের অন্তর্ভূক্ত গাছ কাটা যাবে না। একথা সত্য। কিন্তু এর পেছনে যে কতকগুলি অসুবিধা আছে সেকথা তারা উল্লেখ করেন নি। আসল কথা হচ্ছে যে যখন পর্য্যন্ত না attestion হচ্ছে, ততক্ষণ পর্য্যন্ত কার অধিকারে কি পরিমাণ জমি আছে, কোন জমি কোন জোতের অন্তর্গত, ততক্ষণ পর্য্যন্ত কার গাছ কে কাটবে। যদি এখন attestion এর পূর্ব্বে জোতের উপরকার গাছ অনুমান করে কাউকে কাটতে দেওয়া হয়, তখন ফল এই দাঁড়াতে পারে যে attestion এর পরে দেখা গেল যে এই জোত তার নয়। অথচ তিনি গাছ কেটে নিয়ে গেছেন কি সুতরাং এই ক্ষেত্রে সরকারের revenue loss ছাড়া আর কোন লাভ হবে না। বিরোধী পক্ষের সদস্যরা বলছেন যে Forest কর্ম্মচারীর অত্যাচার থেকে জোতদারদের বাঁচাবার জন্য এই আইন এখনই প্রয়োগ করা উচিত। কিন্তু আমার মতে Forest কর্ম্মচারীদের বক্তব্য হচ্ছে এটা দেখা, যাতে করে বে-আইনী কেউ জোতের উপরের গাছ কাটতে না পারে। এবং যেখানে মাশুল আদায়ের প্রয়োজন আছে, সেটা যথাযথ মাশুল আদায় করা। Forest কর্ম্মচারী তাদের কর্ত্তব্য পালন করবে। সে ক্ষেত্রে হয়ত বেআইনীকৃত কতক লোকে অসুবিধা হতে পারে। কিন্তু তাই বলে কর্ম্মচারীরা তাদের কর্ত্তব্য পালন করবেনা তা কখনই হতে পারে না। Forest কর্ম্মচারীর ক্ষেত্রে যে illegal gratification এর কথা বলা হয়েছে, একজন বিরোধী পক্ষের সদস্য বলেছেন, তা যদি সত্য হয় তবে তা সত্যিই অন্যায়। এবং তার জন্যে আইন আছে, আদালত আছে, এরূপ কর্মচারীর শাস্তির অন্যান্য বিধানও আছে। একথা সত্য এই অর্থ নৈতিক দুর্দ্দিনে যখন জিনিষ পত্রের দাম অতিদ্রুত বেড়ে যাচ্ছে, তখন এই ভূমি সংস্কারের কাজ যত সত্বর শেষ হয়, ততই ভাল। তাহলে কৃষক ভাইয়েরা তাদের গাছ থেকে দু'পয়সা আয় করবার সুযোগ পাবে। কিন্তু সব কিছুত একদিনে করে ফেলা সম্ভব নয়। তাই আমাদের দেখতে হবে, ভূমি সংস্কারের কাজ প্রতি পর্য্যায়ে যাতে সুষ্টুভাবে সম্পন্ন হয় এবং এরদ্বারা শেষ পর্য্যন্ত যেন মানুষের অসুবিধা না হয়। কাজেই আমি আশা করব যে ক্রমান্বয়ে এই ভূমি সংস্কারের কাজ বাকী ৭টি Sub-Division এ শীঘ্রই শেষ

হবে এবং জোতদারগণ তাদের জমির উপরে যে সমস্ত গাছ আছে তা ভোগ করবে। এবং এর জন্যে আমাদের কিছুদিন অপেক্ষা করা ছাড়া গত্যন্তর নেই ; কেন না কোন আইনকে কার্য্যকরী করতে গেলে যাতে তা সুষ্ঠু ভাবে কার্য্যকরী হয় তা আমাদের দেখা উচিত।

Mr. Speaker :— The House stands adjourned till 2 P. M. The member Speaking will have the floor.

Shri Nripendra Chakraborty :—মধুবন থেকে প্রতিনিধি এসেছেন। তারা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার জন্য এখানে অপেক্ষা করছেন। আমি অনুরোধ করছি যে মুখ্যমন্ত্রী তাদের সঙ্গে দেখা করে Ration shop সম্পর্কে তাদের যে দাবী এবং বক্তব্য সেটা তিনি শুনুন। মধুবন আমতলীর যে পঞ্চায়েৎ সেখান থেকে তাবা এসেছেন। দীর্ঘদিন যাবৎ তাদের Ration shop নাই মুখমন্ত্রীর কাছে তাদের সে দাবী জানাতে এসেছেন, আমি অনুরোধ করব মুখ্যমন্ত্রী তাদের সেই দাবী ও বক্তব্য শুনুন।

Mr. Speaker :— What is the opinion of the Hon'ble Chief Minister ?

Sri S. L. Singh, Chief Minister :— এখন Assembly চলছে. এ সম্পর্কে আগে আমি মাননীয় সদস্যদের সঙ্গে আলাপ করে যা বলার আমি বলেছিলাম এবং উনাকে তা বলে দিবার জন্য বলেছিলাম উনি তাহা বলেছেন কিনা জানি না। তারপর এখন আবার সেই কথা বলা হচ্ছে, এখন Immediately it is absurd to see all of them.

Sri Nripendra Chakraborty :— তাহলে আপনি একটি time দিন কখন তারা আপনার সঙ্গে দেখা করতে পারবে।

Sri S. L. Singh, Chief Minister :— তাঁরা কালকে ৮টা বা ৯টায় আমার বাড়ীতে আসতে পারে।

Mr. Speaker :— The discussion on the motion is to continue and I would call on the Deputy Minister Shri M. L. Bhowmik to continue his speech.

Shri M. L. Bhowmik, Deputy Minister :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যে ভূমি সংস্কার আইন চালু আছে এবং এই আইন চালু হওয়ার সঙ্গে সঙ্গেই আমাদের জোত জমির উপর যে গাছ রয়েছে, তার উপর অধিকার জন্মায় না। কারণ যতক্ষণ পর্য্যন্ত আইনের কাজ শেষ না হয়, Final stage এ না পৌঁছে ততক্ষণ পর্য্যন্ত সে অধিকার জন্মাতে পারে না। অতএব বর্ত্তমান অবস্থাতে আমাদের সমগ্র রাজ্যে মাননীয় সদস্য যে প্রস্তাব করেছেন যে জোত জমিব উপর যে গাছ রয়েছে, সেই গাছের অধিকার যেন তাকে ফিরে দেওয়া হয়. সেটা দেওয়া সম্ভব নয়। সেটা আইনগতভাবে দেওয়া সম্ভব নয়। আর বলেছেন যে আইনে এমন কোন বিধান নেই যে যেখানে কাজ শেষ হয়নি সেখানে জোত জমির উপর যে গাছ রয়েছে তার অধিকার থেকে কৃষকরা বা মালিক বঞ্চিত থাকুক। এবং এ কথাও আইনে লিখা নেই বা বিধান নেই যে আইনটি কার্য্যকরী হওয়ার পুর্ব্বেই ঠিক ঠিক ভাবে all stage এ কাজ complete হওয়ার আগেই তার অধিকার মালিকের হতে পারে। অতএব ওনার যে প্রস্তাব, সে প্রস্তাব আমরা সমর্থন করতে পারিনা। আমরা আশা করব যে যখন এই ভূমি সংস্কার আইনের কাজ সম্পূর্ণ হয়ে যাবে, তখন জোত জমির উপর যে গাছ আছে তার অধিকার স্বাভাবিকভাবেই আসবে। অতএব মাননীয়

সদস্য যে প্রস্তাব করেছেন, এখন মাত্র ৩টি Sub-division এর কাজ final stage হয়ে গেছে এবং বাকী ৭টিতে কাজ শেষ হওয়ার আগেই সেই অধিকার দিয়ে দেওয়া হোক সেটা আইন অনুযায়ী দেওয়া সম্ভব নয়। অতএব আমার বক্তব্য এখানে শেষ করছি, আমি মাননীয় সদস্যের উত্থাপিত এই প্রস্তাব সমর্থন করতে পারি না।

Mr. Speaker :— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :— অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাশগুপ্ত যে প্রস্তাব রেখেছেন, সেই প্রস্তাব অত্যন্ত যুক্তিসঙ্গত কারণ যে আইনে কৃষকদের নামে অধিকার দেওয়া হয়েছে সেই অধিকার দেওয়ার ক্ষেত্রে, সুযোগ সুবিধা মতে সরকার তা প্রয়োগ করবেন তা হতে পারে না। আইনের মধ্যে যে অধিকার দেওয়া হয়েছে, সে সমস্ত অধিকারই কার্যকরী করা দরকার। Deputy Minister মহোদয় আইনের দোহাই দিয়ে বার বার এই প্রস্তাব নাকচ করবার চেষ্টা করছেন কিন্তু একটা প্রশ্ন তুলি অর্থাৎ যেখানে Survey settlement এর কাজ শেষ হয়ে গেছে সেখানে এই আইনটা বলবৎ হয়েছে—উনার উক্তিতে তাই বুঝায়। কিন্তু একটা প্রশ্ন হল ধরুণ, বিশালগড, চড়িলাম বা মোহনপুর এলেকার মধ্যে Survey Settlement এর কাজ যদি শেষ না হয়, তৌজি ইত্যাদি transfer করা না হয় তাহলে সেই সব তহশীল কাচারী গুলিতে নূতন তৌজির ভিত্তিতে কি করে খাজনা আদায় করা হয়? যদি সেখানে সমস্ত Attestation এর কাজ শেষ হওয়ার পর, সমস্ত তৌজি যদি transfer করা হয়ে থাকে এবং নূতন খাজনার ভিত্তিতে খাজনা আদায় করা হয় সেইখানে এই জোতের গাছের সে অধিকার তা দেওয়া হয় না কেন? প্রশ্ন হল সেখানে। কাজেই এই দিক দিয়ে যখন সুযোগ সুবিধা হয় তখন যেখানে ইচ্ছা সেখানে নিজেদের ইচ্ছামত আইনের দোহাই দেবে তা হতে পারে না। আমরা আইনে ইহাও দেখি যে সাধারণ মানুষেরা January, February ও March মাসে নিজস্ব ব্যবহারের জন্য বনজবস্তু Free of cost অর্থাৎ Royalty খাড়া পেয়ে থাকে। কিন্তু কার্য্যতঃ আমরা দেখি বেশী দিনের কথা নয় কিছুদিন পূর্বে আমি যখন আমার এলেকায় গিয়েছিলাম সেইখানে ওয়ারেং বাড়ীতে একটা Forest Beat Office আছে সেখানে Forester Forest plantation এর বাগানে চলে যান কিন্তু বাগানের কাজ করাতে গিয়ে কোথায় যে উধাও হয়েছেন কেউ বলতে পারেনা, সেখানে একজন কৃষক তার খামার থেকে ছন এনেছিল কিন্তু তাকে রাত্র ৮টা ৯টা পর্য্যন্ত বসে থাকতে হয় কোথায় Free ছন পাবে তা দূরের কথা Royalty দিয়ে আনবে তাতেও রাত্রি ৮টা ৯টা পর্য্যন্ত বসে থাকতে হয়। অনেক ক্ষেত্রে Free parmit চাইলে পরে তারা বলেন আমরা কি মেশিন? অনেক ঘটনা আছে যেখানে জোতের গাছ কাটার জন্য Royally দিয়ে প্রার্থনা করা হয়েছে যদিও বা বহুদিন পর Permission পেল তখন দেখা যায় যে Forester সেখানে যান না, কারণ তাদের কাজের অন্ত নাই, আর তারাও Machine নয়। কাজেই permit এর জন্য বার বার time extend করতে হয়। অনেক ক্ষেত্রে কৃষকদের পক্ষে বার বার time extend করাটা সম্ভবপর হয়ে উঠে না। এই হল বাস্তব অবস্থা। এই ক্ষেত্রে যেখানে আইনের মধ্যে অধিকার যে কৃষকরা নিজস্ব জমিতে যে গাছ লাগিয়েছে তারা ব্যবহারের অধিকার তারা পাবে। এই ক্ষেত্রে আমি যদি ধরেও নেই যে Sabroom, Amarpur বিভাগে এখন পর্য্যন্ত Attestation Statement পাওয়া যায় নাই বা Survey Settlement এর কাজ শেষ হয় নাই—সেখানের জন্য wait করা যেতে পারে।

কিন্তু Mohanpur, Bisalgarh, Charilam প্রভৃতি তহশীল কাছারীতে সেখানে নূতন Survet Settlement এর কাজ হয়ে গেছে এবং বর্দ্ধিত হারে খাজানা আদায় করা হচ্ছে সেই সমস্ত ক্ষেত্রে এই আইন কেন প্রয়োগ করা হয় না এবং না করার কি ভিত্তি থাকতে পারে, তা আমি বুঝি না।

কাজেই এই প্রস্তাব আমি সমর্থন করি, এখানে শুধু আইনের দোহাই দিলেই চলবে না। জনসাধারণের অধিকার খর্ব্ব করার উদ্দেশ্য ছাড়া ইহা আর কিছুই হতে পারে না। অতএব এই প্রস্তাব অত্যন্ত যুক্তিসঙ্গত বলে আমি মনে করি এবং ইহা Houes এ গৃহিত হওয়া উচিত।

Mr. Speaker :— Sri Nripendra Chakrubory

Sri Nripendra Chakraborty :— মাননীয় স্পীকার স্যার, এই Motion সম্বন্ধে আমি বেশী বলব না, কারণ Forest Deptt. সম্বন্ধে বলতে গেলে সেটা মহাভারত, এটা অল্প ২/১ ঘণ্টায় বলা যায় না, কিন্তু vital কয়েকটা question এখানে উপস্থিত করা হয়েছে। প্রথমত আমি বলছি যে যেটা মাননীয় Deputy Minister বলেছেন যে এটা Final Publication এর জন্য অপেক্ষা করছে। মাননীয় Deputy Minister কে ধৈয্যধরে অর্থাৎ dogmatic না হয়ে আমার এই কথাটি শুনতে অনুরোধ করব—সেটা হচ্ছে যে এক সঙ্গে কোন Sub-Division এ সব Survey Settlement operation আরম্ভ হয়নি। যেমন Sadar এর কথা ধরুন, Sadar এ কতগুলি তহশীল আছে যেখানের Final stage এ চলে গেছে আবার যদি বামুটিয়া তহশীল ধরেন—সেখানে Final stage এ চলে যেতে অনেক দেরী আছে। এরকম Udaipur বা Amarpur অন্যান্য জায়গাতেও আছে। কতগুলো জায়গায় তহশীল নেই সেখানে Final Publication বলে যারা বলছেন এবং এটা মাননীয় মুখ্যমন্ত্রীর সেদিনের বক্তৃতা থেকে আমার ধারণা হয়েছে যে ওদের সেই procedure টা সম্পর্কে কোন ধারণা নেই। কারণ attestation করেই Final Publication হয়। কাজেই attestation যেখানে হয়ে যায় না সেখানে Final Publication হয় না এবং ওরা ভদ্রলোকরা একটা প্রশ্নের জবাবে যে report দিয়েছেন সেই report টা সম্ভবত ওরা না পড়েই দিয়েছেন। কারণ সেই report এ আছে যে কোন কোন স্থানে final Publication হয়ে গেছে আর কোন কোন স্থানে হয়নি। আমার বক্তব্য হল এই কথা কি বলা যায় না যে যেখানে যেখানে Final Publication হয়ে গেছে সেখানে সেখানে কি এটা implement করা যায় না? তাহলে এই ধারা ৩টা Sub-Division এ শুধু সীমাবদ্ধ থাকবে না। এই কথাটা সবাইর মাথায় ঢুকবে বলে আমি আশা করি না, তবে আমি মাননীয় Deputy Minister কে একবার ভেবে দেখবার জন্য অনুরোধ করব যে এটা উচিত কিনা, এটা করলে আইনের কোন অসুবিধা আছে কিনা। যদি আইনের কোন অসুবিধা না থাকে তাহলে এটা বলুন যে হাঁ এটা করা যায়। আমি বলব যে তহশীল wise এই আইনকে প্রযুক্ত করা হউক, দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় স্পীকার Sir, এই ভদ্রলোকেরা বরাববই Houseকে misled করেন। আমি জানি মাননীয় Dev. Minister একবার বলেছেন যে তারা নাকি ত্রিপুরার শতকরা ৬০ ভাগ জমি Forest reserve declare করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ত্রিপুরায় নাকি ৪ হাজার ১ শত ১৬ বর্গ মাইল চাষের জমি। অবশ্য তারা যা বলেন আমরা তাতে এতটা বেশী গুরুত্ব দেই না। কিন্তু তারা তো মন্ত্রী, তাদের কথা ওজন করে বলা উচিত।

(Interruption)

মাননীয় স্পাকার Sir, আজও একথা তারা অনর্গল বলে গেলেন যে ত্রিপুরার ৩টি জায়গাতে গাছ কাটা যায়। কিন্তু it is not a fact.

(interruption)

একটু ধৈর্য্য ধরুন, বুঝতে পারবেন। Forest Deptt. বলেছেন যে জোতের গাছ, আমরা কাটতে দিতে পারি না। কারণ দুইটি জিনিষ আমাদের আছে। একটি হচ্ছে নিষিদ্ধ গাছ আর একটি movement আছে। আজ সকালে শ্রীনাথ বিদ্যালয়ের প্রাক্তন head master এসে আমাকে বললেন মশাই আপনারা তো আইন করলেন, কিন্তু এখন আমরা তো গাছ কাটতে পারি না। Bar Association এ ও এই আলাপ হয়েছে যে জোতের গাছ জোর করে কাট তারপর আমরা Forest Deptt. এর বিরুদ্ধে case করব। আমাদের এখানে যে ভদ্রলোকেরা আছেন তারা ও তো এটাই চান ঝগড়া লাগিয়ে দাও, case কর, মানুষকে হয়রান কর ইত্যাদি। মাননীয় উপমন্ত্রীকে আমি জিজ্ঞেস করব তারা কি Forest Deptt. কে জিজ্ঞেস করেছেন আইনের যে অধিকার আমরা দিয়েছি তা তোমরা কার্য্যকরী করছ কিনা। আমি জানি এই আইন কার্য্যকরী করতে Forest Deptt. এর কিছু difficulty থাকতে পারে, কিন্তু মন্ত্রীরা খোঁজ করে দেখেছেন কি যে কি এই difficulty। আইন করে নাকে তেল দিয়ে ঘুমিয়ে থাকলে তো মন্ত্রীর চলবে না, আইন implement করা, মানুষের কোন অসুবিধা হচ্ছে কিনা তা দেখা প্রভৃতির দায়িত্ব তো ওদের। সেই দায়িত্ব ওরা পালন করেন না। মাননীয় স্পীকার Sir, House কে যে ওরা কত misled করেন তার আরও দৃষ্টান্ত আমি দিতে পারি। তারা বলেছেন Tribal দের free permit দেওয়া হয়। কিন্তু অন্যরা কি free Permit পান না? আমি জানি পান, ওরা House কে যে এইভাবে misled করেন তা কোন সময় জেনে করেন আবার কোন সময় না জেনে করেন। না জেনে করলে আমাদের বলবার নেই। কারণ সবাই তো সব কিছু জানে না। আমাদের আপত্তি হচ্ছে তখনই যখন জেনে শুনে ওরা House কে misled করেন। আমাদের এই আইন কার্য্যকরী করার অনেক প্রয়োজনীয়তা আছে। কারণ মানুষ যদি বুঝতে পারে গাছ লাগালে তারা ভোগ করতে পারবে, তা হলে তবা নানা ভাবে নানা জায়গায় গাছ লাগানোর জন্য চেষ্টা করবে সুতরাং আমাদের জাতীয় স্বার্থে, বন সৃষ্টি করার স্বার্থে আমাদের এই আইন প্রয়োগ করা উচিত। Settlement এর আইনে আছে Forest Village করবার জন্য Panchayet এর হাতে খাস জমি দেওয়া চলে, Settlement operation অনেক জায়গায় হয়ে গেছে, খাস জমি বিলি বণ্টন আরম্ভ হয়ে গেছে কিন্তু ওরা কি বলতে পারবেন যে Forest Village করবার জন্য কোন জায়গায় কোন জমি দেওয়া হয়েছে কিনা। এই অবস্থাতে মানুষ কি করবে। তারা গাছ করলে গাছ কাটতে পারবে না, কাজ চাইলে কাজ পাবে না অথচ গাছ কাটলে তো তাদের ধরিয়ে দেওয়া হয়। জনসাধারণ ওদের কাছে অপরাধী। কিন্তু এই যে কাজ ওরা করেন সেটা কি Forest এর আয়ের জন্য? না তাহা নয়। আমি যখন খোয়াইতে প্রথম নির্ব্বাচিত হলাম তখন দেখলাম কোন রকম Permit না নিয়ে হাজার হাজার গাছ Contractor রা কেটে ফেলেছে। এ কথা আমি — এখন যিনি C. F. O. তাকে জানালাম। অন্য কিছু না করে তিনি প্রথমে যে officer টা আমাকে এই report দিয়েছিলেন তাকে suspend করলেন, পরে আমাকে বললেন যে নৃপেনবাবু, আপনার জন্য সরকারের ৫ হাজার টাকা আয় হয়েছে। আমি জানিনা ওরা কোন share পান কিনা। সবাই না পেলেও কেউ কেউ

পেতে পারেন। সেই কারণে ওদের pet কর্ম্মচারী অফিসার যারা আছেন তাদের পকেট ভর্ত্তি করবার জন্য এমন সব আইন চালু করেন যাতে জন সাধারণ অত্যন্ত অসুবিধায় পড়েন। আইনের মার পেঁচে তারা জনসাধারণকে তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করেন তারপর তারা বলেন তোমরা কোর্টে যাও, মামলা কর, তোমরা হয়রান হও, এতে আমাদের কিছু এসে যায় না, আইন আমাদের বাঁচাতেই হবে। অতএব এই অবস্থাতে আমি আশা করব এই যে দৃষ্টি ভঙ্গি আপনারা কেউ কেউ সমর্থন করবেন না এবং কেউ কেউ আমার এই প্রস্তাব সমর্থন করবেন এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :— I would request Hon'ble Chief Minister,

Shri S. L. Singh, Chief Minister :— মাননীয় speaker মহোদয় বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে যে গাছ কাটার যে আইন সেটাকে ত্রিপুরা রাজ্যের সর্ব্বত্র উঠিয়ে দেওয়া হউক। বিরোধী পক্ষের নেতা এইমাত্র বললেন—যেই যেই জায়গাতে final attestation হয়ে গেছে যেমন সদরে হয়ে গেছে, বামুটিয়াতে হয়নি সেই জায়গা থেকে উঠিয়ে দেওয়া হউক, তা হলে এই আইনটা থাকার যে যুক্তিকতা তা উনিও বুঝেছেন। আমরা যে আইনটি করেছি তা করেছি প্রজাদের সুবিধার্থে। তারা অভিযোগ করেছেন যে আমরা House কে misled করি একথা সত্যি নয়। আমরা জনসাধারণকে গাছ কাটা থেকে বঞ্চিত করি, মামলা মোকদ্দমায় জড়িত করি এ কথা সত্য নয়, এটা শুধু বলা হয়েছে House কে জনসাধারণকে misled করার জন্য, বিভ্রান্ত করার জন্য। Attestation এর পূর্ব্বে কি করে মানুষ বুঝবে যে এই জোত কার, যতক্ষণ পর্যন্ত জোতের সীমানা নির্দ্দিষ্ট না হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত কারো বলার ক্ষমতা নাই যে এই জোত আমার। সেইজন্য Survey করা হচ্ছে যাতে তার Boundary demarcation ঠিক ঠিক মত হতে পারে কিন্তু সেটা না হওয়ার আগে তাকে সেই জায়গা জমি কি করে দিতে পারি সেটা আমি বুঝতে পারলাম না। এটা বলার অর্থ হল এই যে যারা অনধিকার বলে জায়গা আটকিয়ে আছে তাদেরকে ও গাছ কাটার অধিকার দেওয়া হউক। এর জন্যই তা বলা হচ্ছে। কারণ যে জায়গাতে Attestation হল না সেখানে এই জোত যে আমার কি করে আমি তা বলব, কোন অধিকারে বলব? সেটা আমি বলতে পারছিনা। অতএব আমি কি করে এই অধিকার মানুষকে দিতে পারি এই আইনের মধ্য দিয়ে। তা হলে পরে আমি যদি দেই, খাজনা অনেক জায়গায় দেওয়া হচ্ছে। এক একটা লোকের এক একটা জায়গাতে হয়ত ৫ কানি আছে, উত্তরে টিলা, পশ্চিমে সেই বাঁশ বন, দক্ষিণে সাজনা গাছ। সেই গাছ যদি কেটে ফেলা হয় তাহলে পরে boundary demarcation ঠিক রাখা সম্ভব হয় না। আইনগত ও অনেকগুলি সমস্যা সেখানে আছে, তবে যারা আইনগত সমস্যাটার কথা চিন্তা করছেন না, যেনতেন প্রকারেন যার যার জায়গা আছে, যে যা ভোগ করুক এই যদি চিন্তাধারা হয়, তাহলে তাদের পক্ষে সেটাই হতে পারে। কিন্তু আমরা জানি অনেকের অনেক জায়গা ঐভাবে অনুমান সাপক্ষেই সমস্ত জায়গার বন্দোবস্ত আছে। এবং জরীপের মধ্য দিয়ে তার থেকে সে সমস্ত জায়গাকে আবার আনতে হচ্ছে। যার যার যতটুকু জায়গা retain করা দরকার, সেটা সার্ভের মধ্য দিয়েই সম্ভব। সার্ভের আগে সেটা সম্ভব হয় না। অতএব হাউসকে বলা হচ্ছে এই সেটাকে বিভ্রিভাবে অন্তত পক্ষে যাতে পরিচালিত করতে পারে, হাউসকে বিভ্রান্ত করতে পারে সে জন্যই এই কথাগুলো বলা হয়েছে। অথচ মাননীয় সদস্যরা এবং বন্ধুরা অবগত আছেন যে final attestation এর পরেই সমস্ত জায়গাতে সম্পূর্ণ অধিকার দেওয়া হচ্ছে।

এবং কতকগুলি specified trees ছাড়া আর সকল গাছই কাটার অধিকার আছে। অতএব এটা সত্য নয় যে গাছ কাটতে দেওয়া হয়না। কেবল মাত্র কতকগুলি specified গাছ কাটতে নিষেধ আছে। তার পরে final attestation এর পরে তারা তাদের অধিকার পাবে। তার পরে বলা হয়েছে যে forest এর কীর্ত্তি কলাপ অনেক বড়—মহাভারতের মত। মহাভারতের মত হলে ত মহাভারতের কথা অমৃত সমান। তা তাঁরা শুনবেন, পান করবেন ভাল কথা। এবং তারা জেনেছেন উনাকে অভিনন্দন দিয়েছেন ফরেষ্টার। তার কারণ কি, উনি নাকি বলেছিলেন যে ঐ জায়গাতে অনেকগুলি গাছ কাটা হচ্ছে। এবং তার পরে অভিনন্দিত হয়েছেন, কেন সে অভিনন্দন দিয়েছে তা আমার জানা নেই, কেনই বা তিনি ধরিয়ে দিয়েছেন তাও আমার জানা নেই। অতএব দেখা যাচ্ছে যে এই কৃষকের অন্য কোন কিছু মতলব ছিল। যে জন্য অভিনন্দন করেছেন এবং বাইরে থেকে বলছেন ফরেষ্টাররা খুব খারাপ, অথচ ফরেষ্টাররা অনেকেই অভিনন্দিত করেছেন। এখন কোনটা যে ঠিক আমি তা বুঝতে পারছিনা। আর এক বন্ধু বললেন চড়িলাম প্রভৃতি অঞ্চলে ফরেষ্টার টাকা নিচ্ছেন। উনি যদি জানেন যে টাকা নিচ্ছে তা হলে পরে উনার জানান দরকার ছিল। ঘুষ যদি নেয় উনি সম্যকভাবেই জানেন তাহলে বুঝব যে উনার মতানুসারে নেওয়া হচ্ছে। এবং মত নিয়েই ঘুষ দিচ্ছে। যদি উনি জানেন তাহলে সেটা রুজু করা উচিৎ ছিল। সে জায়গাতে সেটা রুজু করা হয়নি তাহলে বুঝব এই উনাদের মতানুসারেই এই সমস্ত কাজ হয়। যে সমস্ত জায়গাতে তাদের মতানুসারে কাজটা হয়না সে জায়গাতেই আপত্তি। ওদের বক্তৃতার মাধ্যমে এটাই আমাদের কাছে প্রতীয়মান হচ্ছে। তারপর আর একটি কথা বলা হয়েছে,—আইনের কথা বলা হয়েছে যে আমরা আইন জানি না। ঠিকই আমরা laymen, আমরা এমন কথা বলছি না যে আমরা আইন জানি। উনারা হলেন আইনের উৎস, আইন না জেনে আইনের উৎস। "Fountinpen, Fountinpen of laws অনবরত laws হচ্ছে, তার কারণ কি, কারণ যখনই যে কোন সময় সুবিধা হবে তখনই সে সমস্ত এলাকা তারা declare করবে, মনমত area declare করবে, মনমত সেখান থেকে খাজনা আদায় করবে, মনমত মানুষকে অধিকার দিবে, এই যারা চিন্তা করেন তাদের পক্ষে আইন, আইনের উৎস হওয়া অস্বাভাবিক কিছু নয়। এটা সম্পূর্ণ স্বাভাবিক, ইংরেজী আমার মাতৃভাষা নয় অতএব কিছুটা ভুল হয়। বুঝতে পারলেই হল, বুঝাতে পারলেই হয়, উচ্চারণ ও আমার এত শুদ্ধ হওয়ার কারণ নাই। কারণ আমি জানি না যে বাংলা মায়ের যে ছেলেরা ইংরেজ হয়ে গেছে, তাদের উচ্চারণ যে কতটুকু সুন্দর, আমার তা জানা নেই। অতএব আমার যতটুকু জানা আছে সে অনুসারে কথা বলি। অতএব বাংলা মায়ের ইংরাজ পুত্রের হয়ত উচ্চারণ শুদ্ধ হওয়া স্বাভাবিক, অস্বাভাবিক কিছু নয়। তার পরে বলা হয়েছে এই যে দরিদ্র জনসাধারণ অনেক কষ্ট পাচ্ছে। আরেকটা বলা হয়েছে আইনে আছে যে village forest করা হবে, কিন্তু সেই জায়গাতে village forest করা হচ্ছে না। আইনে provision আছে, কিন্তু সেটা করা সময় সাপেক্ষ। Survey Settlement না হওয়া পর্য্যন্ত কি করে সে village forest সম্ভব সেটা আমি বুঝতে পারিনা। অতএব উনাদের বুদ্ধি যতটা আছে ততটাই বলেছেন। বলেছেন হাউসকে বিভ্রান্ত করার জন্যই, আমার মনে হয়। তাই আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি। আমরা জানি খোয়াই, কমলপুর এবং সোনামুড়া এই তিন অঞ্চলে হয়ে গেছে এবং সদরে বাকী আছে, কৈলাসহর, ধর্ম্মনগর, বিলোনীয়া, সাবরুম বাকী আছে। আশা করি

অতি শীঘ্রই সে সমস্ত অঞ্চলে attestation হয়ে যাছে সে সমস্ত অঞ্চলের মানুষকে গাছ কাটার সম্পূর্ণ অধিকার দিব। অতএব এই বলেই আমি এর বিরোধীতা করে আমার বক্তব্য সমাপ্ত করছি।

Mr. Speaker ;— I would now call Shri Promode Dasgupta.

Shri P. R. Das Gupt :—মাননীয় Speaker মহোদয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর একটা Mis Statement of fact এর ব্যাখ্যা করি। 99 (1) (c) তে এই রায়তী entiled to plant trees on his land to enjoy the product there of and to sell, utilise or dispose of the timber Produced on his land. আমি দুঃখিত যে ত্রিপুরা রাজ্যে কোন timber, কোন লাকড়ি, বাঁশ, কাঠ যাই হউক with out duty তে dispose করা যায় না। এতএব তিনি যে বলেছেন শুধু specified গাছ ছাড়া আর অন্যান্য গাছ dispose করা যায়, it is False Statement.

(A Point order from Congress Bench on the word "folse" as according to them it is un parliamentary")

Mr. Speaker :—"False" is un parliamentary.

Shri P. R. Das Gupta :—আচ্ছা তা হ'লে সত্যের অপলাব বলব। (Interruption) noise from Congress Bench.)

Shri P. R. Das Gupta Don't bark, don't howl.

Mr. Speaker :— Bark, Howl are un-parliamenty. I am sorry that the........

Shri Promod Ranjan Das Gupta :— I withdraw its Sir, মাননীয় Speaker, Sir, এই জন্যেই লাকড়ি ইত্যাদি duty ছাড়া dispose করা যায় না। প্রথমতঃ Indian Revenue & land Reforms Act, 1960 তার মধ্যে এমন কোন ধারা নেই, বা bar নেই যার মূলে জোতের যে গাছ কাটা তাতে আপত্তি হতে পারে। সুতরাং মানবতার দিকে লক্ষ্য রেখে যে জিনিষটা ভাল, যাতে মানুষের কল্যাণ হয় এবং যেখানে আইনের বাধা নেই সেখানে সেই অধিকার দেওয়াই ভাল। এটাই আমাদের moral কর্তব্য। তাই আমি একথা বলেছিলাম যে জনকল্যাণের দিকে লক্ষ্য রেখে আইনটি সমগ্র ত্রিপুরায় চালু করা হক। দ্বিতীয়তঃ প্রশ্ন হচ্ছে Indian Forest Act এবং Tripura Forest Act এ দুটোই ত্রিপুরাতে চালু আছে। Tripura Forest Act এ এই Bar আছে, কিন্তু Indian Forest Act এ সেই bar নেই। সুতরাং আমাদের এই ত্রিপুরা রাজ্যে এই Settlement এর আগে এরযে জোত ছিল তার খতিয়ান আছে. তৌজি আছে, খাজনা আছে, area আছে! সুতরাং জোত নেই তা নয়, জোত আছে। যেহেতু ত্রিপুরাতে দুটি Forest Act চালু আছে, সেখানে কোনটি Prevail করবে তাই হচ্ছে প্রশ্ন। এখানে Indian Forest Act আইনতঃ Prevail করবে। কিন্তু ত্রিপুরার Forest Deptt. Indian Forest Act এর প্রতি আনুগত্য না রেখে Trpura Forest Act অনুসারে মাশুল আদায় করে থাকে। মাননীয় ডেপুটি মন্ত্রী বলেছেন যে ত্রিপুরায় Forester আইনতঃ কাজ করেন। কিন্তু প্রশ্ন হচ্ছে Tripura Forest Act এ যেটি আছে, অথচ Indian Forest Act এ নেই সেখানে কোনটি আইন সিদ্ধ? এবং Tripura Forest Act অনুসারে যে লোকটিকে অভিযুক্ত করা হয় তার বিরুদ্ধে অভিযোগ আইনতঃ

সিদ্ধ কিনা? এই প্রশ্নের সমাধান কোর্টেই সম্ভব। কিন্তু যে গরীব জোতদার সে কি করেই বা কোর্টে যাবে? আমার বক্তব্য হল Indian Forest Act এ যে অধিকার আছে, জোতের গাছ কাটবার যে অধিকার আছে কেন Tripura Act দিয়ে তাকে Curtail করা হবে? কেন জনতার উপর চাপ সৃষ্টি করা হবে? জনসাধারণকে যাতে আর্থিক ক্ষতির হাত থেকে বাঁচান যায় সেটা হচ্ছে Popular Ministry এর কর্তব্য। আমি জানি কোর্টে গেলে আইন জনসাধারণের পক্ষে রায় দেবে। কিন্তু কোর্টে তারা যেতে পারে না। কেননা তাদের আর্থিক সংগতি নেই। Forest Deptt. এর Court এ গিয়ে যদি খরচও হয়, তাতে তাদের কোন ক্ষতি নেই। কেননা তাদের টাকা সরকারের। এরূপ মামলার কোন টাকা ব্যক্তিগত কোন officer বা আমলার পকেট থেকে যাবে না। কিন্তু গরীব যে প্রজা তাকে যদি court এ গিয়ে তার উপর যে অন্যায় বা অবিচার হয়েছে তার যদি redress চাইতে হয় তাহলে সে সর্বস্বান্ত হয়ে যাবে। সুতরাং আমি মনে করি এখানে যে Ministry আছে তা যদি democratic way তে গঠিত হয় তাহলে যদি popularity অর্জন করতে হয়; তাহলে আইনের মারপ্যাচে গরীব চাষীকে না মেরে সে যাতে বাঁচে, আইনের কোথাও ছিদ্র পথে তার অনুসন্ধান করা উচিত। কিন্তু আমাদের সরকার এদিকে মোটেই সচেষ্ট নন, পক্ষান্তরে যে আইনের প্রশ্ন তারা তুলেছেন সেটা ঠিক নয়। মাননীয় মুখ্য মন্ত্রী বলেছেন, ত্রিপুরা রাজ্যে কোন জোতই নেই। জোত যা আছে তার attestation হতে পারে। কিন্তু আমি বলব জোত না থাকলে খাজনা আদায় হয় কেমন করে? এদিক থেকে চিন্তা করে আমি মনে করি আমার যে প্রস্তাব মানবতার দিক থেকে চিন্তা করে, গরীব দুঃখী চাষীর কথা মনে করে তাকে এখনই চালু করা উচিত। বিশেষ করে মাননীয় Devlopment Minister ১৯৬২ ইং সালে সোনামুড়াতে এক বক্তৃতায় বলেছিলেন জোতের গাছ কাটা হক। দেখা যাক কেমন করে সরকার বন্ধ করে। সুতরাং আমি এখন দেখতে চাই যে মাননীয় Devlopment Minister এই প্রসঙ্গে কোন ভূমিকা গ্রহণ করেন। আমি আমার প্রস্তাব সকলে সর্বান্তঃকরণে গ্রহণ করবেন এই ভেবে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— Discussion is over. I would not put the question. The question before the House is that this Assembly is of opinion the provision under section 99 (1)(C) of Tripura Land Revenue & Land Reforms Act, 1960 be given immediate effect all over Tripura.

(Voice vote was taken) Resolution was lost.

Mr. Speaker :— Now I pass on to the neat item. There is another resoltuion of Shri Nripendra Chakraborty, M. L. A. now I would call Shri Nripendra Chakraborty to move his resolution that this Assembly demands immediate release of all political prisoners kept in detention under Defence of India Rules, 1962."

Shri Nripendra Chakraborty :— মাননীয় Speaker Sir; আমি আমার resolution টি Assembly র সামনে রাখছি। "That this Assembly demands immediate release of all political prisoners kept in detention under Defence of India Rules, 1962." মাননীয় Speaker, Sir, গত December এর শেষের দিকে যখন সারা ভারতে ১ হাজার Communist কর্মী

ভারত রক্ষা আইনে বন্দী হলেন এবং ত্রিপুরাতেও বন্দী হলেন ৭ জন—তার মধ্যে ১ জন নির্ব্বাচিত পার্লামেন্ট সদস্য এবং আরেক জন নির্ব্বাচিত বিধান সভার সদস্য এবং তারা যখন আটক হয়ে হাজারিবাগ জেলে গেলেন, তখন সারা ভারতবর্ষের যে গণতান্ত্রিক জনমত সেটা বিস্মিত এবং বিক্ষুব্ধ হয়ে উঠল। সেটা শুধু ভারতবর্ষের সীমাবদ্ধ থাকল না, ইউরোপের বিভিন্ন দেশের যারা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে বরাবর সমর্থন জানিয়ে এসেছেন, সেই সমস্ত ইউরোপের জননেতারা উদ্বিগ্ন হলেন, কারণ তারা জানেন যে Communist দমন এটা একটা সুলক্ষণ নয়। সাম্রাজ্যবাদের যে নিকৃষ্টতম অংশ ফ্যাসিষ্ট তাদের আসবার রাস্তা সুগম করার পথে এটা সাহায্য করবে। কাজেই তারা উদ্বিগ্ন হলেন এই ভেবে যে, যে ভারতবর্ষ সমস্ত আফ্রো এশিয়ান দেশগুলির মধ্যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামের অগ্রনী ভূমিকা গ্রহণ করছে, যে ভারতবর্ষের জননেতাদের দেখে আফ্রো এশিয়ার নেতারা উৎসাহ বোধ করতেন; সেই ভারতবর্ষে আজ যারা শাসন ক্ষমতায় আসীন তাদের মধ্যে এই গণতন্ত্র বিরোধী চরিত্র মাথা তুলছে। এটা নিশ্চয়ই যে সারা পৃথিবীর যারা স্বাধীনতা, শান্তি এবং গণতন্ত্রের সমর্থক তাদের উদ্বিগ্ন করবে তাতে কোন সন্দেহ নেই। মাননীয় Speaker, Sir, আমি পত্র পত্রিকার নাম যদি করি তাহলে দেখা যাবে যে ভারতবর্ষের Communist সমর্থক পত্রিকা নয়, Communist বিরোধী পত্রিকা, যেমন Statesman, Hindusthan Time এবং অন্যান্য যে সমস্ত বড় বড় পত্রিকা আছে, তারাও এই প্রশ্নটা উপস্থিত করেছেন যে হঠাৎ এই Communist দের গ্রেপ্তার করার কি প্রয়োজন হল এবং শুধু Communist দল নয়, Communist ছাড়াও সরকার বিরোধী বিভিন্ন দল এবং দলের নেতারা প্রকাশ্য বিবৃতি দিয়ে এই গ্রেপ্তারের নিন্দা করতে আরম্ভ করেছেন। একথা তারা বুঝতে পারলেন যে ১৯৬২ সালে যখন চীন আমাদের সীমান্ত এলাকায় ঢুকে পড়েছে, সেই সময়ে Emergency জারী করা এবং তখন Communist দের গ্রেপ্তার করার বিরুদ্ধে তারা তেমন প্রতিবাদের ধ্বনি তোলেননি, কিন্তু সমাজতন্ত্রী ইত্যাদি দলও এবারকারে গ্রেপ্তারে চুপ করে থাকা সমীচীন মনে করেননি। তারা মনে করছেন আজকে এই গণতান্ত্রিক আন্দোলনের Spearhead যে Communist কর্ম্মী এবং Communist Party তাদের উপরে যে আক্রমণ আসছে এটা ভবিষ্যতের অশুভ ইঙ্গিত; এবং এটা সে সমস্ত দলের উপর এটা আসতে বাধ্য যারা গণতন্ত্র সমর্থন করবে। এরা একথাই উপস্থিত করছেন যে এদেরও জনমতের চাপে সারা ভারতবর্ষের বিক্ষুব্ধ জনতার আন্দোলনে এ সময় ছেড়ে দেওয়া হয়েছিল। তাহলে আজকে এমন কি প্রয়োজন হল, এমন কি জরুরী অবস্থার সৃষ্টি হল, যার ফলে এদের আবার গ্রেপ্তার করা হচ্ছে? এই প্রশ্ন তারা স্বাভাবিক ভাবে উপস্থিত করছেন। মাননীয় Speaker, Sir, একথা তারা শুধু এই দিক থেকে উপস্থিত করছেন না। পার্লামেন্টে এবং পার্লামেন্টের বাইরে আজকে এটা পরিষ্কার হয়ে গেছে যে emergency যেটা রাখা হয়েছে জরুরী অবস্থা যেটা রাখা হয়েছে, সেটা ভারতবর্ষের দেশরক্ষার জন্য নয়, ভারতবর্ষের যারা big money bags, যারা বড় বড় টাকার কোটিপতি, এবং black marketers এবং Profiters তাদের লুটের রাস্তা সুগম করার জন্য এই emergency রাখা হয়েছে। মাননীয় Speaker, Sir, এটা আজকে দিনের আলোর মত পরিষ্কার ও স্পষ্ট। গত মহাযুদ্ধের সময়ে জিনিষ পত্রের দাম যত উর্দ্ধে উঠতে আমরা দেখিনি, আজকে যখন আমাদের দেশে যুদ্ধ নেই, যুদ্ধ থেমে গেছে, যখন আমাদের দেশে সবচেয়ে বেশী প্রয়োজন হচ্ছে দেশরক্ষার জন্য জন সাধারণকে সন্তুষ্ট রাখা, তখন আমরা দেখছি যে মুষ্টিমেয় বৃহৎ পুঁজিপতি এবং আমলা এবং

তাদের পরিপুষ্ট যে শাসক গোষ্ঠী তারা আজকে সমগ্র দেশটাকে লুটে খাচ্ছে এবং তারা আজকে এই সমগ্র দেশের জিনিষ পত্র নিত্য প্রয়োজনীয় জিনিষ তারা গোপন করে, চুরি করে রেখে কৃত্রিম অভাব সৃষ্টি করে আজকে খাদ্যের অভাব, নিত্য প্রয়োজনীয় জিনিষের অভাব সৃষ্টি করে এক টাকার জিনিষকে পাঁচ টাকা ছ টাকা করে দাম তারা জনসাধারণের পকেট থেকে নিচ্ছে। মাননীয় Speaker, Sir, আমরা দেখছি যে Emergenry সৃষ্টি হয়েছে ঐ মন্ত্রীদের ঐশ্বর্য্যের সমুদ্রে ভেসে বেড়াবার জন্য। অবশ্য একথা ঠিক যে তাদের মধ্যে দু-একজন ডুবে মরছেন। কিন্তু অধিকাংশ এখনও সে ঐশ্বর্য্যের সমুদ্রে ভেসে বেড়াচ্ছেন। মাননীয় Speaker, Sir, একথা ঠিক যে যদি আজকে Emergency না থাকত, তা'হলে ঐ বক্সী গোলাম মহম্মদের পক্ষে একখানা বাড়ীর জায়গায় চল্লিশখানা বাড়ী করা সম্ভব হতনা। ১ খানা গাড়ীর জায়গায় ১০০টা ট্রাক এবং জীপ করা সম্ভব হতনা, এবং আজকে সমগ্র কাশ্মীরকে লুটে খাওয়াব সুযোগ সুবিধা সম্ভব হতনা। আজকে তারা কমিশন গঠন করছেন। তাকে জেলে পুরেছেন যখন সমগ্র কাশ্মীরের জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে তাব টুটি চেপে ধরবার চেষ্টা করছে তখন তারা একটা মুখ রক্ষা করবার জন্য এই সমস্ত করছেন। আজকে Emergency যদি না থাকত তাহ'লে ঐ মুখ্যমন্ত্রী যিনি কাল ছিলেন—বীরেন মিত্র তার পক্ষে তার স্ত্রীব নামে বেনামী ব্যবসা করা সম্ভব হতনা। লক্ষ লক্ষ টাকা আমাদের জনসাধারণেব, আমাদেব Govt. এর টাকা স্ত্রীর পকেটে দিয়ে মন্ত্রীত্ব করা সম্ভব হতনা। যেহেতু emergency, যেহেতু মানুষেব কণ্ঠ রোধ করে রাখা হয়েছে, D. I. R. এর শাসন, D. I. R. এর সে অস্ত্র সেটা মাথার উপরে থর্গেড মত ঝুলছে, সেই জন্য ঐ পট্টনায়ক বীরেন মিত্র কোম্পানী তাবা সমগ্র উড়িষ্যাকে লুটে পুটে খাওয়াব সুযোগ সুবিধা পাচ্ছেন। তখন দেশরক্ষার কথা থাকেনা। যদি আজকে emergency না থাকত, তাহ'লে ঐ Development Minister তিনি দু' বছরে দুখানা বাড়ী করতে পারতেন না। যা আজকে করেছেন একথা কল্পনাও করতে পারতেন না। আজকে তা করেছেন, হয়ত আরও দুখানা বাড়ীব জন্য প্রস্তুত হচ্ছেন। তখন আর দেশ রক্ষার কথা মনে থাকে না। তখন আব জাতির কথা মনে থাকেনা। তখন সীমান্তের আমাদের শত্রুদের কথা মনে থাকেনা। যখন সীমান্ত আক্রান্ত হয়েছিল, তখন Defence Fund এর জন্য টাকা এনে তাঁর Defence Fund এ দেননি, এমনও বিভিন্ন অভিযোগ এই কংগ্রেস পার্টিব বিরুদ্ধে আছে। মাননীয় Speaker, Sir, এমনকি আসামে—যেখানে আসাম riot এর সময় যে relief জন্য টাকা ওঠে কালকের পার্লামেন্টে—কালকের পত্রিকায় দেখবেন পার্লামেন্টে সমস্ত চেকের নম্বর দিয়ে দেওয়া হয়েছে যে পশ্চিম বাঙ্গলার কংগ্রেস লক্ষ লক্ষ আসাম রিলিফের টাকা মেরে খেয়েছে। এটা সম্ভব হচ্ছে emergency নামে। জনতার কণ্ঠ রোধ করে, জনতাকে স্তব্ধ করে, জনতার ক্রোধের কাছ থেকে নিজেরা মুক্তি পাওয়ার আশায় তারা আজকে সমস্ত দেশটাকে—এমনকি রিলিফেব টাকা পর্য্যন্ত তাবা লুট করে খাচ্ছে। এবং সেই জন্যই emergency. মাননীয় Speaker, Sir, এটা কোন নূতন কথা নয়। এই কথা প্রতিদিন পত্রিকায় এক একটা চোর, এক একটা বদমায়েস, এক একটা গুণ্ডা কংগ্রেসের ধরা পড়ছে, এমনকি কংগ্রেসের একজন প্রেসিডেন্ট যিনি আগেকার মধ্য প্রদেশের কংগ্রেসের President ছিলেন আজকে তার জেল হয়েছে এই ধরণের জনসাধারণের টাকাকে আত্মসাত করার জন্য। এই হচ্ছে emergency র নমুনা। জনসাধারণের ক্রোধ ফেটে পড়া খাদ্যের দাবীতে, তখন সেই খাদ্যের আন্দোলনের নেতাদের ঐ D. I. R. এ গ্রেপ্তার করা হয়। একজন, দুজন নয়, হাজার হাজার। সমগ্র ভারতবর্ষে

এত নেতা এবং কর্মী এই D. I. R. এ গ্রেপ্তার হয়েছেন— যা এমনকি গান্ধীজীর কংগ্রেসের আন্দোলনেও বৃটিশ বিরোধী আন্দোলনেও এত সংখ্যায় কোনদিন জেলে যায়নি। আজকে এই কংগ্রেসের সরকারের বিরুদ্ধে, যত মানুষকে ঐ D. I. R. এ গ্রেপ্তার করে খাদ্য চায় বলে, নিত্য প্রয়োজনীয় জিনিষ সস্তায় চায় বলে তাদের আটক করা হয়েছে। এই D. I. R. কে প্রয়োগ করা হচ্ছে ঐ সরকারী কর্মচারী, শিক্ষক, বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন করেন যারা, যারা অতিরিক্ত দ্রব্য মূল্যের ভারে নুইয়ে পড়ে, যারা মজুরী বৃদ্ধি দাবী করে, যারা D. A. বাড়াবার জন্য দাবী করে তাদের শুদ্ধ করার জন্য, তাদের নেতাদের গ্রেপ্তার করে রাখার জন্য ঐ D. I. R. প্রয়োগ করা হচ্ছে। শুধু তাই নয়, যখন নাকি তাদের বিক্ষোভ আগুনের মত ছড়িয়ে যায় তখন বৃটিশ আমলেও আমরা যাহা দেখিনি সৈন্যদের দিয়ে সেখানে মেসিনগা'ন চালানো হয় ছাত্র ও যুবকদের উপরে। কারণ, এটা নয় যে কোন একটা লোক, কোন একটা পার্টি, সেখানে এই বিক্ষোভকে উস্কানি দিয়েছে, কারণটা হচ্ছে এই যে মানুষকে শোষণ করে, মানুষকে বঞ্চিত করে, ভারতবর্ষকে টুকরা টুকরা করে, ভারতবর্ষের উপর জবরদস্তি আইন চালু করে, ভারতবর্ষের সংস্কৃতি ও সমস্ত ভাষাকে শুব্ধ করার যে ষড়যন্ত্র তারা করেন, জনসাধারণের অনৈক্যকে বাড়াবার জন্য তার বিরুদ্ধে মানুষের গণ বিক্ষোভ তখন আর আইনের সীমা বা গণ্ডির মধ্যে থাকে না এবং সেটা আজকে দেওয়ালের লিখন হিসাবে এদের সামনে উপস্থিত হচ্ছে। মাননীয় স্পীকার স্যার, এই যে D. I. R. এই D. I. R. টা এবং D. I. Act এটা Condemned হয়েছে by the Supreme Court. Supreme Court বলেছেন যে it is a bad law, this should not be in the statute book but……কিন্তু আমরা helpless আমরা বন্দীদের ছেড়ে দিতে পারি না, কেন? না emergency আছে Emergency যদি উঠে যায়, তাহ'লে President র যে নির্দেশ আছে, যে Conrt এ যেতে পারবে না, সেই নির্দেশ অচল হয়ে যাবে। তাহলে যে বন্দীদের তোমরা আটক করেছ, তারা ইচ্ছা করলে ক্ষতিপুরণ দাবি করতে পারে। যখন Supreme Court একথা ঘোষণা করলেন তখন ঐ মন্ত্রীরা বুঝলেন তাই তো অনেক টাকা তাদেরকে দিতে হবে। কারণ মুখে যে যাহা বলুক না কেন তারা জানেন যে দেশ ভক্তদের বে-আইনী ভাবে আটক করে রাখা হয়েছে। ওরা গেলেন Constitution amend করতে, পার্লামেণ্টকে বললেন যে Constitution টা amond কর যাতে আমাদের এই ক্ষতি পুরণটা না দিতে হয়। সেখানে চড়খেয়ে তারা ফিরে আস্লেন। কারণ পার্লামেণ্টের সদস্তরা এমন কি Congress Parliamentary Party পর্যন্ত বলেছেন যে ওটা হবে না, ওটা করতে গেলে গণতন্ত্রকে ধুয়ে মুছে ভারতবর্ষ থেকে নিশ্চিহ্ন করে দিতে হবে। সেটা ভারতবর্ষের জনসাধারণ সহ্য করবে না। কাজেই একটা bad law, যে law টার বিরুদ্ধে highest legal Luminiries এবং তাদের organisation, Bar Association of India বার বার Condemnd করেছেন। বলেছেন এই আইনটাকে এখান থেকে সরিয়ে দাও। কারণ ইহা সমস্ত আইনকে কুৎসিত করে দিচ্ছে। এটা একটা কুৎসিত আইন, এই আইন ভারতবর্ষের statics book এ যতদিন থাকবে ততদিন পর্যন্ত ভারতবর্ষের গণতন্ত্রে কলঙ্ক লেপন করা থাকবে। এই কথা তারা বলেছেন। তাহ'লে পরে আজ কেন তারা নূতন করে এদের বন্দী করছেন? এই প্রশ্ন যখন উঠে তখন পত্র পত্রিকায় শুধু একটা কথাই তারা বলেছেন সেটা হচ্ছে ঐ কেরলার। তারা বলছেন যে এছাড়া অন্য কোন কারণ আমরা দেখতে পাচ্ছি না। কয়েক মাসের মধ্যে কেরলায় নির্বাচন হবে। সেখানে কংগ্রেসের নাভিশ্বাস উঠছে।

সেখানে যদি কমিউনিষ্টদের বাহিরে রাখা যায় তাহ'লে সেখানে কমুউনিষ্ট গভর্ণমেণ্ট গঠন করার আর কোন বাঁধা দেওয়া সম্ভব হবে না। কাজেই গণতন্ত্র, টনতন্ত্র বুঝিনা, ভারতবর্ষের সংবিধান বুঝিনা, কাজেই জবরদস্তি এদের গ্রেপ্তার করে বে-আইনী ভাবে বিনা বিচারে আটক করে রাখা হবে। এবং সেটা তাবা করেছেন। সেটা তারা করেছেন এবং কেরলার ভোটারদের সামনে গিয়ে তাদের terrorised করেছেন। সেখানে গিয়ে আমাদের প্রধান মন্ত্রী শাস্ত্রীজী, আমাদের হোম মিনিষ্টার নন্দজী তাঁরা গিয়ে ভোটারদের বলেছেন যে তোমরা যে বামপন্থী কমিউনিষ্টদের দাঁড করিয়েছে এদের ভোট দিওনা। যদি এদেবে ভোট দাও তবে বুঝা যাবে এরা দেশভক্ত। যদি তোমরা এদের ভোট না দাও তবে আমরা বুঝতে পাবব যে দেশেব যে সুস্থ বিবেক এই সুস্থ বিবেক রয়েছে এবং সেখানে অন্যান্য যে সকল সংখ্যালঘু তাদেব terrorise কবে বলেছেন তোমাদের দেখে নেব যদি তোমরা কমিউনিষ্টদেব সমর্থন কর। এই ধরণের threat যেগুলি সম্বন্ধে Parliament এ পর্য্যন্ত বহু সমালোচনা হয়েছে। এবং সেখানে free এবং fair election তাঁবা করতে দেননি। তা সত্বেও সেখানে দেড় শতেরও উপর কমিউনিষ্ট নেতা ও কর্ম্মী গ্রেপ্তার হয়ে বইল। সেই কেরালা রাজ্যে ৪০ জন কমিউনিষ্ট বন্দী election এ দাডালেন এবং তাদের মধ্যে ২৯ জন বন্দী সেখানে নির্ব্বাচিত হলেন বিপুল ভোটে। এমনকি সেখানকার যিনি মুখ্যমন্ত্রী যাকে ওরা দেশভক্ত বলে চালাবাব চেষ্টা করেছিলেন তিনি যে কত বড দেশদ্রোহী, কত জনস্বার্থের বিবোধী, সমাজ বিরোধী তা ভোটেব বাক্সে সেখানকার মানুষ প্রমান করে দিয়েছেন। কাবণ মাননীয় স্পীকার স্যার, আপনি সম্ভবত দেখেছেন যে ঐ ভদ্রলোকের বিরুদ্ধে কত Corruption case এসেছে। আমাদেব প্রাক্তন প্রধান মন্ত্রী নেহেরু যখন জীবিত ছিলেন তখন তাঁর কাছে এই সমস্ত রিপোর্ট উপস্থিত করা হয়েছিল এবং শুধু কংগ্রেসকে খাতিব করার জন্য ঐ সমস্ত Case তিনি ধামাচাপা দিয়েছেন আজকে জনসাধারণ যখন সুযোগ পেয়েছে, সাধাবণ মানুষ, রাস্তাব মানুষ যখন সুযোগ পেয়েছে তার রায় ঘোষণা কবার তখন তারা ঐ প্রধান মন্ত্রীর বাযেব জন্য অপেক্ষা কবেনি। তখন তাবা ঐ অতুল্যবাবু, কামরাজ সাহেবের রায়ের জন্য অপেক্ষা কবেনি। তারা সেখানে বাড়ী ঘর করেছিলেন election এর সময়েতে, সেখানে অনেক কিছু নেতৃত্ব দেওয়ার চেষ্টা কবছিলেন কিন্তু তারা বুঝেছেন যে কেরালার জনসাধারণ অত্যন্ত সচেতন। তারা কংগ্রেসের যে বিভেদ নীতি, কংগ্রের যে এই সমস্ত দুর্নীতি এবং কংগ্রেস আজকে যে সমস্ত ভারতবর্ষকে ধ্বংসের পথে চালাচ্ছে তার বিরুদ্ধে তাবা তাদের রায় দিয়েছে, আজ কংগ্রেস সেখানে সংখ্যালঘুর দলে পরিণত হয়েছে। এবং একবদল হিসাবে, single majority party অর্থাৎ সমস্ত পার্টি বা গ্রুপ নির্ব্বাচিত হযেছে তাব মধ্যে সবচেয়ে বেশী সিট্ পেয়েছেন এই কমিউনিষ্টরা যারা আজকে কংগ্রেস সরকারের কাছে শত্রু বলে প্রতিপন্ন হচ্ছে, যাদেব বিনা বিচারে আটক রাখা হয়েছে। তাদের উচিত ছিলে গণতন্ত্রকে শ্রদ্ধা করা, elecctorate কে শ্রদ্ধা করা, যারা ভোট দিয়েছেন তাদের ভোটের রায়কে মেনে নেওয়া, আমি কংগ্রেসের মন্ত্রী, আমার মত যাহা হউক না কেন, জনমত হচ্ছে প্রধান। কাজেই সেখানে প্রয়োজন ছিল সেই নন্দজীর resign করা। সেটা না করে তিনি আজকে বলছেন যে আমার ইচ্ছা আমি তাদের আটক করে রাখব। এবং ইচ্ছার কৈফিয়ত আজ সমগ্র দেশ চাইবে। সেই কৈফিয়ত কি ? যখন সমগ্র ভাতরবর্ষের লোক একথা তুললেন, এমনকি কংগ্রেস বিরোধীরা পর্য্যন্ত তুললেন যে তোমরা কেন ওদের আটক রেখেছে তখন নন্দজী air এ একটা বক্তৃতা করলেন। আকাশবানী তিনি একটা ছাড়লেন। সেই আকাশবানীতে কেউ বিভ্রান্ত হলোনা। কেউ

কেউ বললেন যে কেরালাতে যদি এক কোটি বক্তৃতা ছাড়িয়ে দেওয়া যায় তাহলে পরে কংগ্রেসের নির্ব্বাচনে জয় একেবারে গ্যারন্টিড্ এবং যারা জেলে আছেন তাদের সকলের একেবারে Security deposit পর্য্যন্ত forfeited হয়ে যাবে। কারণ নন্দজী এমন একটা মোক্ষম বক্তৃতা ছেড়েছিলেন যার ফলে কেরালাবাসী আর ভোটের নাম পর্য্যন্ত নেবেনা। কিন্তু যখন সেই বিভ্রান্তিকর বক্তৃতায় কাজ হলোনা তখন নন্দজী বল্লেন যে একটা white paper আমি আন্‌ছি। আপনারা অপেক্ষা করুন, এবং সেই white paper শ্রীনাম্বুদ্রিপাদ যাকে বামপন্থী কমিউনিষ্টদের নেতা বলা হয় তিনি নিজেই demand করেছেন তুমি white paper আন, জ্যোতিবাবু নিজে বলেছেন তুমি white paper আন আমরা কোর্টে যাব তোমার বিরুদ্ধে দেখব তুমি কি আইনে, কি প্রমানে, কি তোমায় তথ্য আছে, কিসের ভিত্তিতে তুমি আমাদের নেতা ও কর্ম্মীদের জেলে রাখছ। আমরা কোর্টে যাব তুমি যেই মূহূর্ত্তে white paper আন্‌বে। তখন নন্দজী বুঝলেন বড় বেকায়দা। তার হাতে কোন তথ্য নেই। সম্পূর্ণ একটা হাওয়ায় উপরে শুধু জবরদস্তি facist সুলভ মনোভাব নিয়ে এই বন্দীদের আটক রেখেছেন। কাজেই তিনি বল্লেন white paper নয়, আমি একটি Statement দেব। Statement দেওয়ার সঙ্গে সঙ্গে সমস্ত লোক ঝেটিয়ে উড়িয়ে দিল যে এইটা কি Statement ? তুমি না বলেছিলে তোমার হাতে অনেক মূল্যবান তথ্য আছে। তারপর নন্দজী বল্লেন যে তথ্য আছে তবে এখন আমি এটা ছাড়ছিনা। মাননীয় স্পীকার স্যার, এই সব হচ্ছে জন-সাধারণকে বিভ্রান্ত করার একটা পদ্ধতি। আসলে যদি সত্যি সত্যি তাদের হাতে কোন তথ্য থাক্‌ত তাহলে পরে তারা, যে কথা আমরা অনেকবার বলেছি, যে কথা বামপন্থী নেতারা অনেকবার বলেছেন যে তাদের বিচার কর, তাদের কোর্ট মার্শাল কর, তাদের রাস্তায় ঝুলিয়ে ফাঁসি দাও, মানুষ দেখুক দেশদ্রোহীদের চেহারা।

PIONT OF ORDER

Sri Sunil Chandra Datta :—মাননীয় সদস্যের পক্ষে কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রীর কার্য্যা-বলীর সমালোচনা করা নিষেধ আছে। কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রীর কাজের সমালোচনা করার অধিকার আমাদের House এর কোন সদস্যের নাই।

Mr. Speaker :— কাজের সমালোচনা তো হচ্ছে না। কোন exprcossion or opinion এর সমালোচনা হচ্ছে।

Sri Nripendra Chakraborty ;— এই কথা বলা হয় যে কোলকাতায় তারা যে একটা পার্টি কংগ্রেস করল তার মধ্যে একটা সাংঘাতিক নূতন পথ তারা নিয়েছে এবং সেই পথ নেওয়ার ফলে আমরা এই ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হলাম। এই কথাটা যে কত বড ভুল সেটা বামপন্থী নেতারা আমাদের রাষ্ট্র-পতিকে বলে এসেছেন। সেটা কি না ওরা বলছেন যে এটার মধ্যে দক্ষিন এবং বামের মধ্যে একটি মস্তবড তফাত হয়ে গেছে, defence এর প্রশ্নে। দেশ রক্ষার প্রশ্নে একটা মস্ত তফাত হয়ে গেছে। আমাদের বামপন্থী নেতারা রাষ্ট্রপতিকে দেখিয়েছেন যে বামপন্থী নেতাদের মধ্যে এমন একজনও নেই যিনি দেশ রক্ষার প্রশ্নে ভিন্ন মত পোষণ করেন। যে সমস্ত প্রস্তাব বা সংশোধন প্রস্তাব,—যখন কমিউনিষ্ট পার্টি ঐক্যবদ্ধ ছিল তখন আনা হয়েছিল। বিভিন্ন নেতা এমনকি যাকে সবচেয়ে কঠোর বামপন্থী নেতা বলা হতো, বি, টি, য়নদিভে, তারও যে সংশোধনী প্রস্তাব ছিল সেটাও রাষ্ট্রপতিকে দেখানো হয়েছে, বলা হয়েছে দেখুন, দেশ

যদি কোন সময়ে বিদেশ কর্তৃক আক্রান্ত হয়, সে যে কোন রং তার হক না কেন, কমিউনিষ্ট হক, নন—কমিউনিষ্ট হক, সেই সম্পর্কে আমাদের কোন দ্বিমত নেই। আমরা দেশরক্ষার প্রস্তুতিকে সমর্থন করব, পূর্ণ সমর্থন করব, unconditional whole hearted support এবং Co-operation আমরা দেব। দেশ রক্ষার ব্যাপারে। মাননীয় স্পীকার স্যার, যাকে আজকে বন্দী করে রাখা হয়েছে শ্রীএ, কে, গোপালন, সেই গোপালন thousand & lakhs of rupees এই defence fund এ তুলে দিয়েছেন। সেই হিসেব গভর্ণমেণ্টের কাছে আছে। যখন defence এর call হয়েছিল, আমার মনে আছে আমরা এমনকি এই রাজ্যের মধ্যে ত্রিপুরার কংগ্রেসকেও দেখিনি তখনও defence fund এর টাকা তুলতে যখন গোপালন এই কেরালাতে ঘরে ঘরে গিয়ে কৃষকদের কাছ থেকে ধান, চাল, যে যাহা পারেন তাই সংগ্রহ করেন। কাজেই question টা defence এর কোন question নয়। জ্যোতি বসু তারা President কে এটা জানিয়েছেন এবং জ্যোতি বসু যখন দেখা করেন প্রেসিডেণ্টের সঙ্গে তখন এই সব দেখিয়েছেন। দ্বিতীয় প্রশ্ন হলো কি না ওরা ঐ Calcutta congress এর পর থেকে একটা আলাদা রাস্তা নিচ্ছে। সেটা নাকি violent revolution এর রাস্তা। সশস্ত্র বিপ্লবের রাস্তা ওরা নিচ্ছেন। ওদের কাগজপত্রের মধ্যে নাকি সে রকম গন্ধ পাওয়া গেছে। মাননীয় স্পীকার স্যার, দুটি প্রোগ্রাম দক্ষিন পন্থী এবং বাম পন্থী, একটা বোম্বেতে গৃহীত হয়েছে আর একটা কলকাতাতে গৃহীত হয়েছে। দুটি প্রোগ্রাম প্রেসিডেণ্টের সামনে উপস্থিত করে দেখানো হয়েছে যে রাস্তা সম্পর্কে কোন পদ্ধতিতে আমাদের দেশে সমাজতন্ত্র আসবে, সে কথা একেবারে হুবহু একই কথা দুটি প্রোগ্রামে লেখা আছে। তখন রাষ্ট্রপতি একথা বললেন যে কোথায় আমাকে তো একথা বলা হয় নাই, দুটি প্রোগ্রাম একই রকমের দুটি প্রোগ্রামে একই কথা আছে। তখন ওরা আরও বলেন না, না, ওরা peoples democracy র কথা বলেছেন; আর দক্ষিণ পন্থীরা national democracyর বলেছে, কাজেই তফাৎ আছে। একটা peoples democracy যেটা চীনে হয়েছে, আরেকটা national epmocracy সেটা কোথাও নেই। সেখানে বামপন্থী নেতারা দেখিয়েছেন যে peoples democracyটা কোন চীনের কথা নয়। চীন বিপ্লবের অনেক আগে, মাননীয় স্পীকার স্যার, যখন পূর্ব্ব ইউরোপে হিটলারের রাজত্ব থেকে জনসাধারণ মুক্ত হল, তখন পূর্ব্ব ইউরোপের জনতা এই peopls democratic Government গঠন করার পদ্ধতি কোন নূতন পদ্ধতি নয়। চীনের পদ্ধতি নয়, চীনের রাস্তা নয়, কাজেই বিভ্রান্ত করার সেই প্রচেষ্টাও সেখানে শুরু হয়েছে, তার পরে সে কথা বলা হয় যে আন্তর্জাতিক কমিউনিষ্ট আন্দোলনের মধ্যে সে ২টি মত যেখানে ওরা চীনের পক্ষে, । এই কথাটা যে বড় ভুল তার কারণ হচ্ছে যদি কেউ কলকাতায় কংগ্রেসের প্রস্তাব দেখেন, তাহলে দেখবেন প্রথমে একথা বলা হয়েছে যে আমরা আন্তর্জাতিক কমিউনিষ্টের যে মত বিরোধ বা "idealogical defference" তাতে কোন পক্ষ বা অংশ গ্রহণ করব না, সেখানে আমরা কোন পক্ষে নেই। কাজেই সেখানে চীনের পক্ষে, রাশিয়ার পক্ষে যাওয়ার কোন প্রশ্ন নেই এবং সেখানে কোন আলোচনা হয় নাই, সেখানে কোন পক্ষাপক্ষিক প্রশ্ন নাই, সেখানে কোন প্রস্তাবও নেই। বরং সেখানে সেটা গৃহীত হয়েছে তাহলে একটা greating সোভিয়েট ইউনিয়নকে পাঠানোর জন্য, সোভিয়েট ইউনিয়ন পৃথিবীর মধ্যে প্রথম সমাজতন্ত্র কায়েম করে সোভিয়েট ইউনিয়ন যেখানে আজকে সমগ্র পৃথিবীতে সমাজতন্ত্রকে প্রসার করার চেষ্টা সাহায্য করছে, সোভিয়েট ইউনিয়ন যে সত্যিকারের সমস্ত দেশের স্বাধীনতা গণতন্ত্র ও শান্তির জন্য সংগ্রাম

করছেন, তাকে অভিনন্দন জানিয়ে ঐ কলকাতা কংগ্রেসের থেকে প্রস্তাব পাশ করে সেখানে পাঠানো হয়েছে। তাহ'লে কি তফাৎটা? কোন জায়গায় তোমরা এর মধ্যে বিপ্লবের গন্ধ পেলে? কোন জায়গায় এটার মধ্যে ষড়যন্ত্রের গন্ধ পেলে? কোন জায়গায় এটার মধ্যে চীনের গন্ধ পেলে? সেটা দেখানোর কথা যখন বলা হয় তখন সেটা তারা দেখাতে পারেন না। মাননীয় স্পীকার স্যার, আমরা দেখি অনেক সময়ে ওরা আকার ইঙ্গিতে বলেন যে অনেক টাকা নাকি ওরা ব্যাঙ্ক অব চায়না থেকে পেয়েছেন। ব্যাঙ্ক অব চায়নার হিসাব আজকে পর্যন্ত প্রকাশ হল না এবং কলকাতার পত্র পত্রিকায় বেড়িয়েছে যে সেই হিসাব বের করলে অনেক কংগ্রেসের মোটা চাঁইকে জেলে দিতে হবে। কারণ টাকাটা তাদের পকেটে গিয়েছে। ঐ কংগ্রেস নেতা, কংগ্রেস সমর্থক তাদের পকেটে।

(Interuption. C. M. সাধু সাধু)

কাজেই সেই জন্যেই আমি আজকেও challange করছি। তাদের সাহস থাকে তারা সেই হিসাব প্রকাশ করুক—কোন কোন লোক ব্যাঙ্ক অব চায়নার থেকে টাকা নিচ্ছে বা নিয়েছে। সেগুলি বের করে দিক। আমরাও চিন্‌তে পারব তাদেরকে, কিন্তু সেটা তারা করছেন না। মাননীয় স্পীকার স্যার, যদি একথা বলা হয় যে চীনের অর্থনৈতিক প্রগতির প্রশংসা ওরা করে, ওদের, পত্র পত্রিকায় ওটা বের হয়। আমি তো দেখছি দুর্গাপুর কংগ্রেসের একজন মন্ত্রী, একজন বিশিষ্ট নেত্রী আমাদের পণ্ডিত নেহরুর দুহিতা, তিনি বলেছেন যে তোমরা চীন সম্পর্কে যা বলছ তা ঠিক নয়। ইউরোপের পত্র পত্রিকাগুলি দেখ. চীন কি রকম ভাবে অগ্রসর হচ্ছে আর্থিক দিক থেকে। আমি তো এমন কি stateman পত্রিকায়ও দেখি যে চীনের যে বৈজ্ঞানিক গবেষনার প্রসার হচ্ছে সে সম্পর্কে ভারতবর্ষের জনসাধারণকে ওয়াকিবহাল করছেন। কারণ এটা black out করে ভারতবর্ষের মানুষকে অন্ধ রেখে কোন লাভ নেই। চীনের সঙ্গে যদি যুদ্ধও করতে হয় তাহলে আমাদের জান্‌তে হবে যে আমাদের শত্রু কতগানি শক্তিশালী। আমাদের শত্রু কতখানি অগ্রসর হয়েছে অর্থনৈতিক দিক থেকে বা অন্যান্য দিক থেকে। সেটার মধ্যে আমি তো কোন খারাপ দেখছিনা। এমনকি পণ্ডিত নেহরু যখন জীবিত ছিলেন, মাননীয় স্পীকার স্যার, আপনার মনে থাক্‌বে যে তিনি সম্ভবত — রবীন্দ্রনাথের শান্তিনিকেতনের শেষ বক্তৃতায় তিনি ওয়াকিবহাল করেছিলেন যে আমাদের যে বিরোধ সেটা চীনের জনসাধারণের সঙ্গে নয়। চীনের জনসাধারণের বিরুদ্ধে হিংসা প্রচার করা ভারতবর্ষের নীতি নয়। কাজেই এই যে বিরোধ চীনের গভর্ণমেণ্টের সাথে দেশের সীমান্ত নিয়ে, এই কথা সকলেই জানে। সেই বিরোধের মীমাংসা সম্পর্কেও পণ্ডিত নেহরু একমত পোষন করতেন। এবং আমাদের এই বন্ধুবাও অনেকে ভিন্ন মত পোষন করতেন। পণ্ডিত নেহরুর কি মত ছিল? পণ্ডিত নেহরু জানতেন যে এই সীমানার যে বিরোধ, সেই সীমানার বিরোধ যুদ্ধের মধ্যে দিয়ে কখনও মীমাংসা হবে না। সেজন্য তিনি আবেদন করেছিলেন Afro-Asian counrty দের কাছে অন্যান্য দেশের কাছে। সে আবেদনে সাড়া দিয়ে Afro-Asian Country-র, যাকে Colombo Powers বলা হয়, তারা উপস্থিত হলেন। এবং উপস্থিত হওয়ার পরে তারা একটা প্রস্তাব করলেন। যে প্রস্তাব ভারতবর্ষের সরকার in toto মেনে নিয়েছে এবং চীন মানেনি। এটা দুঃখজনক। এটা Communist Party বহুবার বলেছে যে কলম্বো প্রস্তাবের ভিত্তিতে, আমাদের সম্মানজনক সর্ত্তে, আমাদের জাতীয় মর্য্যাদা অক্ষুন্ন রেখে শান্তিপূর্ণ পথে আমাদের আলাপ আলোচনা চালাতে হবে এটাই পদ্ধতি।

আন্তর্জাতিক উত্তেজনা প্রশমনের এটাই হচ্ছে রাস্তা। যে রাস্তায় আমাদের প্রাক্তন প্রধান মন্ত্রী বিশ্বাস করতেন। আজকে যদি Communist Party একথা বলে যে সে শান্তিপূর্ণ পদ্ধতি অবলম্বন করতে হবে, তাহ'লে Communist Party একাত সেকথা বলছেনা। কংগ্রেসের নেতা খাদিলকর সাহেব, তিনিত পার্লামেন্টে দাঁড়িয়ে বলেছেন যে আমাদের আবার উদ্যোগ গ্রহণ করা উচিত শান্তিপূর্ণ আলোচনার জন্য। সেই ঘোষ সাহেব, কংগ্রেসের একজন সদস্য সুধীর ঘোষ মশাই, তিনিত সে কথা বলেছেন। কিন্তু তাদেরত জেলখানার মধ্যে স্থান হয়নি। একথা আমাদেরই দেশের নেতা জয় প্রকাশ নারায়ণ এমন কি বিনোবা ভাবেজী পর্য্যন্ত বলছেন যে এখানে একটা Political Solution খুঁজতে হবে। এবং সেটা শান্তিপূর্ণ ভাবে খুঁজতে হবে। আমাদের প্রতিবেশী রাষ্ট্রের সঙ্গে আমাদের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বাজায় রাখার যে নীতি সেই নীতিও শেষ হয়ে যায়নি। সে নীতি ফুরিয়ে যায়নি। আমাদের সীমান্ত আক্রান্ত হয়েছে বলে। সেই সীমান্ত আক্রমনের বিরুদ্ধে দেশ রক্ষার ব্যবস্থাকে যেমন শক্তিশালী করা একদিকে দরকার তেমনি সঙ্গে সঙ্গে সমগ্র পৃথিবীর জনমতকে আমাদের পক্ষে এনে শান্তিপূর্ণ ভাবে সেই মীমাংসা করা দরকার। আমি—বলছি যে আর দুতিন মাস পরে শাস্ত্রীজি আলজিয়ার্সে যাবেন। আলজিরিয়াতে গিয়ে তাকেও বসতে হবে চীনের সঙ্গে। তাকেত বসতে হবে Afro-Asian Country র সঙ্গে। তাকেত সেখানে খুঁজতে হবে সূত্র কি? কি সূত্রে আমরা একত্র হতে পারি। কারণ চীন এবং ভারতবর্ষের স্বার্থে নয়, এই সীমানার মীমাংসা করা সেটা শুধু আমাদের জাতীয় স্বার্থে নয়, সমগ্র পৃথিবীর জনসাধারণের স্বার্থে। কারণ মাননীয় সদস্যরা একথা লক্ষ্য করে থাকবেন যে সমগ্র পৃথিবীর সামনে আজকে সবচেয়ে বড় শত্রু হচ্ছে ঐ আমেরিকান সাম্রাজ্যবাদ। যে আজকে Afro-Asian Country তে ঘাঁটি করে বসছে। এমন কি প্রত্যক্ষ ভাবে South Africa তে এবং এমনকি North Vietnam এর মত নিরপেক্ষ দেশের উপর পর্য্যন্ত যে বোমা ছুড়ছে। কাজেই আমার প্রয়োজন আছে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সমগ্র Afro-Asian Country কে ঐক্যবদ্ধ করা। আমার প্রয়োজন আছে সাম্রাজ্যবাদকে এই Afro-Asian Country থেকে নিশ্চিহ্ন করা। শুধু আমাদের নয়; সমগ্র Afro-Asian Country লক্ষ্য করছে যে ঐ মালয়েশিয়ার মধ্যে বৃটিশ প্রত্যক্ষ ভাবে এসে নামছে। মালয়েশিয়া শুধু নয়, ঐ সাইপ্রাসে ঐ কঙ্গোতে, ঐ বিভিন্ন জায়গাতে আজকে সেখানে তাদের ষড়যন্ত্র চলছে। আমাদের মিত্র রাষ্ট্র—মাননীয় Speaker, Sir, U. A. R.—তাকে হুমকি দেখাচ্ছে ঐ West Germany—যারা এক সময় ফ্যাসিষ্ট ছিল; ঐ আমেরিকা—যে হুমকি দেখাচ্ছে যে তোমাদের আজকে সমস্ত সুবিধা কেড়ে নেওয়া হবে। সেই হুমকীর আজকে মোকাবেলা করতে হবে। কাজেই আমাদের এক সময়ে যারা বন্ধু ছিল তাদের সঙ্গে বন্ধুত্ব পুনঃ প্রতিষ্ঠার জন্য যদি আমরা আমাদের আত্মমর্য্যাদা অক্ষুন্ন রেখে, আমাদের জাতীয় স্বার্থে অক্ষুন্ন রেখে সেই হাত প্রসারিত করি তাতেত কোন অন্যায় নেই। মাননীয় Speaker, Sir, দুর্গাপুরে যখন এই—এটম বোমার পরীক্ষা নিয়ে আলোচনা হয় তখন একাধিক কংগ্রেস নেতা একথা বলেছেন যে Atom bomb is more directed against American Imperialism. একথা তারা প্রত্যেকে জানেন যে চীন একথা ঘোষণা করেছে যে আমাদের উপর যদি এটম-বোমার আক্রমন না হয়, তাহ'লে আমরা এটম বোম use করবনা। সবাই জানেন যে ভারতবর্ষ শান্তি-প্রিয় দেশ। তারা atomic অস্ত্র তৈরী করছেন না। কাজেই একথা উঠে না যে আমরা চীনের উপর

বা অন্য কোন দেশের উপর Atomic অস্ত্র নিয়ে হামলা করব। কাজেই শান্তির আলোচনার কথা বললে আমরা যদি চীনের উপর এই চাপ সৃষ্টি করি, সমগ্র পৃথিবীর জনমতকে ঐক্যবদ্ধ করে, Afro-Asian যে সম্মেলন হবে সে সম্মেলনের সুযোগ যদি আমরা গ্রহণ করি, তাতে দোষ কোথায় সেটা আমরা জানিনা। কাজেই এসব কথা কিছু নয়। মাননীয় Speaker, Sir, আমি আর দু' একটি কথা এখানে বলব। সেই কথা হচ্ছে এই যে ত্রিপুরাতে তারা যে আক্রমনটা করেছেন সেই আক্রমনটার কারণ গত ১৯৬২ সালে আমরা দেখেছি। কারণ তখন বাম আর দক্ষিণের কোন প্রশ্ন ছিল না। Communist Party ঐক্যবদ্ধ ভাবে চীনের আক্রমনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রস্তাব নিয়েছিলেন। তারা বিভিন্ন জায়গায় মিটিং মিছিল করছিলেন। তারা প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য আহ্বান জানিয়েছিলেন। তা সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী জন সংখ্যার অনুপাতে আমাদের গ্রেপ্তার করলেন। এবং গ্রেপ্তার করে রাখার পর আমরা Supreme Court এ গিয়ে মুক্তি পেয়ে এলাম। তার পরে আমরা দেখি যে শুধু তাই নয়, আমাদের অবর্ত্তমানে এখানে এই জনসাধারণের উপরে একটা ফ্যাসিষ্ট নির্য্যাতন তারা চালিয়েছেন। হাজার হাজার Communist কর্ম্মীকে তারা নির্বচারে, বিনা কৈফিয়তে, বিভিন্ন মামলায় যে মামলার কোন ভিত্তি নেই, সেই সমস্ত মামলায় তারা আটক করে রেখেছেন। জমি থেকে হাজার হাজার কৃষককে তারা উচ্ছেদ করেছেন। যে সমস্ত এলাকা কমিউনিষ্ট অধ্যুষিত এলাকা ছিল সেগুলির উপর তারা আক্রমণ চালিয়েছেন। কেন? না গত নির্ব্বাচনে তারা দেখেছেন যে Communist Party শতকরা ৫১ টি ভোট পেয়েছে। কাজেই এই Communist নেতা ও কর্ম্মীদের অবর্ত্তমানে তারা মনে করেছিলেন যে ত্রিপুরায় কংগ্রেসকে তারা সুপ্রতিষ্ঠিত করবেন। এই জন্য তারা একদিকে পুলিস এবং আরেকদিকে দালাল নিয়ে এই সমগ্র এলাকায় জনসাধারণের জীবনকে তারা তছনছ করে দেওয়ার চেষ্টা করেছিলেন। আমরা দেখেছি যে এর মধ্যে দিয়ে যারা Scum of the society, সমাজের যারা একেবারে নিকৃষ্টতম অংশ, চোরাকারবারী, দুর্নীতি পরায়ণ, এরা ত্রিপুরায় এতখানি মাথা চাড়া দিয়ে উঠেছে যে তারা সমগ্র ত্রিপুরাকে লুটে পুটে খেয়েছে। জিনিষ পত্রের দাম বাড়িয়ে, খাজনা বাড়িয়ে বিভিন্ন ভাবে কনট্রাকটর, ঠিকেদার, অন্যান্য যে সমস্ত দুর্নীতিপরায়ণ আমলা তারা একটা খোলা ময়দান পেয়েছিল লুট করার জন্য। D. I. R. তাদের জন্য নয়। এটা দেখাতে পারবেন না যে একজন এই সমস্ত Scum of the socity তাদের গ্রেপ্তার করে বিনা বিচারে আটক রাখা হয়েছে। একজনও দেখাতে পারবেন না। তাদের জন্য নয়। কারণ তাদের অংশীদার হচ্ছেন, পৃষ্ঠপোষক হচ্ছেন এখানকার যারা হোমরা চোমরা আমাদের মন্ত্রী সভার মধ্যে বসে আছেন। কাজেই তাদের জন্য D. I. R. এর প্রয়োগ হয় না। বরং হলো কি? আমরা released হওয়ার সঙ্গে সঙ্গে আমরা যখন হরতালের আহ্বান দিলাম খাদ্যের দর কমাবার জন্য, তখন এই D. I. R. কে প্রয়োগ করা হলো। D. I, R. কে প্রয়োগ করা হল যখন শান্তিপূর্ণভাবে সম্পুর্ণ শান্তিপূর্ণভাবে হরতাল হচ্ছিল। কাজেই আমরা বুঝতে পারি যে কি কারণে কিভাবে এদের তারা আটক করেছেন এবং আটক করার এই পন্থা তারা গ্রহণ করছেন। মাননীয় Speaker, Sir, শুধু আটক করেন নি। এতখানি ওরা vindictive, এতখানি আক্রোশ যে এখান থেকে ওরা তাদের রাতারাতি হাজারিবাগে নিয়ে গেলেন — কাদের নিয়ে গেলেন? না; যে সমস্ত বন্দী যারা অসুস্থ যেমন। বীরেন দত্তকে, মাননীয় Speaker, Sir, ত্রিপুরায় বহু লোক জানেন যে ভদ্রলোক গত দেড়

বছর শুধু হাসপাতালে কাটিয়েছিলেন। পাটনা হাসপাতালের record দেখলে দেখা যাবে যে তিনি কতদিন সেই পাটনা হাসপাতালে ছিলেন এবং কি খেয়েছেন। আমি দেখেছি, যখন তিনি দিল্লী জেলে আসলেন তিনি একমুঠো ভাত খেতে পারেন না। তার স্বাস্থ্য এমন খারাপ হয়ে গেছে। সেই লোককে আগরতলায় পর্য্যন্ত রাখা হল না। ভানু ঘোষ যিনি T. B. Patient ছিলেন, যিনি sanitoriamএ ছিলেন, তাকে নিয়ে আটকানো হল এবং T. B. তার relapse করল। সে রিপোর্ট মুখ্যমন্ত্রী নিজে জানেন এবং তিনি নিজেও confirm করেছেন যে হ্যাঁ, এই রিপোর্ট পেয়েছি। সেই লোককে সেখানে নেওয়া হল তার আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কাহার দেখবার সেখানে সুযোগ নেই। মাননীয় Speaker, Sir, আমি বিরোধী দলের নেতা হিসাবে সেখানে গিয়েছিলাম আমাদের বন্দীদের অবস্থা দেখতে। আমি লিখেছিলাম মুখ্যমন্ত্রীর কাছে যে আমার দায়িত্ব আছে, আমাদের ত্রিপুরা রাজ্যের বিনা বিচারে আটক বন্দী যারা তাদের কিভাবে রাখা হয়েছে সেটা দেখবার দায়িত্ব আমার আছে। কাজেই আমাকে দেখতে দেওয়া হউক। মুখ্যমন্ত্রী প্রথমে বললেন যে চিঠিখানা আমি পাঠিয়েছি মতামতের জন্য। তারপর দিল্লী যাওয়ার সময় তিনি ফাঁকি দিয়ে চলে গেলেন। তারপরে যখন Chief Secretary কে আমি contact করলাম, তিনি বললেন এটা আমাদের দেওয়ার কথা নয়, এটা বিহার সরকারের। কত বড় একটা ধাপ্পাবাজি। মাননীয় Speaker, Sir, আমাকে লেখা হল যে ওখানকার Superintendent permission দেবেন। Superintendent বললেন "আমি কি করে দেব? আমার চিঠিতে আছে যে আপনি Superintendent এর কাছে যান। কেন আমাকে বলা হলনা যে permission দেওয়া হবে না? এখানে ফ্যাসিষ্ট রাজত্ব চলছে। জ্যোতি বসুকে permission দেওয়া যায়, E. M. S. Nambodripad কে permission দেওয়া যায়, কিন্তু এখানে এমনই ফ্যাসিষ্ট মনোভাব, এদের যা হিটলারের মধ্যে একমাত্র দেখা গেছে। সেই fascist মনোভাব নিয়ে এরা চলেছেন। নতুবা একজন বৃদ্ধা মহিলা যার ৬০ বছর বয়স, ১১টি সন্তানের জননী, যিনি এজমার patient, তাকে পর্য্যন্ত সেখানে নিয়ে যাওয়া হয়েছে, এবং সেখানে তাকে রাখা হয়েছে? হয়েছে, যেখানে তিনি হিন্দী বুঝেন না, ইংরেজী বুঝেন না, এমন কি জেল authority বলেছেন যে আমাদের এমন অসুবিধায় ফেলা হয়েছে যে আমাদের কথাও communicate করতে পারি না। আর তার dfficulties ও তিনি comminicate করতে পারেন না। তাঁর husband এটুকু শুধু চেয়েছিলেন সে তাঁকে এখানে রাখা হউক। যাতে করে আমরা মাঝে মাঝে দেখা সাক্ষাৎ করতে পারি। কিন্তু সেই সুযোগ পর্য্যন্ত দেওয়া যায় না? এত বড় এদের জিঘাংসা, এত বড় vindictive, এত বড় saddist, এতবড় জন বিরোধী এবং অত্যাচারী যার তুলনা ভারতবর্ষের মধ্যে, মাননীয় স্পীকার স্যার, অন্য রাজ্যে কংগ্রেসী শাসনের মধ্যেও দুর্লভ। আমি জানি যে এই সম্পর্কে তাদের কাছে বলে কোন লাভ নেই। কারণ জনসাধারণের কাছে এই সমস্ত কথার কৈফিয়ত একদিন তাদের দিতে হবে। এবং সেই কৈফিয়তের দিন সামনে আসছে। মাননীয় Speaker, Sir, আমি আর বেশী কিছু বলবনা। আমি শুধু এটুকু বলছি যে, এই যে জননেতাদের গ্রেপ্তার করে রাখা হয়েছে, আমি জানি যে অনেক কথা এখানে বলা হবে, কিন্তু একথা আমি মন্ত্রী মহোদয়দের জানিয়ে দিই যে, তাদের আপনারা হয় বিচার করুন, নতুবা তাদের ছেড়ে দিন। বিচার যদি করতে না পারেন, তাহলে তাদের ছেড়ে দিন। নতুবা জনসাধারণ shall revolt against you—এবং তারা এদের মুক্তির ব্যবস্থা করবেন।

মাননীয় speaker, sir, আমার সময় হয়ে গেছে। আমি জানি যে যারা দুর্নীতিপরায়ণ, যারা নিজেদের পকেট ভরাবার জন্য রাজত্ব করছেন, জনসাধারণ, গণতন্ত্র ইত্যাদি কথা যাদের কাছে থাকে না, যারা শুধু মন্ত্রীত্বের গদীতে বসে ঐ কায়রণ, ঐ বন্দী গোলাম মহম্মদ, ঐ বীরেন মিত্রের পথ যারা গ্রহণ করছেন, তাদের কাছে আবেদন নিবেদনের কোন মূল্য নেই। যে একটা ভাষা তারা শুনেন, সে ভাষা হচ্ছে জনসাধারণের ভাষা, এবং সেই ভাষায় তারা জবাব পাবেন এই কথা বলে আমি আবার বলছি যে হয় তাদের বিচার করুন নতুবা অবিলম্বে তাদের ছেড়ে দিন।

Mr. Speaker :— I would request the Hon'ble Chief Minister.

Shri S. L. Singh, Chief Minister :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধীপক্ষের মাননীয় সদস্য প্রথমে বলেছেন যে তাদের বিচার করা হোক নতুবা ছেড়ে দেওয়া হোক। তাহাদিগকে Defence of India Act অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে, কেন গ্রেপ্তার করা হয়েছে তার কারণ হল এই যে তারা চীনের আক্রমণকে আক্রমণ বলে মনে করে, না যারা মনে করেন যে চীন ভারতবর্ষকে আক্রমণ করুক, এইখানে আসুক, আসলে পরে তারা এই জায়গাতে তাদের দৌলতে রাজত্ব কায়েম করবে, ঐ মনোভাব নিয়ে যারা কার্য্য করছেন, ঐ মনোভাব যারা পোষণ করছেন, ঐ মনোভাবকে ব্যক্ত করার জন্য যারা প্রচেষ্টা করছেন এবং কাজ চালিয়ে যাচ্ছেন, দেশদ্রোহিতার অপরাধে, বিভীষনের অপরাধে, বিভীষণ বাহিনীরূপে কার্য্যকলাপ যারা করছেন, তাহাদিগকে আটক করে দেশের গণতন্ত্রকে সংরক্ষণ করা এবং সামাজবাদকে সংরক্ষণ করার জন্যই তাহাদিগকে আটক করে রাখা হয়েছে। এখন কথা হল এই যে ১৯৪৮ সালে তাদের Party থেকে ভারতবর্ষে সশস্ত্র বিদ্রোহ করার জন্য যে আন্দোলনের সূচনা করেছিল এবং সেই আন্দোলন ত্রিপুরা রাজ্যেও সম্প্রসারণ হয়। এবং আমরা জানি ত্রিপুরা রাজ্যে যারা উদ্বাস্তু ছিল তাদিগকে হত্যা করেছেন। আমরা জানি সেই সমস্ত গ্রামাঞ্চলে তারা তাদের মতবাদে যারা বিশ্বাসী ছিলনা তাদিগকে নির্মমভাবে হত্যা করেছে, তাদিগকে খুন করেছে, তাদের পকেট হইতে চাঁদা আদায় করেছে এবং তাদিগকে মেরে ফেলা হচ্ছে। ঐভাবে তারা তাদের কার্য্যকলাপ ভারতবর্ষে এবং ত্রিপুরাতেও চালিয়ে যাচ্ছে। কিন্তু ভারতবর্ষ যে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করেছে জনসাধারণের জন্য যে ভারতবর্ষের মানুষ গণতন্ত্র পেয়েছে সেই ভারতবর্ষের মানুষকে জোর করে, তাদের গৃহদাহ করে, তাদিগকে মেরে তাদের মতে আনার যে প্রচেষ্টা তা ব্যক্ত হচ্ছে। তারপর তারা সময় গণতে লাগল ১৯৬২ সালে চীন যখন ভারত আক্রমণ করল, এখন আমরা দেখেছি তারা গ্রামে গ্রামে তাদের যে পকেট আছে, তাদিগের যে Cell আছে, সেই সমস্ত Cell এ তারা বক্তৃতা দিয়েছেন, জনসাধারণকে বলেছেন যে ঐ সেই মুক্তির দিন আসছে—তোমরা তাদিগকে অভিনন্দন কর। তারা তোমাদের মুক্তিদাতা কাজেই তোমাদের সংগঠনকে শক্তিশালী কর। এখানকার চৈনিক কমিউনিষ্টপন্থী যারা ১৯৪৮ সালে যারা সমগ্র বিদ্রোহের কল্পনা করেছিল তারা তা করেছে এবং তারা সেই অনুসারে সেই সমস্ত অঞ্চলে Arms. Ammunition সংগ্রহ করেছেন এবং সেই Arms এর আমরা সন্ধান পেয়েছি সেই সমস্ত অঞ্চলে। এবং যারা তাদের মতে যায়নি তাদিগকে হত্যা করেছে। তাদিগকে Kidnapped করেছে। অতএব আজকে এই সময়, ভারতবর্ষের এমন এক সঙ্কিন সময় ভারতবর্ষকে চীন আক্রমণ করেছে। এইত এইমাত্র তিনি বলে গেলেন যে চীনকে আমরা শত্রু মনে করি না; চীনকে শত্রু আমরা শত্রু মনে ভাবিনা, কই মাও সেতুং যে ভারতবর্ষকে আক্রমণ করেছে, চৌএন্ লাই যে ভারতবর্ষের

আক্রমণ করেছে চৈনিক কমিউনিষ্ট পন্থীরাই আক্রমণ করেছে, সে কথাটাও তিনি বলেন নি! সেটার নিন্দাও তিনি করেন নি। তার কারণ হল এই যে নিন্দা করতে পারেন না। বেশী দিনের কথা নয়, Punjab এ তাদের সে Meeting হয়েছিল সেই Meeting এতে মাও সেতুং এর ফটো ছিল না, যার জন্য তারা চীৎকার করে বলে উঠল যে মাও সেতুং এর ফটো নেই।

তোমরা এখানে দল করছ? এখানেও ঠিক তাই। এখানেও তারা তাদের প্রত্যেক Cell এ Cellএ বক্তৃতা চালিয়ে যাচ্ছেন। অতএব আমরা দেশরক্ষার খাতিরে, স্বাধীনতা সংরক্ষণের জন্য, গণতন্ত্রকে সংরক্ষণের জন্য, মাতৃভূমির স্বাধীনতা রক্ষার জন্য, সমাজবাদকে সংরক্ষণের জন্য, যারা সমাজবাদের বিরোধীতা করছেন, দেশদ্রোহীতা করছেন, চীনের আক্রমণকে অভিনন্দন করেছেন, এবং তাকে জয়যুক্ত করার জন্য মনে প্রাণে আকাঙ্খা করেন সেই সমস্ত লোককে অন্য দেশ হলে পরে গুলী করে হত্যা করা হত। গণতন্ত্রী ভারতবর্ষ বলেই তাদিগকে Defence of India Act এ আটক করে রাখা হয়েছে। এইজন্য আমাদের চিন্তা করতে হবে। ভাবতে হবে যে জন্য ভারতবর্ষের জনসাধারণ চীনের আক্রমণ রুখার জন্য একযোগে একসাথে যখন Parliament এ এই আইনকে তারা সম্বর্দ্ধনা করলেন, আক্রমণকারী চীনকে আক্রমণকারী বলে ঘোষণা করলেন আজও এইখানে দাঁড়িয়ে তাদের সেই সন্দেহ যাচ্ছে না, তাই তারা এইখানে চীনের আক্রমণকে আক্রমণ বলছেন না? আবার কৌশলে একটি কথা বলা হয়েছে যে অনেক Scientific গবেষণা করছে—তার কারণ হল এই এইমাত্র সেই দিন West Bengal এ চীনের সেই Atom Bombকে সম্বর্দ্ধনা করেছেন। অতএব এর মারফতে এর মধ্যে এই কথাটাই নিহিত আছে যে চীন Atom Bomb তৈরী করেছে তাকে অভিনন্দন কর, ভারতবর্ষের আক্রমণকে সহজতর করার জন্য আমরা এই চীনের Atom Bomb এর আবিষ্কারকে অভিনন্দন করব। যেখানে বিশ্বের জনসাধারণ, শান্তিকামী জনসাধারণ চীনের এই Atom Bomb তৈরীকে শান্তির পরিপন্থী বলে মনে করছেন, কিন্তু তার সে জায়গায় দাঁড়িয়ে চীনের Atom Bomb তৈরীর প্রশংসা করছেন এটা লজ্জার কথা, নিন্দার কথা। মুখে বলা হচ্ছে তারা শান্তিকামী, আমরা শান্তি চাই। তারপর কাশ্মীরের বক্সীগোলাম মহম্মদ সম্বন্ধে বলা হয়েছে—ভারতবর্ষের আইন অনুসারেই তাকে সেখান থেকে নামিয়ে দেওয়া হয়েছে। কাইরণকে দাশ কমিশনের সুপারিশ অনুসারেই সরিয়ে দেওয়া হয়েছে। অতএব যে জায়গাতে অন্যায় করবে সে যেই হউক না কেন—অন্যায়কারীকে দমন করার জন্য সরকার সতর্ক ও সচেতন। সেই জন্য Defence of India Act এ এইসব কাজের জন্য যারা দেশকে আক্রমণ করার জন্য চীনকে উৎসাহিত করছেন, দলমত সৃষ্টি করে দেশকে বিভ্রান্ত করছেন এবং শান্তি শৃঙ্খলা বিপন্ন করে, চীনের আক্রমণকে ডেকে আনতে চান, তাদের জন্য ব্যবস্থা রাখা হয়েছে। সেই সমস্ত লোককে ভারতবর্ষ কিছুতেই সহ্য করতে পারবে না।

শ্রীবীরেন মিত্র ও পট্টনায়ক সম্বন্ধেও একটি কথা বলা হয়েছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন যে এই সম্বন্ধে enquiry এবং investigation হচ্ছে। সরকার নিষ্ক্রিয় পথে নেই। যদি Defence of India Act তুলে দেওয়া হয় এবং যে সমস্ত জায়গাতে লোক Black Marketing করছে এই আইন অনুসারে তাদেরও আটক করা হয়। West Bengal এর কথা বলা হয়েছে west Bengal এর দিকে যদি দৃষ্টি দেওয়া হয় তা হলে জানতে পারবেন, দেখতে পাবেন যে সেখানে hidden moneyকে বাহির করার জন্য চেষ্টা হচ্ছে। আমি জানি আমাদের মধ্যে আপনিও একজন বন্ধু আছেন,

আপনিও refugee ছিলেন এবং ব্রাহ্মণবাড়ীয়া থেকে এসেছিলেন। তারপর এখানে একটা বিরাট ভূমি ক্রয় করে অতি দ্রুত পাকা ঘর, টিনের ঘর প্রভৃতি তৈরী করেছেন তা কি করে সম্ভবপর হল আমি বুঝতে পারছিনা। অতএব এখানে বসে বসে remark করা হয়েছিল যে income-tax ফাঁকি দেওয়া হচ্ছে। কিন্তু এই সব বাড়ী-ঘর করতে কত টাকা খরচ হয়েছিল, income-tax Revenue ফাঁকি দিয়ে তা হলে তাহা করা হচ্ছে। সেটা দাখিল করা হউক যে কত টাকা সেখানে আছে। অতএব মাটিতে বারী দিলে গুনাগার চেতে। লাফাতে হবে। বড় বড় চীৎকার দিতে হবে। কারণ নিজের ঘরটি সামলিয়ে সেইভাবে চিন্তা করে বক্তৃতা দেওয়া উচিত। অতএব সেই দিক দিয়ে চিন্তা করতে বলব মাননীয় সদস্যকে নিজের ঘরের কথা চিন্তা করে পরের কথা যেন চিন্তা করতে আসেন। অতএব এই সমস্ত করা হয়েছে। যারা দুর্নীতিকারী, যারা শান্তিকে চায় না, শান্তিকে বিপন্ন করতে চায়, কালোবাজারকে বজায় রাখতে চায়, চোরাকারবারীকে বজায় রাখতে চায় তাদের পক্ষে আইন একটি ত্রাস স্বরূপ হয়েছে। সেইজন্যই আজকে এই আইনের বিরোধিতা করে জনসাধারণকে বিভ্রান্ত করার একটা অপচেষ্টা ছাড়া আর কিছুই নয়। তাদের পক্ষে একটা মারাত্মক অস্ত্র স্বরূপ হয়েছে বৈকি! তার কারণ হ'ল এই দেশরক্ষার জন্য, জাতি রক্ষার জন্য, এবং দেশের সমাজবাদকে রক্ষা করার জন্য যে প্রচেষ্টা চলছে সেখানে গণতন্ত্রকে যারা বিপন্ন করতে চায়, ধ্বংস করতে চায়, ধ্বংস করতে চায় তাদের জন্য এই আইন তৈয়ার করা হয়েছে। যারা ইহা বিপন্ন করবেন না, যারা শান্তিপ্রিয় নাগরিক, যারা দেশের স্বাধীনতাকে অক্ষুন্ন রাখতে চায়, গণতন্ত্রকে অক্ষুন্ন রাখতে চায়, সমাজবাদকে অক্ষুন্ন রাখতে চায় তাদের জন্য এই আইন নয়। এই আইন কাদের জন্য প্রযোজ্য হবে? যারা দেশের এই বিধানকে বিপন্ন করতে চাইবেন তাদের জন্য এইজন্য এই আইন প্রয়োগ করা হয়েছে। তারপরে বলা হয়েছে যে কলম্বো Pact সম্বন্ধে। কলম্বো Proposal আমরা জানি কলম্বো Proposal করা হয়েছে। কিন্তু কলম্বো Proposal কার্য্যকরী তারা করছেন না। এই কথা সম্বন্ধে কিন্তু কোন কথা বলা হ'ল না। তারা যে তা করছেন সেজন্য তাদেরকে নিন্দা করা হচ্ছে না। নিন্দা করতে গেলে ভয় আছে। কারণ মাউ-সে-তুং ভারতবর্ষে তার লাল অস্ত্র নিয়ে, লাল পতাকা নিয়ে তাহাদিগকে গদীতে বসাবে। অতএব তাদের সম্বন্ধে ধিক্কার দিতে গেলে ভয় আছে। পাছে রাজত্ব কায়েম করার যে স্বপ্ন সে স্বপ্ন বিফল হয়ে যায়। তার জন্যই মনে হয় যারা কলম্বো Proposalকে reject করছে সেই reject করার সঙ্গে সাথে তাদের সম্বন্ধে তো একটি কথা ও বলা হয়নি কারণ হ'ল এই মাউ-সে-তুং চাচা এসে তাদেরকে রাজ্য দিয়ে দেবে, মসনদে বসাব। এই ভয় ও নীতি ভিতরে আছে বলে সেটা করা হচ্ছে না। তারপর বলা হয়েছে যে West Bengalএ যে Communist Party এর পার্টি কংগ্রেস হ'ল সেই পার্টির অনুমোদনের জন্য রাশিয়ার কাছে পাঠানো হয়েছে। rightist Partyও পাঠিয়েছে, Leftist Partyও পাঠিয়েছে। অর্থাৎ দুই পার্টিই পাঠিয়েছে। এটা হ'ল একটা কারসাজি। কারণ চীনের যে নেতৃত্ব সেই নেতৃত্বকে যারা অভিনন্দিত করেন, মাউ-সে-তুংকে যারা অভিনন্দিত করেন, agressive motiveকে যারা অভিনন্দিত করেন সেই aggressive motive পন্থী যারা তাহাদিগকে West Bengal এর তারা অভিনন্দিত করেন। অতএব সেখানে তারাও ঠিক করে পাঠিয়েছেন feternity সম্বন্ধে। এখন চিন্তা হ'ল এই মস্কোতে যে feternity Conference হচ্ছে সেই Conferenceএ চীনের থেকে তো কোন প্রতিনিধি যায়নি, কোরিয়া, ভিয়েৎনাম, উত্তর কোরিয়া, ইন্দোচীন, ইন্দোনেশিয়া, প্রভৃতি দেশ থেকে তো লোক যায়নি। জাপানের কমিউনিষ্ট পার্টি

সেই মাও-সে-তুং এর পন্থীরা তারা ত সেখানে যায়নি। অতএব সেইদিক দিয়ে চিন্তা করতে হবে। সেই দিক দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করার জন্য, জনমতকে বিভ্রান্ত করে চলার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে উদঘাটন করা হচ্ছে, তার স্বরূপ উদঘাটিত করা হচ্ছে। তারই জন্য এত ভীতি, কোথায় সেই দিক দিয়ে clearly বলা aggressive motive of মাও-সে-তুং তাকে আমরা নিন্দা করছি। কোথায় সেই দিক দিয়ে তো আমরা শুনছিনা। চৌ-এন-লাই এর aggressive motiveকে আমরা নিন্দা করছি। Atombomb এর বিস্ফোরণ দ্বারা বিশ্বের শান্তি বিঘ্নিত হয়েছে। সেটাকে আমরা অভিনন্দিত করব সেটা তাদের পক্ষেই সাজে যারা ঐ আক্রমণকে জোরদার করতেচায়, শক্তিশালী করতে চায় তাদের পক্ষেই এটাকে অভিনন্দিত করা যুক্তিসঙ্গত এবং ন্যায়সঙ্গত হ'তে পারে। কিন্তু শান্তিকামী মানুষ যারা, তারা কখনই তাকে অভিনন্দিত করতে পারেনা। তারপরে বলা হয়েছে আর একটি কথা আমেরিকার সম্বন্ধে। এটা জানা কথা ভারতবর্ষ যখন আক্রান্ত সেই আমেরিকা আমাদিগকে অস্ত্র দিয়ে সাহায্য করেছে।

বৃটেন অস্ত্র দিয়ে সাহায্য করেছে। এই জায়গাতে আমাদের এই যে সংগ্রাম, এই আত্মরক্ষার সংগ্রাম, সমাজবাদকে সংরক্ষণ করার সংগ্রামে যারা সাহায্য করেছে তাহাদিগকে আমরা প্রশংসা করব না কেন? আমরা দেখি ঐ সেই রাশিয়া ঐ সেই চীন সেই চীন, জাপান আক্রান্ত হল সেই রাশিয়া তখন হিটলারের সাথে pact করেছিল যখন সেই ষ্টালিন হিটলারের সাথে pact করে, সেই আক্রমণকে পশ্চিম দিকে জার্মানকে চালিয়েছিল, তখন আক্রমণ করেছিল। তখন ত কই জনযুদ্ধ বলা হয়নি। কিন্তু সেই মুহূর্তে জনযুদ্ধ হ'ল ১৯৪১ সালে, রাশিয়া যখন আক্রমণ করল। তখনই হ্যারিম্যান সাহেবের দৌলতে সংরক্ষণের সহিত আমেরিকা, সাম্রাজ্যবাদী আমেরিকা, তার সাহায্য নেব না, দেশকে রক্ষা করব না, সমাজবাদকে রক্ষা করব না। কই, সেই কমিউনিষ্ট পার্টি ত তা বলেনি। ভারতবর্ষের জনসাধারণকে চীন আক্রমণ করল সেই জায়গায় যারা সাহায্য করবে, তাদিগকে নিন্দিত করে জনসাধারণকে সেইদিকে বিভ্রান্ত করার যত অপপ্রচেষ্টা ত তাদের পক্ষেই সাজে। তারা ছাড়া এ চিন্তা কেউ করতে পারে না। অতএব তাদের পক্ষে অস্বাভাবিক কিছুই না। একদিকে বলবে আমরা গণতন্ত্র চাই, সমাজবাদকে চাই, সমাজবাদীদের, সমাজবাদের দেশকে গণতান্ত্রী দেশকে আক্রমণ করে সেই দেশকে তারা বিভ্রান্ত করতে চায়, কুক্ষিগত করতে চায়। কোন দেশের জনসাধারণ, স্বাধীনতাকামী জনসাধারণ, সমাজবাদী জনসাধারণ সেই আক্রমণকে বরদাস্ত করতে পারে না। তাই ভারতবর্ষের জনসাধারণ এই আক্রমণকে বরদাস্ত করতে পারে না। ষড়যন্ত্রকে বরদাস্ত করতে পারেনা সেইজন্যই তাদের উপযুক্ত স্থান ঐ সেই কারা প্রাচীরে করা হয়েছে। অন্য দেশ হলে তাদের শাস্তি হতো। আমাদের দেশ গণতান্ত্রিক দেশ। আমাদের বিচার সমস্তভাবে সেই কাজ করা হয়। তাদের সেই যদি রাশিয়া হতো, চীন হতো, তাদের সেই উপযুক্ত শাস্তি তা কামানের মুখে নয় বন্দুকের মুখে নয়, গলাটিপে হত্যা করা হতো। এমনকি যারা ক্ষমতা না পেতেই দেশের জনসাধারণকে হত্যা করেছে, বিভ্রান্ত করেছে, ঘরবাড়ী পুড়িয়েছে, সেই সমস্ত লোক আবার চৈনিক আক্রমণের সাথে সাথেই মাথাচাড়া দিয়ে উঠেছে। অতএব তাদিগকে শায়েস্তা করার জন্যই এই আইনের প্রয়োগ করা হয়েছে। তারপর কেরালার কথা বলা হয়েছে। খুব বড় উচ্চ উচ্চ স্বরে বলা হয়েছে যে কেরালাতে এই যে আইনটি প্রয়োগ করা হয়েছে তা কেরালার অভিযানকে জয়যুক্ত করার জন্যই,—Electionএ। ভাল করেই জানা, আছে যারা চৈনিক কম্যুনিষ্টপন্থী তাদিগকে আটক রাখা হয়েছে। কেরালা, কেরালা বলে চীৎকার করা

হয়েছে, ৪০টি ছিট পেয়েছে। পূর্ব্বে ছিল ৪৪%, আজকে ২৩%। অতএব চিন্তা করতে হবে, ভাবতে হবে। আপনারাই একদিন এই সভাতে, এই House এ বলেছিলেন যে আপনারা ৫২% পেয়েছেন। তোমরা কত Percent পেয়েছ? তোমরা ততখানির অধিকারী না। তারই উত্তর দিয়ে আজ সেখানে বলা হয়েছে ৪৪% ছিল আজ সেখানে ২৩%পেয়েছেন। তারা যদি কেরালা রাজ্যের জনসাধারণের প্রতিনিধি হন তবে কেরালা রাজ্যে তাদের প্রভাব, প্রতিপত্তি, আধিপত্য কেন কমে গিয়েছে? সমাজবাদকে যারা কোতল করতে চায়, গণতন্ত্রকে যারা কোতল করতে চায় জনসাধারন তাদিগকে বরদাস্ত করতে পারে না। তারই রায় বেরিয়েছে কেরালার নির্ব্বাচনে। অতএব আজকে চিন্তা করতে হবে। ভাবার দিন এসেছে। যখনই যে কথা বলা হয় সেই কথারই উত্তরটি যখন ঠিক ঠিক ভাবে দেওয়া হয় তখন নানা-রকমের কথা বলা হয়। অতএব আমি বলবো আপনারা আপনাদের মনোভাবের সম্পূর্ণ পরিবর্ত্তন করে গণতন্ত্রকে সংরক্ষণ করার জন্য, সমাজবাদকে শক্তিশালী করার জন্য, যে দেশ সমাজবাদী দেশকে আক্রমণ করেছে, সেই দেশকে, সেই আক্রমণকে, প্রতিরোধ করার জন্য শক্তিশালীভাবে, ঐক্যবদ্ধ ভাবে অগ্রসর হয়ে যাতে আমরা দেশের শান্তি এবং স্বাধীনতা, গণতন্ত্র ও সমাজবাদকে সংরক্ষণ করতে পারি সে চেষ্টা করা উচিত।

যারা করবে তাদের defence of India Rule এ আতঙ্ক হওয়ার কোন কারণ নাই। তবে একটি কথা আছে যে ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়। অতএব সেই দিক দিয়ে যদি মনোভাব হয় তা হলে অস্বাভাবিক কিছু নয়। কাজেই দেশের integration কে শক্তিশালী করার জন্য দেশের জন-সাধারণকে আহ্বান জানাই। ভাষা সম্বন্ধে খুব বড় বড় কথা বলে চিৎকার করা হয়েছে। এখানে বলা হয়েছে যে যদি আমরা দেশের ঐক্য চাই তা হলে ভাষা সম্বন্ধে চিন্তা করতে হবে। কিন্তু ভাষার জন্য মানুষ মানুষকে হত্যা করবে তা কোন দেশে চলতে পারে না। তবে তাদের বিধানে চলতে পারে, যারা চৈনিক আক্রমণকে অতি দ্রুত এগিয়ে নিতে চায়, তাদের পক্ষে তা সম্ভব। তা তারা করতে পারে। কিন্তু ন্যায় সঙ্গত মানুষ, আইনকে যারা সম্মান করে, গণতন্ত্রকে যারা সম্মান করে তারা কখন ও নিজের হাতে নিজের ইচ্ছামত আইন গ্রহণ করতে পারেনা। কোন দেশ তা সহ্য করতে পারেনা। আমাদের অধিকার রক্ষা করার জন্য আইন সঙ্গত ভাবে আমরা আন্দোলন করব। কিন্তু আমরা যদি ঘর পুড়তে আরম্ভ করি, মানুষকে মারতে আরম্ভ করি, প্রত্যেকটি লোকের গৃহে গিয়ে অত্যাচার করতে আরম্ভ করি সে জন্য ভাষা ভাষী বলে, যারা এই ভাবে দেশের মধ্যে জনসাধারণকে বিভ্রান্ত করতে চায়, তারা কারা? এখন চিন্তা করতে হবে, ঐ চীন আক্রমণ করছে এবং সেই সন্ধিক্ষণে দেশের integration আমরা বাড়িয়ে তুলব সেই জায়গাতে দেশের জনসাধারণকে যারা বিভ্রান্ত করতে চায় তারা দেশের শান্তিকে দেশের স্বাধীনতাকে, গণতন্ত্রকে ধ্বংস করতে চায়। আমরা যদি আইনকে সম্মান না করে, শ্রদ্ধা না করে ভাষার ভিত্তি নিয়ে, সম্প্রদায়ের ভিত্তি নিয়ে, আমরা যদি দেশে মাতামাতি করি তা হলে আমরা আমাদের দেশকে বিপন্ন করব। তাই আমার অনুরোধ দেশের শান্তি সংরক্ষণের জন্য, চীনের আক্রমণকে প্রতিহত করাব জন্য, দেশের integrationকে জয়যুক্ত করার জন্য, আমরা যেন দলমত নির্ব্বিশেষে প্রতিটি লোক ঐক্যবদ্ধ হয়ে সেই আক্রমণকে রোখার জন্য দেশের জনমতকে জাগ্রত করতে পারি। আমরা চীনের জনসাধারণকে নিন্দা করছিনা। তার মতামতকে নিন্দা করছি। Aggresion কে নিন্দা করছি কারণ তারা যদি মনে করে থাকেন

Communism will spread in this Country, it is impossible, it is absurd তা কখনও ভারতবর্ষ সহ্য করবে না। সহ্য করতে পারে না। তবে যদি কেউ কল্পনা করে থাকেন চীন দেশ থেকে এটাচি করে মাও সেতুং এখানে গণতন্ত্র পাঠিয়ে দেবে এবং আপনাদের রাজত্ব কায়েম করবে তা হলে সেটা কখনও কোন দেশ, কোন জাতি সহ্য করতে পারে না, সহ্য করেনা, সহ্য করবে না। তাই আপনাদের যে কথা হল, বক্তৃতা হল, সেই বক্তৃতার মাধ্যমে আপনারা যেটাকে বাঁচিয়ে রাখতে চেষ্টা করেছিলেন তাতে আন্দাজ করে এই কথা গুলি বলা হয়েছে। এই প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এখানে বন্দীমুক্তি সম্পর্কে আলোচনা করতে এসেছি এবং আমাদের ত্রিপুরার বন্দীদের কেন আটক করা হল, তাদের কি অপরাধ তা আমরা জিজ্ঞাসা করেছিলাম। যে সব জবাব দেওয়া হয়েছিল সেগুলো কতগুলি মনগড়া কথা। যদি এই কথা-গুলিও কাগজেপত্রে দেওয়া হত, তাদের গ্রেপ্তার করা হয়েছে যে detention order এ তার মধ্যেও যদি এই কথা গুলি থাকত তা হলেও বুঝতাম তাদের বুকের পাটা আছে, তারা যা মুখে বলেন তা তারা কাগজেপত্রেও লিখতে পারেন। কিন্তু তা তারা করেননি, যে detention order দেওয়া হয়েছে তার মধ্যে তা তারা উল্লেখ করেননি যে চীন আক্রমণ করবে, চীন আক্রমণ করলে তারা তাদের সাথে হাত মিলাবে এবং সেইজন্যই গ্রেপ্তার করা হয়েছে। এত সব কথা সেখানে নেই। যদি থাকত তবে আমাদের কোন সমস্যা ছিল না। আমাদের কাছে Court খোলা ছিল, আমরা Court এ গিয়ে বুঝতে পারতাম। কিন্তু তা বলা হয়নি। বলা হয়েছে শান্তি রক্ষার জন্য। শান্তি তারা কিভাবে বিঘ্নিত করেছেন, তারা কোথায় চীনকে আক্রমন করার জন্য কি পদ্ধতি অবলম্বন করেছেন তারা যদি সে কথাটা বলতেন তাহলে বুঝতাম যে অভিযোগ স্পষ্ট করেই রাখা হয়েছে এবং সেই অভিযোগের ভিত্তিতেই তাদের আটক রাখা হয়েছে। কিন্তু সেই সমস্ত কোন কথাই সেখানে নেই। কিন্তু আমরা জানি বার বার বিধান সভার বাইরে এই সমস্ত Challenge করার পর ও তারা তার কোন সদুত্তর দিতে পারেননি এবং ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী যে একটা white paper দিবার কথা বলছিলেন শেষ পর্য্যন্ত তিনি পিছে হটে গিয়ে একটা বিবৃতি দান করে তার দায়িত্ব খালাস করলেন। গণতন্ত্রের কথা বার বার বলা হয়ে থাকে এবং গণতন্ত্রের শিক্ষা বার বার আমরা মুখ্যমন্ত্রী মহোদয়ের নিকট থেকে পেয়ে থাকি। আমি জিজ্ঞাসা করতে চাই গণতন্ত্রের আইনের কোন ধারায় এ কথা বলা আছে যে একটা মানুষকে বিনা বিচারে আটক করে রাখা হবে? কোন দেশের গণতন্ত্রে কোন নাগরিককে বিনা বিচারে আটক করে রাখে? সারা পৃথিবীর কোন দেশ থেকে একটা উদাহরণও কি দেওয়া যাবে সে সেখানে একটা নাগরিককে কোন কারণ না দর্শিয়ে মাসের পর মাস বা বৎসরের পর বৎসর আটক করে রাখা হয়? আমি রাশিয়া বা চীনের কথা বলতে চাইনি, আমি ব্রিটেনের কথা বলতে চাইনি, আমি আমেরিকার কথা বলতে চাইছি। তারা সেখানে কি বলতে পারবেন যে সেখানে একটা নাগরিককে বিনা বিচারে আটক করে রাখা হয়? তা সেখানে করা হয়না। আজকে আমরা যারা এখানে গণতন্ত্রের কথা বলি তাদের উচিত, যারা প্রতিদিন গণতন্ত্রের কথা উচ্চারণ করেন তাদের উচিত ছিল, যাদের আটক করা হয়েছে এবং যে সমস্ত অভিযোগ উত্থাপন করা হচ্ছে, এগুলি অত্যন্ত গুরুতর অভিযোগ, সেই অভিযোগ গুলি কোর্টে প্রমাণ করা এবং প্রমাণ করে তার দণ্ড শাস্তি দেওয়া। আমরা ত্রিপুরার Communist Party

নকে আক্রমণকারী বলে প্রস্তাব বহুকাল আগেই নিয়েছি। আজ নয় যখন আমাদের গ্রেপ্তার করা হয় তারও আগেই নিয়েছি। তারপর ও আমাদের গ্রেপ্তার হতে হয়েছে এবং তারপর ও আমরা চীনপন্থী বলে অভিযোগ পেয়েছি। সেই প্রস্তাবের বিরুদ্ধে আজও কেউ যাননি। কাজেই আমরা একথা বলিনি সেই প্রশ্ন আসেনা। আমরা একথা বহুবার বলে আসছি। যাদের গ্রেপ্তার করা হয়েছিল তারা যখন বাহিরে ছিলেন Defence Fund এ টাকা তারাও তুলেছেন, সে টাকা আগেও তুলেছেন—তারপর ও গ্রেপ্তার হয়েছেন এবং আজকেও আবার সেজন্য গ্রেপ্তার হল। আমি জিজ্ঞাস করতে চাই কারণটা কি? ভারত আক্রমণের বিরুদ্ধে প্রস্তাব নেওয়া হল, তারপর Defence Fund এ চাঁদাও দিলেন, তারপরও গ্রেপ্তার হলেন, তারপরও গায়ে থেকে চীনপন্থীর গন্ধ গেল না? অপরাধটা সেখানে নয় এবং তারাও জানে অপরাধটা সেখানে নয়, অপরাধটা অন্যত্র। অপরাধটা এই খানে যে আজকে ত্রিপুরায় তথা সারা ভারতবর্ষে গণবিক্ষোভ দেখা দিয়েছে, দরবৃদ্ধি, বেকারী, অনাহারী, তা নিয়ে নানাদিকে বিক্ষোভ, যেন কোন মূহুর্ত্তে ফেটে পড়তে পারে। যদি গভর্ণমেন্ট সেই বিক্ষোভকে দমন করতে না পারে তবে সেই বিক্ষোভই তাদের মৃত্যু ডেকে আনবে। কাজেই সেই বিক্ষোভকে দমন করবার জন্য, তাদের বামপন্থী আখ্যা দিয়ে, চীনপন্থী আখ্যা দিয়ে গ্রেপ্তার করা হচ্ছে। এবং তারা ভাবছিলেন যে এই ভাবে গ্রেপ্তারের পর তারা ভয়ে, ত্রাসে একেবারে বসে পড়বেন এবং তার ফলে তাদের দমন করা যাবে। কিন্তু তারা দেখেছেন যে এই করে তাদের দমন করা যায় না। কেরলে তাদের বামপন্থী বলা হয়েছে চীনপন্থী বলা হয়েছে। সেখানে বলা হয়েছে যে কমিউনিষ্ট পার্টিকে ভোট দেওয়া মানে চীনকে ভোট দেওয়া। সেখানে তাদের চীনপন্থী বলে গ্রেপ্তার করা হয়েছে। তারপরও তারা ভোটে জয়লাভ করেছে। জিজ্ঞেস করতে চাই, তা হলে ফলটা হল কি? যাদের চীনপন্থী বলা হচ্ছে, যাদের দেশদ্রোহী বলা হচ্ছে, যাদের বলা হচ্ছে চীন আক্রমণ করলে তাদের অভিনন্দন জানাবে। যখন জনসাধারণ তাদের ভোট দিয়ে নির্ব্বাচন করল তখন বুঝা যায় যে জনসাধারণ এসব কথা বিশ্বাস করে না। বিশ্বাস করে না বলেই তার জবাব তারা ভোটের বাক্সে দিয়ে দিয়েছে। যে কোন ভাবে দমন করার একটা অজুহাত এবং এই দমন করার জন্যেই তারা ওসব কথা বলে বেড়াচ্ছেন। যে অভিযোগ তারা করছেন, সেটা যদি তারা প্রমাণ করতে পারতেন তাহলে আজকে এ অবস্থা হতনা কারণ তারা জানে যে এ অভিযোগ প্রমাণ করা যাবে না। মুখ্যমন্ত্রী এখানে অনেক কথা বলেছেন—চীনকে তারা নিমন্ত্রণ করে আনবে, চীনকে তারা ফুলের মালা দেবে, ইত্যাদি। আমি শুধু এই টুকু বলতে চাই যদি আমাদের দেশের কোন মানুষ বা আমার পার্টির কোন মানুষ যদি এই সমস্ত করে থাকে যে তারা চীনকে এদেশে আনবার জন্য আমন্ত্রণ জানাচ্ছে, আমি বলি তার বিচার হোক, কোর্ট আছে বিচার হউক। এবং সেটা যদি প্রমাণিত হয় যে তারা চীনকে আমন্ত্রণ করে আনতে চাচ্ছে, চীন ভারতবর্ষ আক্রমণ করলে তারা ফুলের মালা দিয়ে অভিনন্দন জানাবে, বিচারে তাদের জেল হোক্ ফাঁসি হোক্, সেটা আমি মানতে রাজী আছি। কিন্তু তা না করে কতগুলি ছঁদো কথা বলে অভিযোগ আনলে যে প্রমাণিত হয় না, তার জবাব কেরালার মানুষ দিয়ে দিয়েছে, এবং এইটা Ruling Partyর বুঝা উচিৎ যে দমন করে কোন আদর্শকে স্তব্ধ করে দেওয়া যায় না। বরং সেটা আরো বিস্তার লাভ করে। আজ যদি কমিউনিষ্ট পার্টির মধ্যে ভাঙন ধরে থাকে সেটা আদর্শগত প্রশ্ন, এবং সেই আদর্শগত প্রশ্নের লড়াই এর সুযোগ দেওয়া উচিৎ। পুলিশের অত্যাচার চালিয়ে, বা বিনা বিচারে আটক করে সে আদর্শকে বন্ধ করে দেওয়া যাবে না। আজকে একথা বলা হয়নি যে বামপন্থীর যে

মতবাদ সেটা খারাপ, মাও সেতুং যে আদর্শ বহন করছে সেটা খারাপ, সে আদর্শ বেয়াইনী, সে আদর্শ বেয়াইনী তা বলা হয়নি ? তা যদি বলা না হয়ে থাকে তা হলে সেই Party করার অধিকার আমার আছে সে অধিকার আমি ভোগ করতে পারি। আজকে আমার যে আদর্শ, আমার যে মতবাদ সেটা প্রচার করার সম্পূর্ণ গণতান্ত্রিক অধিকার আমার থাক্‌বে। আজকে যদি একথা বলা হয় যে কমিউনিষ্ট পার্টির মধ্যে যে দুইটি মতবাদ, সে মতবাদের একটি অংশ ভারতবর্ষে প্রচার করতে দেবনা তাহলে সে প্রশ্ন আসে। সুতরাং সে মতবাদকে যখন বে আইনী করা হচ্ছে না, সে মতবাদকে প্রচার করার সম্পূর্ণ সুযোগ যখন আমি দিচ্ছি তখন সেখানে একথা বলার কোন অর্থ নেই যে বামপন্থী যারা হবে তাদের আমরা পার্টি করার সুযোগ দেব না, তারা প্রচার করতে পারবে না এই সমস্ত কথার কোন অর্থ আমি খুঁজে পাই না। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি শুধু একটি কথা বলতে চাই যে আজকে ত্রিপুরায় বহু লোককে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু আমি দেখছি আজকে ত্রিপুরাতে কালোবাজারী করার অপরাধে একটি লোককেও গ্রেপ্তার করা হয়নি। তাহলে আমাকে কি এ কথা বুঝতে হবে যে আজকে ত্রিপুরা তে কোন কালোবাজারী নেই সেটা কোন কথা নয়। আমরা জানি যে আমাদের এখানে প্রচুর কালোবাজারী, তাদের বেলায় ভারতরক্ষা নাই, আছে কমিউনিষ্টদের বেলায়। কাজেই আমি একথা বলতে চাই যে বিনা বিচারে আটক করে রাখা একটা কাপুরুষোচিত এবং ভীরু ব্যপার। যারা দুর্ব্বল, যারা Coward, যারা নির্লজ্জ তারাই একটা মানুষকে এইভাবে বিনা বিচারে আটক করে রাখতে পারে।

Mr. Speaker :— House stands adjourned till 15th March, 1965.

APPENDIX— 'A'

TRIPURA LEGISLATIVE ASSEMBLY

UNSTARRED QUESTION NO. 55

BY SHRI SUNIL KUMAR CHOUDHUR, M. L. A.

QUESTIONS	REPLY
a) Total namber of Govt. employees whose services had been terminated during last 3 years under Rule 5 of Service Conduct, Rules ;	a) 113.
b) A Deptt. wise break-up of the number ;	b) As per statement.
c) Names of the employees who appealed against such termination of services ;	c) The Chief Commissioner of his own motion or otherwise may, under rule 5 A of the said Rules, re-open such cases after calling for the records of the case and considers 37 employees as mentioned in the statement attachad submitted re-presentations against the notice given by the respective appointing authority terminating their service under rule 5 of the said rules.
d) Whether these appeals had been heard and decision taken ;	d) Out of 37 representations as mentioned in the statement enclosed, 28 have been heard and decision taken. 9 cases are still under consideration.

Statement

Department-wise break-up of number of Govt. employees whose services have been terminated under Rule 5 of C. C. S. (T. S.) Rules, 1949.

Department		
Department of Co-operation.	—	5
Statisticol Department.	—	2
Forest Department.	—	5
Collectorate of Excise.	—	1
A. D. M. (Food).	—	7
Public Works Department.	—	5
Settlement Office.	—	1
Directorate of Fire Services.	—	2
Rublic Relation Office.	—	1
Police Department.	—	23
Medical & Public Health Department	—	17
Jail Department.	—	1
Rehabilitation Department.	—	4
A. D M. (Tribal Welfare).	—	6
Agriculture Department.	—	2
Labour Department.	—	2
Industries Department.	—	4
Education Department.	—	17
District Administration.	—	7
Development Deptt (Tribal Welfare).	—	1
		113

NAMES OF GOVT. EMPLOYEES WHO SUBMITTED REPRESENTATIONS AGAINST SUCH TERMINATION OF SERVICES.

No.	Name	Department
1.	Shri Santi Bhusan Bardhan,	Co Operative Department.
2.	Shri Monomohan Deb Barma	Statistical Department
3.	Shri Sunil Kr. Gupta	
4	Shri Gouranga Ch. Das,	C. F. O's Officer.
5.	Shri Kumud Das.	
6.	Shri Rabindra Lal Mazumder,	Officer of the Collector of Excise.
7.	Shri S. N. Saha, Assistant Engineer	P. W. Deparment.
8	Shri R R. Bhattacherjee, Assistant Engineer,	
9.	Shri Satya R Chakraborty, L. D. C.	

10. Shri Chittaranjan Banik, Settlement Office.
11. Md Kala Khan, Director of Fire Services.
12. Shri Amalendu Dutta, Public Relation Office,

13. Shri Achambit Prasad Singh, Constable No. 51 | Police Department.
14. Shri Samir Kumar Roy, Constable No. 193 |

15. Smti Sova Dutta, Late an auxilliary Nurse Cum Mid-wife. | Director of Health Services.
16. Shri Santosh Ranjan Sengnpta, Late a compounder,
17. Shri Bhabatosh Sen, Late an U D. Assistant.
18. Shri Balaram Bhowmik, Late a Talua (Class IV staff)
19. Shri Bijoy Krishna Halder, a Late compounder,

20. Shri Santi Bhusan Barman, Rehabilitation Department.

21 Shri Pran Gopal Saha, Amin (Tribal Welfare) | A. D. M. & Collector Tribal Welfare Section,
22. Shri Sachindra Chakraborty, Amin (Tribal Welfare)
23. Sri Bikram Bahadur Jamatia, Supervisor, M. T. Coloney

24, Shri Brajendra Bhattacharjee, Tractor Driver, Department of Agriculture.
25. Shri Abani Mohan Debnath, Organiser Cum Instractor, Department of Labour.
26. Smti. Sudeshna Debi, Skilled Worker (weaving), Industries Department.

27. Shri Naresh Chakraborty, Assistant Teacher, | Education Department.
28. Shri Sitanath Mandal, Teacher.
29. Smti Indira Ghose, Teacher.
30. Shri Moti Lal Dey, (Class IV employee).
31. Shri Bijoy Krishna Sarma, S. E. W.
32. Shri Usharanjan Choudhury, Teacher.
33. Shri Chittaranjan Sarkar, Teacher.

34. Shri Nani Gopal Banik, Ex-Peon. | District Administration
35 Shri Haripada Bhadra, Ex-Driver.
36. Shri Suresh Chandra Roy Barman, Ex Surveyor.

37, Shri Rathindra Kumar Das Gupta, Asst. Tribal Welfare Officer. Development Department, Tribal Welfare.

Unstarrgd Question No. 106 ;— asked by Shri Birchandra Deb Barma.

QUESTION	ANSWER
a) Whether special Police establishment has made any investigation in the works done by P. W. D. at Kunjaban Township ?	Yes.
b) Whether Mr. Shib Sankar and S K. Deb were among the officers whe made these investigation ?	Yes.
c) If so, what the complaint against the P. W. D. which were investigated ;	The special Police Establiishment held secret enquiry This Govt has no knowlodge yet about the complaint.
d) The result of the investigation made ;	Not yet known to this Govt.
e) Names of the employees aud contractors who are involved ?	No investigation report has yet been received from S R E and as such the employees concerned are not known to this Govt. as yet. As regards contractors the S R E investigated the works done by Shri B. Majumder and Shri U. R. Dhar.

Unstarred Question No. 81. :— asked by Sri Nripendra Chakborti.

QUESTION	ANSWER
a) Whether pay and allowances of Shri Naresh Ch. Saha, a T. G. S. Officer, have been withheld ,	Yes,

b) If so, under what rule that has been done ,	He proceded on Earned leave for 35 days w. e. f. 2-3-1962. On the expiry of the leave he neither resumed his duties nor applied for extension of leave. So, A. G. Assam & Nagaland has stopped unauthorised drawal of pay and allowances by Shri Saha,
c) Whether any proceding has been drawn against this officer ;	Yes.
d) If so, whether the Enquiry authority has submitted its report ;	Yes,
e) If so, the details thereof ;	Details cannot be disclosed at this stage in public interest,